১৬ পাতার সংখ্যা
দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

www.karmosangsthan.com

Vol. 36 ■ Issue No. 3 ■ 21st January 2023 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

সরকার স্বীকৃত কোর্সে ভর্তি চলছে
○Medical Laboratory Technician (DMLT)
○OT Technician (DOT) ○Yoga Therapist
○Advance G.D.A. ICCU Nursing
○Phlebotomist (Blood Collector)
Job Assistance
N.S.D.C Accredited 'A' Grade Institute
Cont. SSMT 24 G.C. Bose Road, Kol-14, Entally 9231520480

## কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার মাল্টি টাস্কিং স্টাফ

মাধ্যমিক ছেলেমেয়ের জন্য

নিজস্ব সংবাদদাতা : কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ বা, অফিসে কাজের জন্য 'মাল্টি টাস্কিং (নন-টেকনিক্যাল) স্টাফ' পদে কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। চাকরি হবে জেনারেল সেন্ট্রাল সার্ভিস 'গ্রুপ-সি' নন-গেজেটেড নন মিনিস্ট্রিয়াল পদে। স্টাফ সিলেকশন কমিশন সূত্রে জানা গেছে, এই পদে প্রায় ৬ হাজারের বেশি শূন্যপদ পূরণ হবে। শূন্যপদের সঠিক সংখ্যা পরে জানানো হবে।

মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-১-২০২৩'র হিসাবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে, অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৯৮ থেকে ১-১-২০০৫'এর মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) এরপর ৪ পাতায়

ICE Academy
WBCS •Combined
PSC-JE (CE-ME-EE)
ANM/GNM কোচিং
Online ও Classroom
নতুন ব্যাচে ভর্তি চলছে
9804412898
7044517509

রাজ্যের সরকারি হাসপাতালে ANM, GNM কোর্সে

## ১০ হাজার ছেলেমেয়েকে নার্সিং ট্রেনিং দিয়ে চাকরি

উচ্চমাধ্যমিক ছেলেমেয়ের জন্য

নিজস্ব প্রতিনিধি : পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের অধীন রাজ্যের বিভিন্ন নার্সিং ট্রেনিং স্কুলে প্রায় ১০ হাজার সীটে 'অক্সিলিয়ারি নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (এ.এন.এম.)' ও 'জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (জি.এন.এম.)' কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু হয়েছে। এই এন্ট্রান্স টেস্টে সফল হলে মেধা তালিকা তৈরি হবে। তারপর ইন্টারভিউ, গ্রুপ ডিসকাশন ও এরপর ৫ পাতায়

Admission 2022-23
GNM
₹ 2,50,000
B.SC. Nursing
₹ 3,50,000
Nilachal Institute of Nursing & Health Sciences
বেথুয়াডহরী, নদীয়া
7363811008, 8906873584

সি.আই.এস.এফ'এ

## ৪৫১ ড্রাইভার, অপারেটর

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র মন্ত্রকের অধীন সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স 'ড্রাইভার / কনস্টেবল (ড্রাইভার)' ও 'ড্রাইভার কাম-পাম্প অপারেটর/কনস্টেবল (ডি.সি.পি.ও.)' পদে ৪৫১ জন ছেলে নিচ্ছে।

**শিক্ষাগত যোগ্যতা** : মাধ্যমিক এরপর ৮ পাতায়

৩৮টি অস্ত্র তৈরির কারখানায়

## ৫,৪৫০ অ্যাপ্রেন্টিস ট্রেনি

নিজস্ব সংবাদদাতা, নাগপুর : কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন পশ্চিমবঙ্গ-সহ দেশের ৩৮টি অস্ত্র তৈরির কারখানা 'ট্রেড অ্যাপ্রেন্টিস' হিসাবে ৫,৪৫০ জন ছেলেমেয়েকে ট্রেনিং দিচ্ছে। এটি ৫৭তম ব্যাচের ট্রেনিং। এবার প্রার্থী বাছাই করবে যন্ত্র ইন্ডিয়া লিমিটেড (YIL).

**শিক্ষাগত যোগ্যতা** : অঙ্ক ও বিজ্ঞান অন্যতম বিষয় হিসাবে নিয়ে মাধ্যমিক পাশ ছেলেরা এই দুই বিষয়ের প্রতিটিতে ৪০% ও মাধ্যমিকে মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে এরপর ৭ পাতায়

## ইন্টেলিজেন্স ব্যুরোয় ১,৬৭৫

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র মন্ত্রকের অধীন ইন্টেলিজেন্স ব্যুরো 'সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট /এক্সিকিউটিভ' ও 'মাল্টি টাস্কিং স্টাফ (জেনারেল)' পদে ১,৬৭১ জন ছেলেমেয়ে নেওয়ার জন্য গত বছর নভেম্বর মাস নাগাদ বিজ্ঞপ্তি বেরিয়েছিল। কিন্তু প্রশাসনিক কারণে ওই বিজ্ঞপ্তি বাতিল করা হয়। নতুন করে ওই দুই পদে আবার দরখাস্ত নেওয়া শুরু হয়েছে। শূন্যপদ বেড়ে হয়েছে ১,৬৭৫টি। কারা কোন পদের জন্য যোগ্য :

**শিক্ষাগত যোগ্যতা** : মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। ইন্টেলিজেন্সের কাজে অভিজ্ঞতা থাকলে ভালো হয়। যে কেন্দ্রের শূন্যপদের জন্য এরপর ২ পাতায়

কলকাতা আন্তর্জাতিক পুস্তক মেলা স্টল নং: ৪৮৭, গেট নং-১
A.N.M (R) & G.N.M Guide Book
7700+ MCQ Category-1 & Category-2
JENPAS - UG অধ্যায়ভিত্তিক আলোচনা ও 14000+ Chapterwise MCQ
জেনারেল নলেজ এনসাইক্লোপিডিয়া - 2023
জেনারেল নলেজ 22000+ MCQ 2023
WBCS প্রিলিমিনারী প্র্যাকটিস সেট 25 Sets
INDIAN POLITY & CONSTITUTION ENCYCLOPEDIA (English Version)
Chapterwise Solved Pre. Years' Exam Questions upto 2022
তপতী® পাবলিশার্স
৯/৪ টেমার লেন, কোলকাতা-০৯ e.mail: tapatipublishers@gmail.com
Our Books Now Available on Amazon and Flipkart Follow us on

অঙ্গনওয়াড়ী কর্মী ও গ্রামসেবিকা (মডেল প্রশ্নোত্তর)
ভারতীয় সংবিধান ও রাজনীতি 6000+ MCQ (With Explanation)
WBCS (MAINS) আবশ্যিক পত্র বাংলা ও ইংরাজি 68 Practice set
MISSION I'MPOSSIBLE Mock Test Series for WBCS Exam. (Preli.) 89 Set
English Version (With Explanation)
ইতিহাস MCQ (8000+) - 2023
বিগত পরীক্ষার অধ্যায়ভিত্তিক MCQ প্রশ্নের সমাধান
EPH EDVICON® PUBLISHING HOUSE
9/4 Tamer Lane, Kolkata - 700 009 // E.mail: edviconpublishing@gmail.com
Our Books Now Available on Amazon and Flipkart

## জীবনবিমায় ৩০০ অফিসার

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : ভারতীয় জীবনবিমা নিগম 'অ্যাসিস্ট্যান্ট অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার (জেনারেলিস্ট)' পদে ৩০০ জন ছেলেমেয়ে নিচ্ছে।

**শিক্ষাগত যোগ্যতা** : যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন।

**বয়স** : বয়স হতে হবে ১-১-২০২৩'র হিসাবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ এরপর ৭ পাতায়

৮ বাহিনীর
লিখিত পরীক্ষায় কৃতীদের দিয়ে তৈরি মডেল প্রশ্নোত্তর (পুরো ব্যাখ্যা সহ) পেতে যোগাযোগ করুন এই নম্বরে :
9830624170

ভেতরের পাতায় : ৮ কেন্দ্রীয় বাহিনীর কনস্টেবল পদের পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
■ নানান চাকরির পরীক্ষার জিজ্ঞাসার উত্তর ও গাইড

## জীবনবিমায় এজেন্ট

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : জীবনবিমা নিগমের কলকাতা পূর্বাঞ্চলের অফিস মাসিক স্টাইপেন্ড দিয়ে 'কেরিয়ার এজেন্ট' পদে কিছু তরুণ-তরুণী নিচ্ছে। এরপর ৫ পাতায়

## আর্মিতে ১৮৯ টেক. অফিসার

নিজস্ব সংবাদদাতা, নিউদিল্লি : ভারতীয় স্থলবাহিনী শর্ট সার্ভিস কমিশনে 'টেকনিক্যাল গ্র্যাজুয়েট কোর্সে' অফিসার পদে ১৮৯ জন অবিবাহিত ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন শাখার জন্য যোগ্য :

**শিক্ষাগত যোগ্যতা** : সিভিল, এরপর ৫ পাতায়

West Bengal Minorities' Development and Finance Corporation
(Amber, DD-27/E, Sector-1, Salt Lake City, Kolkata- 700064)
NOTICE
Interested candidates may apply online for
Job Fair
to be held at
Milan Utsav, 2023
at Park Circus Maidan.
Apply Online from 12th January to 24th January, 2023
For details, please visit www.wbmdfc.org
Toll Free Helpline : 1800-120-2130
Contact No : 7318855024 / 9641708008
9038506070 / 9163376700 / 9007469019
Note: Only screened candidates matching with corporates' profile will be called for Interview.

## প্রাইমারির ইন্টারভিউ সংক্রান্ত তথ্য

### ৫ম পর্যায়ের ইন্টারভিউয়ের তারিখ ঘোষণা হল

নিজস্ব সংবাদদাতা কলকাতা : প্রাথমিকের প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ পর্যায়ের ইন্টারভিউয়ের পর পঞ্চম পর্যায়ের ইন্টারভিউয়ের তারিখ ঘোষণা করল পশ্চিমবঙ্গ এরপর ৭ পাতায়

### 'সি-টেট' পাশদের দরখাস্ত নেওয়া শুরু

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : কেন্দ্রীয় সরকারের সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশনের নেওয়া 'সি-টেট' পরীক্ষায় পাশ করা প্রার্থীদের থেকে প্রাইমারি এরপর ৭ পাতায়

### 'টেট'এর অ্যান্সার কী প্রকাশ হল

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের নেওয়া ২০২২ সালের প্রাইমারি 'টেট'এর যে পরীক্ষা গত বছর ১১ ডিসেম্বর হয়েছিল, তার উত্তরপত্র এরপর ৩ পাতায়

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন, কলকাতা - ৭০০ ০১৯
হেল্প লাইন
✆ : ৯৮৩০৬২৪১৭০
ফ্যাক্স নং : ২৪৬৭-৮২৩৩
নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স, আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩

## স্কুল-কলেজ-শিক্ষা

ফিজিওথেরাপী, অপ্টোমেট্রি, নার্সিং, ECG, X-Ray কোর্সে ভর্তি চলছে। CBMC – 8697893849, 32, Surya Sen Street, Kolkata-9 □ CM

## স্কুল-কলেজ-শিক্ষা

ভর্তি Form Fill up থেকে পাশ পর্যন্ত সবরকম গাইড করা হয় UGC স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে BA, BSc, MA, MSc, B.Ed, লাইব্রেরি সায়েন্স, MBA, MCA-সহ যে কোনো কোর্স। Bright Future : বর্ধমান, আরামবাগ - 8373010007, 9932233506 □ S

ভর্তি চলছে (JAN '23 to DEC '23, SAT) সেশন
**বঙ্গীয় বিজ্ঞান পরিষদ**
ডিপ্লোমা ইন ফিজিওথেরাপী অ্যান্ড যোগথেরাপী (১ বছর, যোগ্যতা- মাধ্যমিক) যোগাযোগ : কর্মসচিব, পি-২৩, রাজা রাজকৃষ্ণ স্ট্রীট, কল-৬ 9163927421, 6291648608 □ SH

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## স্কুল-কলেজ-শিক্ষা

**D.PHARMA**
Govt. of WB & PCI regd. W.B. কলেজে সরাসরি ২০২২-২৪ সেশানে স্বল্প খরচে ভর্তির জন্য। M: 7001020536 □ SH

**২৪ বছরের প্রতিষ্ঠান MRIT**
শ্রীরামপুরে MBBS ডাক্তার, B.Sc এবং GNM নার্স দ্বারা পরিচালিত ANM নার্সিং ট্রেনিং (হাসপাতালে প্র্যাক্টিক্যাল) এছাড়াও DMLT (প্যাথলজি) ECG / X-Ray, DPT (ফিজিওথেরাপি) কোর্সে ভর্তি চলছে। শিক্ষান্তে কাজের সুযোগ। M-9231839309. □ R

**মাসিক মাহিনায় কোচিং**
Math ও Eng. চ্যাপ্টার ধরে করানো হয়। WBCS, CGL, SLST(PT) & Others. Kolkata (কলেজ স্ট্রীট), চুঁচুড়া, মগরা। M : 9073447917 □ SH

**URGENT VACANCY**
Vacancy for the posts of NTT, PRT, TGT, PGT for **Gurukul Sr.Sec. School Samastipur Bihar**
Salary 8000 to 25000 with Accomodation.
Candidates are requested to submit your resume at **guruminesh@gmail.com careernetdls@gmail.com**
For more enquiry contact **9771436191 9934140469 9905563008 8969492345**

## কর্মখালি

**কোল ইন্ডিয়ায় চাকরি**
সরকারী অফিসে বেসরকারীভাবে উচ্চ বেতনে (কোল ইন্ডিয়া) স্থায়ী পদে (H.S.) ক্লার্ক M/F নেওয়া হবে (20-30 বছর)। S.M.S করুন। এজেন্ট অগ্রগণ্য। 7603087604 □ MS

**JIO/D2H/TATA Paly**
কাস্টমার কেয়ারে (10-6pm) বিভিন্ন জেলা থেকে 156 জন (HS-MA) অভিজ্ঞ /অনভিজ্ঞ M/F নিয়োগ চলছে। বেতন 18,700-48,700+PF+ESI.উর্দ্ধঃ24 পরঃ 9007643515, 9330835785. □ R

**আর্জেন্ট ভ্যাকান্সি বিনা ডোনেশনে**
100% জবে গ্যারান্টি। গভঃ কন্ট্রাক্টরের অধীনে উঃবঙ্গ সহ দক্ষিণ বঙ্গে প্রত্যেকটি জেলায় P.V.T ব্যাঙ্ক (D.S.A) ও এয়ারপোর্টে যোগ্যতা অনুযায়ী সরাসরি নিয়োগ চলছে, যোগ্যতা :৮ম/স্নাতক, বেতন : ১৭,৭৭২-৫৫,০০০। P.F., E.S.I, OT বোনাস ও থাকা খাওয়ার সু-ব্যবস্থা থাকবে। এক্স আর্মিদের সরাসরি নিয়োগ চলছে। 7384115087 □ SA

## কর্মখালি

**ব্যাঙ্কে Urgent Vacancy**
বিনা ডোনেশনে অনলাইন-এর মাধ্যমে সরাসরি নিয়োগ। ব্যাঙ্কে M/F চাই। যোগ্যতা : ৮ম-স্নাতক। Salary : 18,500–45,500/-. বিস্তারিত জানতে সত্বর যোগাযোগ করুন M : 9046463297 □ SA

প্রাইভেট ব্যাঙ্কে স্থায়ী জব — Age: 18-35, HS & Graduate. Salary :14k-22K. নিজ এলাকা। হাওড়া-হুগলি : 9477762102, বনগাঁ-শিয়ালদহ : 9477762101 নৈহাটি-কল্যাণী : 7044520278 □ R

**সুবর্ণ সুযোগ**
সরকারি/বেসরকারি হাসপাতালে স্থায়ী চাকুরির সুযোগ। নার্স/আয়া/Tech/Non tech/ Executive Post. পদ : যোগ্যতা অনুযায়ী, বেতন : 17,900–49,800. যোগাযোগ : 9733475624. GNM/ANM-দের সুবিধা আছে। □ SA

**Urgent Vacancy 2023**
ব্যাঙ্ক DSA-তে স্থায়ী ৩৪৫ জন কর্মী নিয়োগ। যোগ্যতা : অষ্টম থেকে স্নাতক। বেতন : ১৮,৫০০ থেকে ৩৫,৫০০, বিশদে জানতে যোগাযোগ করুন -9046463176 □ SA

## কর্মখালি

**সরাসরি নিয়োগ**
প্রতিটি জেলায় গার্ড, SV, ইনচার্জ, ওয়ার্ডবয়, পিওন, অফিসবয়, ক্লার্ক, ATM গার্ড চাই। বেতন: 13500–22500. M : 8961921488 □ SA

**জাহাজ ও ডকে স্থায়ী জব**
পঃ বাংলার বিভিন্ন প্রান্তের কর্মপ্রার্থীদের পঃ বাংলার মধ্যে যোগ্যতানুযায়ী বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে নিয়োগ করানো হচ্ছে। Age : 18–38, ৮ম-স্নাতক, Salary : 23,720/-–47,950/-. থাকা, খাওয়া-সহ ছুটি, বোনাস, ESI, PF, অন্যান্য। 3 মাস 13 দিন কাজ করার পর 26 দিনের ছুটি, with Salary সহ কর্মপ্রার্থীরা অতি শীঘ্রই যোগাযোগ করুন। 7384380111 □ SA

**নিয়োগ সমাচার**
মিটার রিডিং ও অফিসিয়াল পদে জেলাভিত্তিক M/F নিয়োগ চলছে। যোগ্যতা : ৮ম-স্নাতক। বেতন : 16,200– 42,700। Ex-Army-দের বিশেষ সুযোগ। Mob : 8537948389 □ SA

**দরখাস্ত পাঠানোর আগে ফর্ম-সহ যাবতীয় প্রমাণপত্রের এক কপি জেরক্স নিজের কাছে রেখে দেবেন।**

## কর্মখালি

**BANK–AIRPORT**
Govt. Reg.No.-1231; পঃবঙ্গ-সহ উঃবঙ্গের প্রতিটি জেলায় বিনা ডোনেশনে M/F নিয়োগ চলছে। (৮ম-স্নাতক)। বেতন (17000–46000), PF, ESI, BONUS-সহ থাকা-খাওয়া ফ্রি। Ex-Army দের বিশেষ সুবিধা। M : 9433632143 □ SA

**প্রাইভেট ব্যাঙ্ক জব স্পট জয়েনিং 2023**
Govt. LC–BDBL-304, নিজের জেলায় যোগ্যতা অনুযায়ী প্রাইভেট ব্যাঙ্কে পার্মানেন্ট চাকরি। মোট 180 জন ছেলে ও মেয়ে প্রয়োজন। বেতন : 21,600–43,300। যোগ্যতা - ৮ম পাশ। বয়স - 17–43, বোনাস, PF, ESI, প্রমোশন। SC, ST, OBC কার্ডসুবিধা। M : 8293482267 □ SA

**প্রাঃ ব্যাঙ্কে স্থায়ী জব**
L.C No- WB53K76 পঃ বাংলার 23টি জেলায় Pvt. Bank DSA-তে Back Office এছাড়া যোগ্যতানুযায়ী অন্যান্য পদে ও বিভিন্ন salary-তে 53 জন M/F কে জেলাভিত্তিক নিয়োগ করানো হচ্ছে। বেতন : 17670/-–29650/ ছুটি, বোনাস, ESI, PF অন্যান্য। M : 7602853222 □ SA

## দোহাই, আর ঠকবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। তার জন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। এছাড়া পাঠাবেন এই ঠিকানায় : সি.আই.ডি. বিভাগ, ভবানী ভবন, আলিপুর, কলকাতা-২৭। কলকাতার সংস্থা হলে এই ঠিকানায় : ডি.সি., ডি.ডি. - ১, লালবাজার, ১৮, লালবাজার স্ট্রিট, কলকাতা-১। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, **কর্মসংস্থান**

**★NURSE চাই-**
যোগ্যতা : ন্যূনতম মাধ্যমিক পাস (কাজ জানা না থাকলে শিখিয়ে নেওয়া হবে।)
**★GNM PASS NURSE চাই-**
যোগাযোগ : জীবনদীপ নার্সিংহোম এণ্ড আই হসপিটাল
আরাইল, কলগাঁ, ২৪ পঃ (উঃ), 03215-232001 / 232002, (M) 7431037704

## বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনী সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।

— সম্পাদক, **কর্মসংস্থান**

## ইন্টেলিজেন্স ব্যুরোয় ১,৬৭৫

১ পাতার পর

দরখাস্ত করবেন, সেখানকার স্থানীয় ভাষায় জ্ঞান থাকতে হবে।

**বয়স** : বয়স হতে হবে সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট /এক্সিকিউটিভ পদের বেলায় ১০-২-২০২৩'র হিসাবে ২৭ বছরের মধ্যে আর মাল্টি টাস্কিং স্টাফ (জেনারেল) পদের বেলায় ১০-২-২০২৩'এর হিসাবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট /এক্সিকিউটিভ পদের বেলায় ২১,৭০০-৬৯,১০০ টাকা আর মাল্টি টাস্কিং স্টাফ/জেনারেল পদের বেলায় ১৮,০০০-৫৬,৯০০ টাকা।

**শূন্যপদ** : ১,৬৭৫টি (সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট /এক্সিকিউটিভ পদে ১,৫২৫টি ও মাল্টি টাস্কিং স্টাফ পদে ১৫০টি)।

কলকাতা (স্থানীয় ভাষায় বাংলা, শিলহেতি) সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট /এক্সিকিউটিভ পদে ৮৫টি (জেনাঃ ৩১, ও.বি.সি. ১৯, তঃজাঃ ১৯, তঃউঃজাঃ ৭, ই.ডব্লু.এস. ৯)। মাল্টি টাস্কিং স্টাফ/জেনারেল পদে ৫টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)।

পটনা (স্থানীয় ভাষায় হিন্দি) সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট /এক্সিকিউটিভ পদে ৪৪টি (জেনাঃ ৩২, ও.বি.সি. ৩, তঃজাঃ ৬, ই.ডব্লু.এস. ৩)। মাল্টি টাস্কিং স্টাফ/জেনারেল পদে ৩টি (জেনাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)।

রাঁচী (স্থানীয় ভাষায় সাঁওতালি, হো, মুন্ডি, ওরাও, কুরুক, খড়িয়া, খোরথা, নাগপুরী, কুড়মালি ও পঞ্চপরগনিয়া) সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট /এক্সিকিউটিভ পদে ১৩টি (জেনাঃ ৭, ও.বি.সি. ১, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। মাল্টি টাস্কিং স্টাফ/জেনারেল পদে ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)।

শিলং (স্থানীয় ভাষায় বাংলা, আসামীজ, খাসি, গাড়ো, নেপালী, রাজবংশী) সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট /এক্সিকিউটিভ পদে ২০টি (জেনাঃ ১২, ও.বি.সি. ২, তঃউঃজাঃ ৪, ই.ডব্লু.এস. ২)। মাল্টি টাস্কিং স্টাফ/জেনারেল পদে ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)।

আগরতলা (স্থানীয় ভাষায় বাংলা, কাউব্রু, কোকবোরক, মেইটেই, লুসাই) সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট /এক্সিকিউটিভ পদে ১১টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, তঃউঃজাঃ ৪, ই.ডব্লু.এস. ১)। মাল্টি টাস্কিং স্টাফ/জেনারেল পদে ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)।

ভুবনেশ্বর (স্থানীয় ভাষায় ওড়িয়া) সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট /এক্সিকিউটিভ পদে ১১টি (জেনাঃ ৭, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। মাল্টি টাস্কিং স্টাফ/জেনারেল পদে ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)।

গ্যাংটক (স্থানীয় ভাষায় নেপালী, ভুটিয়া, লেপচা, তিব্বতী) সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট /এক্সিকিউটিভ পদে ১১টি (জেনাঃ ৭, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ১)। মাল্টি টাস্কিং স্টাফ/জেনারেল পদে ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)।

গুয়াহাটি (স্থানীয় ভাষায় বাংলা, শিলহেতী, আসামীজ, বোরো, দিমাসা, কুকি, নেপালী, গাড়ো, সাঁওতালি, রাজবংশী, মণিপুরি, খাসি) সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট /এক্সিকিউটিভ পদে ৪২টি (জেনাঃ ২০, ও.বি.সি. ১২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ৪, ই.ডব্লু.এস. ৫)। মাল্টি টাস্কিং স্টাফ/জেনারেল পদে ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)।

শিলিগুড়ি (স্থানীয় ভাষা বাংলা, নেপালী, রাজবংশী, বড়ো) সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট /এক্সিকিউটিভ পদে ১০টি (জেনাঃ ৪, ও.বি.সি. ১, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১)। মাল্টি টাস্কিং স্টাফ/জেনারেল পদে ১টি (জেনাঃ)।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। ৩টি টায়ারে পরীক্ষা হবে। টায়ার-।'এ ১০০ নম্বরের ১ ঘন্টার পরীক্ষায় প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস - ২০টি প্রশ্ন, (২) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউট - ২০টি প্রশ্ন, (৩) নিউমেরিক্যাল / অ্যানালিটিক্যাল / লজিক্যাল এবিলিটি অ্যান্ড রিজনিং -২০টি প্রশ্ন, (৪) ইংলিশ ল্যাঙ্গোয়েজ -২০টি প্রশ্ন, (৫) জেনারেল স্টাডিজ - ২০টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে।

টায়ার-।।'এ ডেসক্রিপ্টিভ টাইপের পার্টে ৪০ নম্বরের ১ ঘন্টার পরীক্ষায় ৫০০ শব্দের মধ্যে সংশ্লিষ্ট ভাষা (স্থানীয় ভাষা) থেকে ইংরিজিতে অনুবাদ করতে হবে। এই পেপারে কোয়ালিফাই নম্বর পেতে হবে। এরপর সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট/এক্সিকিউটিভ পদের বেলায় ১০ নম্বরের স্পোকেন এবিলিটি টেস্ট থাকবে।

সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট /এক্সিকিউটিভ পদের বেলায় ৫০ (৪০+১০) নম্বরের মধ্যে ২০ নম্বর আর মাল্টি টাস্কিং স্টাফ পদের বেলায় ৪০ নম্বরের মধ্যে ১৬ নম্বর পেতে হবে।

টায়ার-।।।-তে থাকবে ৫০ নম্বরের ইন্টারভিউ /পার্সোন্যালিটি টেস্ট।

দরখাস্ত করবেন অনলাইনে, ২১ জানুয়ারি থেকে ১০ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.mha.gov.in, www.ncs.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ জেনারেল, ই.ডব্লু.এস. আর ও.বি.সি. সম্প্রদায়ের ছেলেদের জন্য ৫০০ টাকা আর অন্যান্য সব ক্যাটেগরির বেলায় ৪৫০ টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, নেট ব্যাঙ্কিং, ইউ.পি.আই. কিংবা এস.বি.আই. চালানে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য ওয়েবসাইটেই পাবেন।

# রেল ট্রান্সপোর্ট ম্যানেজমেন্টের ডিপ্লোমা কোর্সে ভরতি

**সৈকত হালদার, নয়া দিল্লি :** ইনস্টিটিউট অফ রেল ট্রান্সপোর্ট অনলাইনে এই ৪টি ডিপ্লোমা কোর্সে ভরতি নিচ্ছে : (১) ট্রান্সপোর্ট ইকনমিক্স অ্যান্ড ম্যানেজমেন্ট, (২) মাল্টিমোডাল ট্রান্সপোর্ট (কন্টিনেরাইজেশন) অ্যান্ড লজিস্টিক্স ম্যানেজমেন্ট, (৩) রেল ট্রান্সপোর্ট অ্যান্ড ম্যানেজমেন্ট ও (৪) পোর্ট ডেভেলপমেন্ট অ্যান্ড ম্যানেজমেন্ট। প্রথম ৩টি কোর্সের ফী ৮ হাজার টাকা ও শেষ কোর্সটির ফী ১০ হাজার টাকা।

যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যে কোনো শাখায় ডিগ্রি কোর্স পাশ বা, ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশ প্রার্থীরা ভরতির জন্য আবেদন করতে পারেন। সরকারি কর্মী / আর্মড সার্ভিস পার্সোন্যাল (কর্মরত বা অবসরপ্রাপ্তরা) সিনিয়র সেকেন্ডারি স্কুল পাশ ও সেইসঙ্গে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। দিল্লি, মুম্বাই, চেন্নাইয়ের পাশাপাশি কলকাতাতেও পরীক্ষার কেন্দ্র আছে। হাতে-হাতে ১৫০ টাকার বিনিময়ে ফর্ম ও প্রস্পেক্টাস পাবেন। ডাকযোগে নিতে চাইলে ২০০ টাকার ডিমান্ড ড্রাফট পাঠাতে হবে 'ইনস্টিটিউট অফ রেল ট্রান্সপোর্ট'এর অনুকূলে ও পেয়েবল অ্যাট লিখবেন 'নিউ দিল্লি'। ডিমান্ড ড্রাফটের পেছনে প্রার্থীর নাম, পুরো ঠিকানা বড় হাতে স্পষ্ট করে লিখে দিতে হবে। এছাড়াও প্রস্পেক্টাস ও ফর্ম পাওয়া যাবে অনলাইনে, এই ওয়েবসাইটে : www.irt.indianrailways.gov.in দরখাস্ত পূরণ করে জমা দিতে হবে ৩১ মার্চের মধ্যে। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশনের স্কলারশিপে আমলা হওয়ার স্বপ্নপূরণ

**নিজস্ব সংবাদদাতা, কলেজ স্ট্রিট :** এরাজ্যে ডব্লুবিসিএস কোচিংয়ের পথিকৃত কলেজ স্ট্রিটের অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন ভবিষ্যতের আমলাদের জন্য এক অভূতপূর্ব স্কলারশিপ চালু করল। গরিব ও মেধাবী ছাত্রছাত্রীরা এই স্কলারশিপের মাধ্যমে অল্প খরচে চাকরির পরীক্ষার প্রশিক্ষণ নিতে পারবে। 'ডব্লুবিসিএস ও কম্বাইন্ড-2024' কোর্সের জন্য এই বিশেষ ছাড় প্রযোজ্য। 'অ্যাকাডেমিক স্কলারশিপ টেস্ট-2023' নামক এই পরীক্ষার মাধ্যমে স্কলারশিপের সুযোগ নিতে হবে। এই পরীক্ষাটি হবে আগামী ২৯শে জানুয়ারি ২টা থেকে ৩.৩০ পর্যন্ত এই প্রতিষ্ঠানের হেড অফিস কলেজ স্ট্রিটে। ১০০ নম্বরের এই পরীক্ষার প্রশ্ন হবে এমসিকিউ ধাঁচের। পরীক্ষা হবে মূলত ১৯৯৯ থেকে ২০২২ অর্থাৎ বিগত ২৪ বছর ধরে ডব্লুবিসিএস প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্নের ওপর। এই পরীক্ষায় পাশ করা প্রথম ৪০ জনের জন্য কোর্স ফি'র ওপর বিশেষ ছাড় রয়েছে, সর্বাধিক ছাড় ৭৫% পর্যন্ত। ইচ্ছুক প্রার্থীরা এই স্কলারশিপের জন্য অনলাইন রেজিস্ট্রেশন করে নাম নথিভুক্ত করুন এই ওয়েবসাইটের মাধ্যমে www.academicassociation.com। অনলাইনে আবেদন করার শেষ তারিখ ২৭ শে জানুয়ারি। স্কলারশিপের ব্যাপারে বিশদে জানতে সরাসরি যোগাযোগ করুন এই নম্বরে : ৯০৩৮৭৮৬০০০, ৯৬৩৫১৪৭৬২১। উল্লেখ্য বিগত ৭-৮ বছরে ডব্লুবিসিএস পরীক্ষায় এই প্রতিষ্ঠান থেকে ১১০০ ও বেশি প্রার্থী ডব্লুবিসিএস-এর বিভিন্ন গ্রুপে চূড়ান্তভাবে সফল হয়েছেন।


নতুন ব্যাচে ভর্তি চলছে
The Aspirant Academy
WBCS • SSC
RAIL • POLICE
SLST (PT) • PSC
MOCK INTERVIEW
সোনারপুর
9330978205

CACES offers
3 Distinct Course (Both Online / Offline)
WBCS
Bank PO
CPTP
Target : To grasp 100 Govt. Jobs in each course and all over 500 by 2 yrs.
Combo offer : In Eng (GK free) & in Math (GI free)
For details
M: 9123325910, 9062756906
NB- Admission open for WBCS & CPTP Foundation Course, Qualification: HS

Red Plus 50 Vocational Training Centre
CRASH COURSE TARGET 2023
XI • XII • NEET
IIT-JEE (Main Advanced)
• Daily Tests • Micro & Macro Level Analysis • Special Study Materials • High Qualified & Experienced Teacher
403, West Rajapur, Baghajatin Station Road, Kolkata- 32
9830067756, 9903370881


# ২৯৫ আই.টি.আই অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা, মুম্বাই :** কেন্দ্রীয় সরকারি সংস্থা নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেডের তারাপুর মহারাষ্ট্র সাইট 'আই.টি.আই. অ্যাপ্রেন্টিস' হিসাবে ২৯৫ জন লোক নিচ্ছে।

কারা কোন ট্রেডে যোগ্য :

**শিক্ষাগত যোগ্যতা :** আই.টি.আই. থেকে ফিটার, টার্নার, ইলেক্ট্রিশিয়ান, ওয়েল্ডার, ইলেক্ট্রনিক্স মেকানিক, ইন্সট্রুমেন্ট মেকানিক, রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক, কার্পেন্টার, প্লাম্বার, ওয়্যারম্যান, ডিজেল মেকানিক, মেকানিক্যাল মোটর ভেহিক্যাল, মেশিনিস্ট, পেইন্টার, ড্রাফটসম্যান (মেকানিক্যাল), ড্রাফটসম্যান (সিভিল), ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেন্টেনার, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, স্টেনোগ্রাফার (ইংলিশ), স্টেনোগ্রাফার (হিন্দি), সেক্রেটারিয়েল অ্যাসিস্ট্যান্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য।

**বয়স :** বয়স হতে হবে ২৫-১-২০২৩'এর হিসাবে ১৪ থেকে ২৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন।

**শরীরের মাপজোখ :** শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৩৭ সেমি, ওজন অন্তত ২৫.৪ কেজি আর বুকের ছাতি ৩.৮ সেমি প্রসারণক্ষম হতে হবে। ১ বছরের ট্রেনিং। ট্রেনিংয়ের সময় অ্যাপ্রেন্টিস আইনানুযায়ী স্টাইপেন্ড পাবেন। ১ বছরের আই.টি.আই. কোর্স পাশদের জন্য ৭,৭০০ টাকা আর ২ বছরের আই.টি.আই. পাশদের জন্য ৮,৮৫৫ টাকা।

**শূন্যপদ :** ফিটার-২৫, টার্নার-৯, ইলেক্ট্রিশিয়ান-৩৩, ওয়েল্ডার-৩৮, ইলেক্ট্রনিক্স মেকানিক-১৬, ইন্সট্রুমেন্ট মেকানিক ৬টি, রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক-২০, কার্পেন্টার-১৯, প্লাম্বার-২০, ওয়্যারম্যান-১৬, ডিজেল মেকানিক-৭, মেকানিক্যাল মোটর ভেহিক্যাল-৭, মেশিনিস্ট-১৩, পেইন্টার-১৮, ড্রাফটসম্যান (মেকানিক্যাল)-২, ড্রাফটসম্যান (সিভিল)-২, ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেন্টেনার-১৮, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট-১৮, স্টেনোগ্রাফার (ইংলিশ)-২, স্টেনোগ্রাফার (হিন্দি)-২, সেক্রেটারিয়েল অ্যাসিস্ট্যান্ট-৪।

**প্রার্থী বাছাই পদ্ধতি :** প্রার্থী বাছাই হবে আই.টি.আই. কোর্সের সব সেমেস্টারে পাওয়া নম্বর দেখে।

**দরখাস্ত করার পদ্ধতি :** প্রার্থীদের প্রথমে অ্যাপ্রেন্টিস হিসাবে নাম নথিভুক্ত করতে হবে, ২৫ জানুয়ারির মধ্যে। আই.টি.আই. অ্যাপ্রেন্টিস ট্রেডের বেলায় নাম নথিভুক্ত করবেন এই ওয়েবসাইটে : www.apprenticeshipindia.org নাম রেজিস্ট্রেশন করার পর রেজিস্ট্রেশন নম্বর পাবেন। এবার ওই রেজিস্ট্রেশন নম্বর নিয়ে নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশনের ওয়েবসাইটে গিয়ে দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটে : www.npcilcareers.co.in তখন পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।


সাফল্য পত্রিকার শিক্ষক ঝন্টু বিশ্বাসের পরিচালনায় নৈহাটিতে
নার্সিং এন্ট্রান্স- 23
ANM-GNM ও JENPAS
পরীক্ষার প্রশিক্ষণ শুরু এই মাস থেকেই
কি টু সাকসেস্
9339477082

সরকারী স্বীকৃত Sanitary Inspector কোর্স ও DMLT কোর্সে ভর্তি চলছে
☛ Diploma in Sanitary Inspector (1 year)
☛ Diploma in Medical Laboratory Technology (2 years)
উপরে উল্লেখিত কোর্স ছাড়া SWM ও অন্যান্য স্বাস্থ্য সংক্রান্ত শর্ট কোর্সেও ভর্তি চলছে
যোগ্যতা : SI (H.S & Computer Basic), DMLT (Madhyamik)
শিক্ষান্তে সরকারী ও বেসরকারী ক্ষেত্রে কাজের সুযোগ যেমন — রেল Cantonment Board, পৌরসভা, পৌরনিগম, Port (Air & Sea), DVC, Medical Colleges, AIIMS, Pathological Lab ও অন্যান্য ক্ষেত্রে
IIHT 226 B. B. Ganguly Street Bowbazar, Kol-700012
9836396734, 7003224427, 9051260924
Website : www.iiht.in (11 AM to 4 PM)

সরকারি চাকরির পরীক্ষায় GSCE-র ছাত্রছাত্রীরা সবার আগে


শীঘ্রই ভর্তি হতে আপনার নিকটবর্তী GSCE কেন্দ্রে সত্বর যোগাযোগ করুন
WBCS
Preliminary + Main (Compulsory + Scoring Optional) + Interview
Regular Combined
Staff Selection, Bank (P.O. & Clerk), Rail, Police, PSC, Army, LIC etc.
TET SSC
Interview & Personality Grooming
Newly launched
Competitive Exams Foundation Course (CEFC)
কোর্স ফি সাধ্যের মধ্যে
Helpline : 9830277100 / 200 / 300
Website : www.gsceindia.org
GSCE
পড়লেই সরকারি চাকরি
George Telegraph • Since 1920


# 'টেট'এর অ্যানসার কী

১ পাতার পর

প্রকাশ করল পর্ষদ। এবার ৫টি প্রশ্নপত্রে পরীক্ষা নেওয়া হয়েছিল। ৫টি প্রশ্নপত্রেরই উত্তরপত্র (অ্যানসার কী) প্রকাশ করেছে পর্ষদ। ১৫০টি প্রশ্নেরই অ্যানসার কী পাবেন এই ওয়েবসাইটে : www.wbbpe.org এবার 'টেট' দিয়েছিলেন ৬,১৭,৪৫৩ জন প্রার্থী। কোনো প্রশ্নের উত্তর ভুল দেওয়া হয়েছে মনে হলে প্রার্থীরা তার অভিযোগ জানাতে পারবেন অনলাইনে ১৭ জানুয়ারি রাত ১১.৫৯ মিনিটের মধ্যে। তখন প্রতিটি প্রশ্নের জন্য ৫০০ টাকা দিতে হবে। এই ফী ডেবিট কার্ড বা, ক্রেডিট কার্ডে অনলাইনে দিতে পারবেন। যে প্রশ্নের জন্য চ্যালেঞ্জ জানিয়ে ফী জমা দেবেন, সেই প্রশ্নের উত্তর বিশেষজ্ঞরা যাচাই করার পর ভুল প্রমাণিত হলে ওই টাকা ফেরৎ পাবেন। 'টেট'এর ফল বেরোনোর পর আর কোনো অভিযোগ নেওয়া হবে না। প্রার্থীরা অভিযোগ জানাতে পারবেন এই ওয়েবসাইটে : www.wbbpe.org, https://wbprimaryeducation.org

# ডাকবিভাগে এজেন্ট

ভারতীয় ডাক বিভাগের ইস্ট কলকাতা ডিভিশন ডাক জীবন বিমা ও গ্রামীণ ডাক জীবন বিমার পলিসি বিক্রির জন্য এজেন্ট নিয়োগ করছে। মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ১৮ থেকে ৫০ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন। কমিশন ভিত্তিক কাজ। মনোনীত হলে সিকিউরিটি ডিপোজিট বাবদ ৫,০০০ টাকা জমা রাখতে হবে। ডাক বিভাগ ছাড়া অন্য কোনো পলিসি বিক্রির এজেন্ট হলে যোগ্য নন। প্রার্থী বাছাই হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ হবে ২৩ জানুয়ারি বেলা ১২টা থেকে ৩টার মধ্যে। তখন সঙ্গে নিয়ে যাবেন বয়স, শিক্ষাগত যোগ্যতা, আধার কার্ডের মূল প্রমাণপত্র ও জেরক্স কপি আর ৫ কপি পাশপোর্ট মাপের ফটো। ইন্টারভিউ হবে এই ঠিকানায় : ভারতীয় ডাক বিভাগ, প্রবর ডাক অধিক্ষক, ইস্ট কলকাতা ডিভিশন, কলকাতা-১৬৩। Ph: (033) 40007277.


বীরভূমে পশ্চিমবঙ্গ সরকারের যোগ ও ন্যাচারোপ্যাথি কাউন্সিল অনুমোদিত
"যোগ ও ন্যাচারোপ্যাথি"র ১ বছরের সার্টিফিকেট কোর্স
• যোগ্যতা : মাধ্যমিক পাস, বয়স : ১৮ বছরের উর্দ্ধে
• ক্লাস : অনলাইন ও অফলাইন মাধ্যমে।
• ভবিষ্যৎ : স্বাস্থ্যদপ্তরের আয়ুষ হাসপাতাল, সুস্বাস্থ্যকেন্দ্র, CBSE, ICSE স্কুল ও পাবলিক প্রতিষ্ঠানে প্রভৃত সুযোগ
যোগাযোগ : "টেগোর অর্গানাইজেশন ফর হেলথ্ অ্যাওয়ারনেস এন্ড রুরাল ডেভেলপমেন্ট", আমোদপুর, বীরভূম।
ফোন : 7001757087, 9474868804

OMKARNATH INSTITUTE OF PHARMACEUTICAL TECHNOLOGY & MEDICAL SCIENCE
Approved by PCI (Govt. of India) // Affiliated to WBSCT&VE&SD (Govt. of W.B.)
Kashinagar, Kakdwip, South 24 Parganas, W.B., 743347

দক্ষিণ ২৪ পরগনা জেলার কাকদ্বীপ শহরে, সুন্দর শিক্ষার পরিবেশে
ফার্মাসী কোর্সে ভর্তি চলছে ২০২২-২৩
D.Pharm
2 Years Diploma Course
Eligibility : 10 + 2 Pass (Bio / Math)
কেন ভর্তি হবেন :
• ফার্মাসী কোর্সের উপযোগী ল্যাবরেটরি ও ক্লাসরুম।
• ফার্মা ইন্ডাস্ট্রিতে অনেক বছরের অভিজ্ঞতা সম্পন্ন ফ্যাকাল্টি।
• ফার্মাসী কোর্সের উপযোগী অত্যন্ত উন্নত পরিকাঠামো।
• পুরো Wi-Fi ক্যাম্পাস।
ADMISSION OPEN
খুব কম খরচে ভর্তির জন্য আজই যোগাযোগ করুন আমাদের এই নম্বরে-
7872855988, 9064069992, 9733949571


চাকরির পরীক্ষার গাইড

# জেনারেল ইংলিশ

**Direction (Qs. 1-8) :** *Choose the word the SAME in meaning of the word given in CAPITALS as used in the questions.*

1. MONGER
(A) deal (B) trader
(C) purchaser (D) thief

2. PROSY
(A) tasteful (B) attractive
(C) fail (D) dull

3. SAUNTER
(A) loiter (B) purpose
(C) invain (D) abuse

4. ABATE
(A) Reduce (B) Vanish
(C) Increase (D) Stabilise

5. PRAGONATIC
(A) Practical (B) Playful (C) Causal (D) Clever

6. INSOLENT
(A) Violent (B) Polite (C) Insulting (D) Frivolous

7. INDIGENT
(A) Indian men (B) Poor (C) Guilty (D) Untried

8. FLIONSY
(A) Weak (B) Strong (C) Justified (D) Impulsive

**Direction (Qs. 9-16) :** *Choose the word OPPOSITE in meaning of the word given in CAPITALs as used in the questions.*

9. EXPEDIENT
(A) important (B) nasty (C) redundant (D) perfume

10. INTIMIDATE
(A) encourage (B) threaten (C) love (D) hate

11. IMPUDENT
(A) rich (B) power (C) poor (D) humble

12. INERT
(A) Active (B) Lazy (C) Strong (D) Resolute

13. EXOTIC
(A) Wonderful (B) Cosmopolitan
(C) Irrelevant (D) Common

14. AFFLUENT
(A) Poor (B) Ordinary (C) Infamous (D) Backward

15. VICIOUS
(A) Godly (B) Virtuous (C) Sublime (D) Friendly

16. MALICE
(A) Sympathy (B) Goodwill
(C) Friendship (D) Attraction

**Direction (Qs. 17-26) :** *In the following questions sentences are given with blanks to be filled in with an appropriate word. Four alternatives are suggested for each question. Find out the correct alternative.*

17. The election was held peacefully barring the incidents.
(A) major (B) Sporadic (C) expected (D) cruel.

18. The leader put the _____ of the workers before the owner.
(A) demands (B) problems (C) desires (D) will

19. I do not ____ lunch at this time because I am too late.
(A) hope (B) hope for (C) like (D) expect

20. I was much grieved to ____of my friend's pre-mature death.
(A) Know (B) aware (C) learn (D) see

21. Mohan could not assure me that he ______ help me.
(A) should (B) would (C) could (D) did

22. She began to grumble ____ me when I reminded her of some of her lapses.
(A) at (B) on (C) with (D) over

23. We had been reported that the patient died neglect.
(A) of (B) from (C) through (D) about

24. Six men were ___ in the train accident of yesterday.
(A) wounded (B) hurt (C) missed (D) grieved

25. Sitting before the mirror, she ___ her-self.
(A) decorated (B) bedecked (C) trimmed (D) adorned

26. The _____ of the glass is beautifully marked.
(A) brim (B) edge (C) border (D) bank

**Direction (Qs. 27-30) :** *Pick out the most appropriate one word from the group of words out of the four responses.*

27. Unable to make a mistake
(A) unfallible (B) interminable (C) infallible (D) correct

28. A substance that kills insects
(A) regicide (B) insecticide (C) genocide (D) matricide

29. A man who always things about the welfare of others.
(A) introvert (B) ambivert (C) mysogynist (D) altruist

30. An assembly of worshippers
(A) congregation (B) audience (C) procession (D) priest

**Direction (Qs. 31–33) :** *Choose the word opposite in meaning to the given word.*

31. ABOMINABLE
(A) hateful (B) noble (C) good (D) high

32. ABOVE
(A) over (B) nearly (C) down (D) below

33. DENSE
(A) sparse (B) thick (C) fine (D) lean

**Direction (Qs. 34–36) :** *In these questions find the correctly spelt word.*

34. (A) Appearent (B) Appareant
(C) Apparant (D) Apparent

35. (A) Discremenate (B) Descriminate (C) Discriminate (D) Discreminate

36. (A) Nuisance (B) Neusense
(C) Nuesanse (D) Nuisence

**Direction (Qs. 37–41) :** *In the following sentences there may be an error in any one part of each sentence. Find out the error and that will be your answers.*

37. He like may others (A)/who have opposed traditions all these years (B)/ do not believe (C)/ that rituals are important once you are dead. (D)/

38. Above his writing-table (A)/there hanged (B)/ a huge photograph (C)/ on the wall in a gilt frame. (D)/

39. During interrogation (A)/ the accused admitted of their involvement (B)/ in various robberies (C)/ in Delhi and western up. (D)/

40. A group of fishermen (A)/ enjoys the weather (B)/ minutes before the sunset (C)/ in the Southern port city of Sidon (D)./

41. One by one (A)/ all Images of the past (B)/ imbued by oppressing memories (C)/ pass before me in a flurry. (D)/

কোনো ভর্তি ফি লাগবে না
নার্সিং : B.Sc. - 2.5 Lakh
GNM - 2 Lakh
ট্রেনিং শেষে 100% চাকরির সুযোগ
ছেলে-মেয়ে উভয়েই ভর্তি চলছে (WBNC & INC) প্রাপ্ত কলেজে
D.Pharm (2 Lakh), Paramedical সহজে পাশ করুন
6 মাসে সরকারিভাবে NIOS থেকে MP/HS গ্যারান্টি পাশ
D.El.Ed. 35 হাজার ভর্তির সুযোগ (22-24)
বর্ধমান : 9083395622, কলকাতা : 9339279211, 7980134830

## সেকেন্ডে উত্তরের কৌশল

1(B). Monger – বিক্রেতা বা, ব্যবসায়ী। 2(D). Prosy – নীরস বা, বিরক্তিকর। 3(A). Saunter – অনর্থক ঘুরে বেড়ানো। Loiter – আলস্যে ঘুরে বেড়ানো। 4(A). Abate – Reduce – কমানো, Vanish – বিলোপ করা, Increase – বাড়ানো, Stabilise – স্থির করা। 5(A). Pragmatic – Practical – বাস্তবধর্মী, Playful – কৌতুকপূর্ণ, Causal – কারণস্বরূপ, Clever – চালাক। 6(C). Insolent – Insulting – অপমানজনক, Violent – উগ্র, Polite – নম্র, Frivolous – তুচ্ছ। 7(B). Indigents – Poor – অভাবী, Indian Men – ভারতবাসী, Guilty – অপরাধী, Untried – চেষ্টা করা হয় নাই এমন। 8(A). Flionsy – Weak – দুর্বল, Strong – সবল, Justified – যথাযথ, Impulsive – আবেগপূর্ণ। 9(C). Expedient – যথোচিত, Redundant – প্রয়োজনাতিরিক্ত। 10(A). Intimidate – ভীত করা, Encourage – সাহসী করা। 11(D). Impudent – দুর্বিনীত। 12(A). Inert – নিষ্ক্রিয়, Active – সক্রিয়, Lazy – অলস, Strong – সবল, Resolute – স্থির সংকল্প। 13(D). Exotic – অদ্ভুত, Wonderful – দারুণ, Cosmopolitan – উদার, Common – একইরকম, Irrelevant – অপ্রাসঙ্গিক। 14(A). Affluent – সম্ভ্রান্ত, Poor – দরিদ্র, Ordinary – সাধারণ, Infamous – অখ্যাত, Backward – অনুন্নত। 15(B). Vicious – অসৎ, Virtuous – সৎ, Godly – ঈশ্বরতুল্য, Friendly – বন্ধুত্বপূর্ণ, Sublime – শ্রেষ্ঠ। 16(B). Malice – বিদ্বেষ, Friendship – বন্ধুত্ব, Attraction – আকর্ষণ, Goodwill – সদ্ভাব, Sympathy – সমবেদনা।

17(B). Sporadic – বিক্ষিপ্ত। barring – ছাড়া। 18(A). রাজনৈতিক নেতারা দাবিই জানান। 19(D). hope – আশা করা, expect – প্রত্যাশা করা। 20(C). aware – সচেতন করা, learn – জেনে-বোঝা। Know – জানা। 21(B). 'পারত' অর্থে 'he'-র পর 'would'. 22(A). Grumble – গজগজানি। 23(C). 24(A). 25(B). bedeck – নিজেকে সাজানো। 26(A). brim – কানা (গ্লাসের)। 27(C). 28(B). 29(D). 30(A). 31(B). Abominable – বিরক্তি উদ্রেককারী, hateful – ঘৃণাজনক, noble – মহান, Good – ভালো, high – উচ্চ। 32(D). Above – ওপরে, Over – শেষ বা, ওপরে, nearly – কাছাকাছি, down – নিম্নতলে, below – নিচে। 33(A). Dense – ঘন, Sparse – ছড়ানো, thick – পুরু, fine – ফিনফিনে বা, সূক্ষ্ম, lean – ঝোঁকা। 34(D). 35(C). 36(A). 37(C). বাক্যটিতে কর্তা 'He'. তাই ক্রিয়াপদ 'do not believe' স্থলে হবে 'does not believe'. 38(B). টাঙানো অর্থে 'Hang'এর অতীতকালের রূপ 'Hung'. তাই 'there hanged' স্থলে হবে 'there hung'. 39(B). 'Admit' শব্দটি স্বীকার করা অর্থে ব্যবহৃত হলে তারপর Preposition হিসাবে একমাত্র 'to' আসে। তাই এখানে 'the accused admitted of their involvement' স্থলে হবে 'the accused admitted to thier involvement'. 40(B). জেলেদের দল শব্দটি বহুবচনের। তাই এখানে 'enjoys the weather' স্থলে হবে 'enjoy the weather'. 41(C). 'Imbued by' স্থলে হবে 'imbued with'.

## কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার

১ পাতার পর

বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর ও কেন্দ্রীয় সরকারি কর্মী আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে পে ম্যাট্রিক্স সপ্তম পে কমিশন অনুযায়ী। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Multi Tasking (Non -Technical) Staff and Havaldar (CBIC & CBN) Examination, 2022' পরীক্ষার মাধ্যমে। প্রথমে সর্বভারতীয় পর্যায়ের অনলাইন পরীক্ষা হবে এপ্রিল মাস নাগাদ। পূর্ব-ভারতে এইসব কেন্দ্রে : কলকাতা (৪৪১০), শিলিগুড়ি (৪৪১৫), কল্যানী (৪৪১৯), দুর্গাপুর (৪৪২৬), বর্ধমান (৪৪০৪), আসানসোল (৪৪১৭), গ্যাংটক (৪০০১), বোকারো (৪২০১), হাজারিবাগ (৪২০৪), জামশেদপুর (৪২০৭), বেরহামপুর (গঞ্জাম) (৪৬০২), রাঁচী (৪২০৫), ভুবনেশ্বর (৪৬০৪), কটক (৪৬০৫), সম্বলপুর (৪৬০৯), পোর্ট ব্লেয়ার (৪৮০২)। ইটানগর (৫০০১), ডিব্রুগড় (৫১০২), গুয়াহাটি (দিসপুর) (৫১০৫), জোড়হাট (৫১০৭), শিলচর (৫১১১), কোহিমা (৫৩০২), শিলঙ (৫৪০১), ইম্ফল (৫৫০১), আগরতলা (৫৬০১), আইজল (৫৭০১)।

এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এই ৪টি পার্টে : (ক) প্রথম পার্ট-জেনারেল ইংলিশ -২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (খ) দ্বিতীয় পার্ট-জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং -২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (গ) তৃতীয় পার্ট-নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড - ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (ঘ) চতুর্থ পার্ট-জেনারেল অ্যাওয়ারনেস -২৫ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। প্রতি প্রশ্নের ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা হবে। প্রথম পেপারের পরীক্ষায় সাধারণ প্রার্থীরা ৩০%, ও.বি.সি. /ই.ডব্লু.এস. প্রার্থীরা ২৫%, অন্যান্য ক্যাটেগরির প্রার্থীরা ২০% নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন।

সফল হলে এরপর হবে ডেসক্রিপ্টিভ টাইপের পরীক্ষা (পেন ও পেপার মোডে)। দ্বিতীয় পেপার অর্থাৎ, ডেসক্রিপ্টিভ টাইপের পেপারে ৫০ নম্বরের প্রশ্ন হবে ইংরিজি (২৫ নম্বর) ও বাংলায় (ভার্নাকুলার ল্যাঙ্গোয়েজ) (২৫ নম্বর) বিষয়ে। এই পেপারে থাকবে সংক্ষিপ্ত প্রবন্ধ লেখা বা, চিঠি লেখা। সময় থাকবে ৪৫ মিনিট। দৃষ্টিহীন প্রতিবন্ধীরা অতিরিক্ত ১৫ মিনিট সময় পাবেন। এই পেপারে কোয়ালিফাইং নম্বর পেতে হবে। এই পেপারে পাওয়া নম্বর মেধা তালিকা তৈরির সময় ধরা হবে না।

লিখিত পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তিতে মেধা তালিকা তৈরি হবে। এই পরীক্ষায় কোনো ইন্টারভিউ নেই।

লিখিত পরীক্ষায় একাধিক প্রার্থী একই নম্বর পেয়ে থাকলে সেক্ষেত্রে প্রথমে তৃতীয় পার্ট, তারপর দ্বিতীয় পার্ট, তারপর জন্ম-তারিখ (বেশি বয়সের প্রার্থীরা অগ্রাধিকার পাবেন), তারপর নামের বর্ণমালা অনুযায়ী প্রথম দিকের প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.ssc.nic.in, sscer.org

দরখাস্ত করবেন অনলাইনে, ১৭ জানুয়ারি থেকে ১৭ ফেব্রুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ssc.nic.in প্রার্থীদের প্রথমে One Time Registration করতে হবে। তখন বৈধ মোবাইল নম্বর, ই-মেল আই.ডি., আধার কার্ড /প্যান কার্ড / ভোটার কার্ড /পাশপোর্ট / ড্রাইভিং লাইসেন্স /স্কুল বা, কলেজের আই.ডি. কার্ড ইত্যাদি সঙ্গে রাখতে হবে। নাম রেজিস্ট্রেশন করার পর রেজিস্ট্রেশন আই.ডি. ও পাশওয়ার্ড পাবেন। এরপর Register Now-এ গিয়ে ক্লিক করে আগের পাশওয়ার্ড দিয়ে নতুন পাশওয়ার্ড তৈরি করতে পারবেন। তারপর মূল দরখাস্ত পূরণ করতে হবে। তখন রাজ্যের নাম, সেন্টার কোড, বয়স, ঠিকানা, ক্যাটেগরি ইত্যাদি ঠিকভাবে এন্ট্রি করে Continue করলে তার পরের পৃষ্ঠায় শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এবার পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার আপলোড করতে হবে। এজন্য দরখাস্ত করার আগে ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নিয়ে যাবেন। এরপর পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা দিতে হবে.এস.বি.আই. নেট ব্যাঙ্কিং / ক্রেডিট কার্ড /ডেবিট কার্ডে, ভীম ইউ.পি.আই-'র মধ্যে। তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও মহিলাদের ফী লাগবে না। সবশেষে রেজিস্ট্রেশন করার পর প্রিন্ট করে নেবেন। একজন প্রার্থী একটিই দরখাস্ত পাঠাবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ১৭ জানুয়ারি, ওপরের ওই ওয়েবসাইটে।

## জীবনবিমায় এজেন্ট

১ পাতার পর

**শিক্ষাগত যোগ্যতা** : যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন।

**বয়স** : বয়স হতে হবে ২৪-১-২০২৩'র হিসাবে ২১ থেকে ৩৫ (তপশিলী, প্রাক্তন সমরকর্মী ও মার্কেটিংয়ের কাজে অভিজ্ঞদের বেলায় ৪০) বছরের মধ্যে।

**স্টাইপেন্ড** : স্টাইপেন্ড মেট্রো শহরের বেলায় প্রথম বছর মাসে ১২,০০০ টাকা, দ্বিতীয় বছর মাসে ১১,০০০ টাকা ও তৃতীয় বছর মাসে ১০,০০০ টাকা। এর মধ্যে ৭৫% স্টাইপেন্ড প্রতি মাসের শেষে দেওয়া হবে ও বাকি ২৫% স্টাইপেন্ড বছরের শেষে দেওয়া হবে। এছাড়াও স্কুটার/ মোটর বাইক কেনার জন্য অগ্রিম টাকা পাবেন। কাজ করতে হবে কলকাতা পোস্টাল এলাকার অধীনে। আকর্ষণীয় কমিশন।

**দরখাস্ত করার পদ্ধতি** : দরখাস্তের পুরো বায়োডাটা ও পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য নিচের ঠিকানায় যোগাযোগ করুন। পূরণ-করা বায়োডাটা ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ ২৪ জানুয়ারির মধ্যে। যোগাযোগের ঠিকানা — কলকাতা মেট্রো শহরের প্রার্থীরা দরখাস্ত পাঠাতে পারেন এই তিন ঠিকানায় : (1) The Br. Manager, LIC of India, Career Agents Branch, H.B. Annexe, 4, C.R. Avenue, Kolkata–700 072. ফোন : (০৩৩) ২২১২৪৫৮০/ ৯০০৪০৫৫৫৬২, কলকাতা পোস্টাল অধিকারক্ষেত্র-এর বেলায় এই ঠিকানায় : (1) The Br. Manager, LIC of India, Career Agents Branch–I, Queen's Mansion, Russel Street, Kolkata – 700 071. ফোন : (০৩৩) ২২২৯৪৭৩৩/ ৯৪৩৩৪৫২৪০৮। (2) The Br. Manager, LIC of India, Career Agents Branch–II, 'Jeevan Sudha', 5th Floor, 42C, Chowringhee Road, Kolkata–700 071. ফোন : (০৩৩) ২২৮৮৯৯৩৯/ ৯৪৩৩০৬৬১৭৬। সল্ট লেক, যশোর রোড, ভি.আই.পি. রোডের কেন্দ্রীয় এলাকা, দক্ষিণদাঁড়ি, শ্রীভূমি, লেক টাউন, বাঙ্গুর, দমদম পার্ক ও সংশ্লিষ্ট এলাকা, কৃষ্ণপুর, বাগুইহাটি, রাজারহাট ও সন্নিহিত এলাকা আর এয়ারপোর্টের ১নং গেট এলাকার প্রার্থীরা পাঠাবেন এই ঠিকানায়: The Br. Manager, LIC of India, Career Agents Branch, Salt Lake, CF–163, Sector–1, Salt Lake City, Kolkata–700 064. ফোন:(০৩৩) ২৩৫৮৮০৪৯/ ৯৮৩০৩০২২৮৭। উত্তর কলকাতা, বরানগর, পাণিহাটি, খড়দহ, টিটাগড়, ব্যারাকপুর, মধ্যমগ্রাম, নবব্যারাকপুর, বারাসাত ও দমদমের সন্নিহিত এলাকার প্রার্থীরা পাঠাবেন এই ঠিকানায় : The Br. Manager, LIC of India, Career Agents Branch, Baranagar, 46/1/C, B.T. Road, Kolkata–700 002. ফোন:(০৩৩) ২৫৫৭২৪২২/ ৮৩৩৫৮৪৮৬৬৮।

## ১০ হাজার ছেলেমেয়েকে নার্সিং ট্রেনিং

১ পাতার পর

কাউন্সেলিংয়ের মাধ্যমে সরকারি ও বেসরকারি কলেজে ভরতির সুযোগ পাবেন। প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স বোর্ড। কোন কোর্সে কেমন শিক্ষাগত যোগ্যতা, প্রার্থী বাছাই পদ্ধতি ইত্যাদি বিস্তারিত তথ্য দেওয়া হল :

**অক্সিলিয়ারি নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (রিভাইজড) (এ.এন.এম.)** : মোট অন্তত ৪০% নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ তরুণীরা আবেদন করতে পারেন। উচ্চমাধ্যমিকে ইংরিজি বিষয়ে ন্যূনতম ৪০% নম্বর পেয়ে থাকতে হবে। প্রার্থীদের সংশ্লিষ্ট জেলার গ্রাম পঞ্চায়েত এলাকার ১০ বছরের স্থায়ী বাসিন্দা হতে হবে। বাংলা ভাষায় লিখতে ও পড়তে পারা দরকার। ২ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৫০০ টাকা।

**জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (জি.এন.এম.)** : মোট অন্তত ৪০% নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। উচ্চমাধ্যমিকে ইংরিজি বিষয়ে ন্যূনতম ৪০% নম্বর পেয়ে থাকতে হবে। ইংরিজি বিষয় নিয়ে হেলথ কেয়ার সায়েন্স নিয়ে ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলেও যোগ্য। এ.এন.এম. (পাশ নম্বর পেয়ে পাস) হিসাবে নাম নথিভুক্ত থাকলেও যোগ্য। পশ্চিমবঙ্গে একটানা ১০ বছরের স্থায়ী বাসিন্দা হতে হবে। বাংলা ভাষায় লিখতে ও পড়তে পারা দরকার। ৩ বছরের ট্রেনিং।

এ.এন.এম. কোর্সে ভরতির জন্য শুধুমাত্র মেয়েরা যোগ্য। জি.এন.এম. কোর্সে ভরতির জন্য ছেলেমেয়ে উভয় প্রার্থীরা যোগ্য।

**বয়স** : ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ৩১-১২-২০২৩'র হিসাবে ১৭ থেকে ৩৫ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ৩১-১২-২০০৬'এর আগে। কোনো প্রার্থীই বয়সের ছাড় পাবেন না। এবছর যাঁরা উচ্চমাধ্যমিকের ফাইনাল পরীক্ষা দিচ্ছেন, তাঁরাও আবেদনের যোগ্য। বাংলা ভাষায় বলতে, লিখতে পারায় দক্ষতা থাকতে হবে। যাঁরা গ্রাম পঞ্চায়েত এলাকার বাসিন্দা, তাঁরা এ.এন.এম. ও জি.এন.এম. উভয় কোর্সের জন্যই দরখাস্ত করতে পারবেন। কিন্তু যাঁরা গ্রাম পঞ্চায়েত এলাকার বাসিন্দা নন, তাঁরা শুধুমাত্র জি.এন.এম. কোর্সে ভরতির জন্য যোগ্য। সব ক্ষেত্রে মেডিক্যালে ফিট হতে হবে ও মেডিক্যাল ফিট সার্টিফিকেট দিতে হবে।

ট্রেনিংয়ে সফল হলে শূন্যপদ অনুযায়ী 'স্টাফ নার্স' পদে চাকরি পেতে পারেন। ট্রেনিংয়ের শেষে ৬ মাসের মধ্যে রাজ্য সরকারের স্টাফ নার্স পদে চাকরি পেলে ৫ বছর চাকরি করতে বাধ্য থাকতে হবে। আবাসিক কোর্স। বাসস্থানের জন্য মাসে ১২ টাকা করে জমা দিতে হবে। খাদ্য বাবদ প্রতি মাসে দেয় টাকার পরিমাণ পরে জানানো হবে। স্টাইপেন্ড আছে।

মোট শূন্যপদের মধ্যে তপশিলী জাতির জন্য ২২%, তপশিলী উপজাতিদের জন্য ৬%, ও.বি.সি. 'এ' ক্যাটেগরির প্রার্থীদের জন্য ১০%, ও.বি.সি.-'বি' ক্যাটেগরির প্রার্থীদের জন্য ৭%, সিভিল ডিফেন্সে কর্মরতদের জন্য ২.৫%, অনাথ, দুঃস্থ মহিলাদের জন্য ২% সীট সংরক্ষিত আছে।

**প্রার্থী বাছাই পদ্ধতি** : প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স বোর্ড। 'Common Entrance Test for ANM (R) and GNM Courses-2023'এর মাধ্যমে। এই কম্বাইন্ড টেস্ট হবে ২ জুলাই, বেলা ১২টা থেকে দেড়টা পর্যন্ত। পরীক্ষা হবে এইসব কেন্দ্রে : সেন্ট্রাল কলকাতা, উত্তর কলকাতা, সল্ট লেক /নিউ টাউন, সাউথ কলকাতা, পশ্চিম কলকাতা, মালদা, বহরমপুর, জিয়াগঞ্জ, রঘুনাথগঞ্জ, কল্যাণী, নবদ্বীপ, অশোকনগর, বারাসাত, ব্যারাকপুর, বসিরহাট, আসানসোল, দুর্গাপুর, গড়বেতা, খড়গপুর, মেদিনীপুর, বর্ধমান, কাঁথি, হলদিয়া, তমলুক, পুরুলিয়া, জয়নগর, গড়িয়া /সোনারপুর /বারুইপুর, রায়গঞ্জ, শিলিগুড়ি, আলিপুরদুয়ার, বাঁকুড়া, বিষ্ণুপুর, বোলপুর, সিউড়ি, কোচবিহার, বালুরঘাট, কার্শিয়াং, আরামবাগ, ব্যান্ডেল /চুঁচুড়া, শ্রীরামপুর, সালকিয়া /বালি / উত্তরপাড়া, হাওড়া ময়দান /শিবপুর, সাঁত্রাগাছি /ডোমজুড়, ডায়মন্ডহারবার... ডৌলবেড়িয়া, জলপাইগুড়ি, ঝাড়গ্রাম, কালিম্পং।

এই পরীক্ষায় ১১৫ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) লাইফ সায়েন্স (নবম ও দশম লেভেল পর্যন্ত)-৫০ নম্বরের ৪০টি প্রশ্ন

এরপর ৮ পাতায়

ANM-GNM
JENPAS 2023
শর্ট টার্ম ক্লাস শুরু 27 মার্চ
শর্ট টার্ম ক্লাস ও পোস্টাল কোর্সে ভর্তি চলছে। থাকার ব্যবস্থা আছে।
22 বছরের বিশ্বস্ত প্রতিষ্ঠান
MASTERJEE
বালিগঞ্জ : 9432956917
9163298566

## আর্মিতে ১৮৯ টেক. অফিসার

১ পাতার পর

সিভিল ইঞ্জিনিয়ারিং (স্ট্রাকচারাল), স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং, বিল্ডিং ইঞ্জিনিয়ারিং অ্যান্ড কনস্ট্রাকশন, বিল্ডিং অ্যান্ড কনস্ট্রাকশন টেকনোলজি, সিভিল অ্যান্ড রুরাল ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড প্ল্যানিং, সিভিল ইঞ্জিনিয়ারিং (কনস্ট্রাকশন টেকনোলজি), সিভিল অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার ইঞ্জিনিয়ারিং, কনস্ট্রাকশন ইঞ্জিনিয়ারিং, কনস্ট্রাকশন ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, কনস্ট্রাকশন টেকনোলজি, কনস্ট্রাকশন টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট, সিভিল অ্যান্ড এনভায়রণমেন্টাল ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং (এনভায়রণমেন্টাল ইঞ্জিনিয়ারিং), জিওইনফর্মেটিক্স, সিভিল টেকনোলজি, সিভিল ইঞ্জিনিয়ারিং এনভায়রণমেন্টাল অ্যান্ড পলিউশন কন্ট্রোল, এনভায়রণমেন্ট ইঞ্জিনিয়ারিং, এনভায়রণমেন্টাল ইঞ্জিনিয়ারিং, এনভায়রণমেন্ট সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, এনভায়রণমেন্টাল সায়েন্স অ্যান্ড টেকনোলজি, সিভিল ইঞ্জিনিয়ারিং (পাব্লিক হেলথ ইঞ্জিনিয়ারিং), এনভায়রণমেন্টাল প্ল্যানিং, আর্কিটেকচার, আর্কিটেকচারাল, আর্কিটেকচারাল অ্যাসিস্ট্যান্টশিপ, আর্কিটেকচার অ্যান্ড ইন্টেরিয়র ডেকরেশন, আর্কিটেকচার অ্যাসিস্ট্যান্টশিপ, বিল্ডিং কনস্ট্রাকশন টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা 'সিভিল, বিল্ডিং কন্সস্ট্রাকশন টেকনোলজি ও আর্কিটেকচার' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ছেলে ৪৯টি ও মেয়ে ৩টি।

কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার টেকনোলজি, ৩ডি অ্যানিমেশন অ্যান্ড গ্রাফিক্স, অ্যাডভান্সড কম্পিউটার অ্যাপ্লিকেশন, 'কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড অ্যাপ্লিকেশন, কম্পিউটার নেটওয়ার্কিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড সিস্টেম ইঞ্জিনিয়ারিং, কম্পিউটিং ইন কম্পিউটিং, কম্পিউটিং ইন মাল্টিমিডিয়া, কম্পিউটিং ইন সফটওয়্যার, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ম্যাথমেটিক্স অ্যান্ড কম্পিউটিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং (সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং), কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (নেটওয়ার্ক্স), ন্যানো সায়েন্স অ্যান্ড টেকনোলজি, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, মেশিন লার্নিং, ডাটা সায়েন্স প্রোগ্রাম, ন্যানো টেকনোলজি, রোবোটিক্স অ্যান্ড অটোমেশন, অটোমেশন অ্যান্ড রোবোটিক্স, ইনফর্মেশন টেকনোলজি, ইনফর্মেশন সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি, ইনফর্মেশন ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন সায়েন্স অ্যান্ড টেকনোলজি, ইনফর্মেশন টেকনোলজি অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কিংবা ইনফর্মেশন টেকনোলজি, ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স ও কম্পিউটার টেকনোলজির এম.এসসি. কোর্স পাশরা 'কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার টেকনোলজি/ এম.এসসি.

এরপর ৮ পাতায়

টেকনিক্যাল পদে চাকরি
JKB CNC ENIGNEERING PVT LIMITED-এর CNC Milling মেশিন অপারেটর এবং ছাত্রদের পড়াতে পারেন এরকম ২ থেকে ৫ বছরের অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তির প্রয়োজন। যোগাযোগ :
JKB PRIVATE ITI, DAKSHIN PARA, RANAGHAT, NADIA, 741201.
Ph. : 7797660660, 8768404781

ভারতীয় ডাক বিভাগ
ইস্ট কোলকাতা ডিভিশন
প্রিমাইজ নং AA-02-072 প্লট নং AD/6A, নিউ টাউন অ্যাক্শন এরিয়া -I, কোলকাতা - 700163
ফোন : 033 4000 7277
ডাক জীবন বীমা / গ্রামীণ ডাক জীবন বীমা এজেন্ট নিয়োগ
ইস্ট কোলকাতা ডিভিশন ডাক বিভাগীয় শাখায় ডাক জীবন বীমা / গ্রামীণ ডাক জীবন বীমা পলিসি বিক্রির জন্য কমিশনের ভিত্তিতে ইস্ট কোলকাতা ডিভিশনের জন্য Direct Agent নিয়োগ করা হবে। ১৮ থেকে ৫০ বছর বয়সী এবং মাধ্যমিক যোগ্যতাসম্পন্ন ইচ্ছুক যে কোনো ভারতীয় নাগরিক Walk-In-Interview তে বয়স ও যোগ্যতার নথি, আধার কার্ড, প্যান কার্ড এর জেরক্স ও অরিজিনাল ও দু কপি ফটো সহ আগামী ২৩.০১.২০২৩ তারিখে দুপুর ১২টা থেকে ৪ টের মধ্যে উপস্থিত থাকতে পারেন। মনোনীত প্রার্থীকে ৫০০০/- টাকা সিকিউরিটি ডিপোজিট রাখতে হবে।
প্রবর ডাক অধিক্ষক
ইস্ট কোলকাতা ডিভিশন
কোলকাতা-৭০০১৬৩

নার্সিং ক্ষেত্রে সরকারি চাকরির দিশা দেখাচ্ছে ডঃ হাসান তথা GO EDUCATION
বিশেষ প্রতিনিধি : আমরা সবাই জানি নার্সিং শব্দটি আসার সাথে সাথে চলে আসে ডঃ হাসান তথা GO EDUCATION-এর নাম। আজ অবধি প্রায় ২৪০০ ছেলেমেয়েকে দেশের বিভিন্ন নার্সিং কলেজে ভর্তি করেছে GO EDUCATION, তার মধ্যে প্রায় সমস্ত ছাত্রছাত্রীই আজ সরকারি ও বেসরকারি নার্স হিসাবে জীবনে প্রতিষ্ঠিত। নার্সিং কোর্সে ভর্তি করানোর পাশাপাশি GO EDUCATION চালু করেছে বিভিন্ন কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারের চাকরির কোচিং, যেমন- AIIMS, RRB, ESIC, DSSSB, PGIMER, JIPMER ইত্যাদি। আগামী দিনে আমাদের রাজ্যেও নার্সিং ক্ষেত্রে সরকারি চাকরি পেতে গেলে পরীক্ষায় বসতে হবে। তাই GNM ও B.Sc. পাশ ছাত্রছাত্রীরা যারা নিজেদের সঠিক কোচিং এর মাধ্যমে বিভিন্ন কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারের চাকরির উপযুক্ত হিসাবে গড়ে তুলতে চাও তারা শীঘ্রই যোগাযোগ করতে পার ডঃ হাসান তথা GO EDUCATION এ। অনলাইন ও অফলাইন কোচিং এর ব্যবস্থা আছে। কোচিং, নার্সিং কোর্সে (GNM, B.Sc., P.B.B.Sc. ও M.Sc. নার্সিং) ভর্তি এবং প্রাইভেট হসপিটালে প্লেসমেন্টের জন্য সরাসরি ফোন করুন — ডঃ হাসান : 8372997425. Go Education, Kaikhali (Near Dum Dum Airport), Kolkata- 700052, website: www.goeducationkolkata.com

CRPF-এ কনস্টেবল ও ASI পদের
পরীক্ষায় আসতে পারে
এমন সম্ভাব্য কয়েক হাজার
প্রশ্নোত্তরের বিশ্লেষণ সহ বেরলো
স্পেশাল সংখ্যা
সাফল্য
সাধারণ জ্ঞান
সাফল্য
Appointment & Career News
হেল্পলাইন : 9830624170

# সাধারণ জ্ঞান

**এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।**

## সাধারণ বিজ্ঞান

১। একই পরমাণুতে দু'টি ইলেক্ট্রনের চারটি কোয়ান্টাম সংখ্যার মান অভিন্ন হতে পারে না। এটি কার নীতি — পাওলির অপবর্জন নীতি।

২। মানুষের চোখ পূর্ণ আকার লাভ করে কত বছর বয়সে — ১৩ বছর।

৩। বাদুড় রাত্রিবেলা চলাচল করে কীভাবে — আল্ট্রাসনিক সাউন্ডের মাধ্যমে প্রতিধ্বনি সৃষ্টি করে।

৪। রান্নার গ্যাস কোন কোন গ্যাসের মিশ্রণ — বিউটেন ও প্রোপেন।

৫। বৈদ্যুতিক বাল্বের ভিতরে কোন গ্যাস সামান্য পরিমাণে ভরা থাকে — নাইট্রোজেন।

৬। বিশুদ্ধতম জল কোনটি — পাতিত জল।

৭। চিনির দ্রবণের সন্ধান ক্রিয়ার সময় কোন গ্যাস উৎপন্ন হয় — কার্বন ডাই অক্সাইড।

৮। পর্যায় সারণীর অন্তর্গত কোন পর্যায়ের মৌলকে আদর্শ মৌল বলে — দ্বিতীয়।

৯। 'রেড ডাটা বুক'এ কোন বিষয়ে তথ্য পাওয়া যায় — বিপদগ্রস্ত উদ্ভিদ ও প্রাণী।

১০। 'On The Origin of Species'



বইটির রচয়িতা কে — চার্লস ডারউইন।

## ইতিহাস

১১। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের কোন উপন্যাসে সন্ন্যাসী-ফকির বিদ্রোহের বর্ণনা পাওয়া যায় — আনন্দমঠ।

১২। ডঃ বি. আর. আম্বেদকর কোন হিন্দু ধর্মগ্রন্থ জনসমক্ষে পুড়িয়ে ফেলেন — মনুস্মৃতি।

১৩। 'ক্রিপস মিশন'এর ব্যর্থতার পর ভারতে কোন আন্দোলন শুরু হয়েছিল — ভারত ছাড়ো আন্দোলন।

১৪। কোন বড়লাটের রাজত্বকালে



'জাতীয় কংগ্রেস' প্রতিষ্ঠিত হয় — লর্ড ডাফরিন।

১৫। কোন ঘটনার পরিপ্রেক্ষিতে 'অসহযোগ আন্দোলন' প্রত্যাহার করে নেওয়া হয় — চৌরিচৌরা।

১৬। 'বঙ্গীয় প্রজাস্বত্ব আইন' কবে পাস হয় — ১৮৮৫ সালে।

১৭। কোন বইকে প্রাচীন ভারতের ভেষজ বিজ্ঞানের বিশ্বকোষ বলা হয় — চরকসংহিতা।

১৮। আলবেরুনী কার সঙ্গে ভারতে আসেন — সুলতান মামুদ।

১৯। দিল্লির কোন সুলতান 'কর্মবিনিয়োগ কেন্দ্র' তৈরি করেন — ফিরোজ শাহ তুঘলক।

২০। কোন যুদ্ধের পর দিল্লির সুলতানি শাসনের অবসান ঘটে — পানিপথের প্রথম যুদ্ধ।

## ভূগোল

২১। চিনাবাদাম উৎপাদনে ভারতের কোন রাজ্য প্রথম স্থান অধিকার করে — গুজরাত।

২২। গঙ্গা, যমুনা ও সরস্বতী নদী কোন শহরের পাশ দিয়ে বয়ে গেছে — এলাহাবাদ (এখন 'প্রয়াগরাজ')।

২৩। 'আমন সেতু' কোন দু'টি দেশকে যুক্ত করেছে — ভারত ও পাক-ই-স্তান।

২৪। বেরিং স্রোত' কোন মহাসাগরে দেখা যায় — প্রশান্ত মহাসাগর।

২৫। 'অষ্টমুদী হ্রদ' ভারতের কোন রাজ্যে আছে — কেরালার কোলাম জেলা।

২৬। কোন শিল্পকে 'উদীয়মান শিল্প' বলে — পেট্রো-রসায়ন শিল্প।

২৭। 'জাভা' দ্বীপ কোন মহাসাগরে আছে — প্রশান্ত মহাসাগর।

২৮। শ্রীনগর কোন নদীর তীরে অবস্থিত — ঝিলম।

২৯। ভারত কোন পথের মাধ্যমে সবথেকে বেশি বিশ্ব বাণিজ্য করে — সুয়েজ খাল।

৩০। ভারতের স্ট্যান্ডার্ড টাইম কোন শহরের স্থানীয় সময় অনুসারে গণনা করা হয় — এলাহাবাদ (এখন প্রয়াগরাজ)।

## অর্থনীতি

৩১। 'বম্বে স্টক এক্সচেঞ্জ লিমিটেড'এর



ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার এখন কে — সুন্দররমন রামমূর্তি।

৩২। ২০২২ সালের ডিসেম্বরে, ভারতে মোট কত টাকার লেনদেন করে রেকর্ড গড়ল 'ইউনিফায়েড পেমেন্টস ইন্টারফেস' — ৭৮২ কোটি।

৩৩। 'ভারতীয় কফি বোর্ড'এর তরফ থেকে প্রকাশিত তথ্য অনুসারে, ২০২২ সালে ভারতের মোট কফি রফতানি কত লাখ টনে পৌঁছেছে — ৪।

৩৪। কে 'ভারতপে'র চিফ এক্সিকিউটিভ অফিসার পদ থেকে পদত্যাগ করলেন — সুহেল সমীর।

৩৫। রাশিয়ার সোচিতে, আর্থিক নিরাপত্তার আন্তর্জাতিক অলিম্পিয়াডে কোন ব্যাঙ্ক সম্প্রতি 'ইএজি লরিয়েট পুরস্কার' পেল — ব্যাঙ্ক অফ বরোদা।

৩৬। 'ব্যাঙ্ক অফ সিঙ্গাপুর'এর চিফ এক্সিকিউটিভ অফিসার কে — জেসন মু।

৩৭। জাপানকে হারিয়ে বিশ্বের তৃতীয় বৃহত্তম গাড়ি বাজারে পরিণত হল কোন দেশ — ভারত।

## সাম্প্রতিক ঘটনা

৩৮। কোন শহরে দেশের প্রথম বর্জ্য থেকে হাইড্রোজেন প্রকল্প স্থাপন করবে ভারত — পুণে।

৩৯। 'ধনু যাত্রা' উৎসব ভারতের কোন রাজ্যের সঙ্গে সম্পর্কিত — ওড়িশা।

৪০। কোথায় মেগা ডেয়ারির উদ্বোধন করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ — কর্ণাটকের মাণ্ড্যা।

৪১। 'ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ডস অথরিটি অফ ইন্ডিয়া'র চিফ এক্সিকিউটিভ অফিসার এখন কে — গাঞ্জি কমলা বর্ধন রাও।

৪২। নয়াদিল্লিতে কেন্দ্রশাসিত অঞ্চলগুলির উন্নয়নমূলক কাজের সম্মেলনে সভাপতিত্ব করেছেন কে — কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

৪৩। ২০২২ সালে কোন কেন্দ্রীয় মন্ত্রক 'সিটি ফাইন্যান্স র‍্যাঙ্কিং' চালু করেছে — আবাসন ও নগর বিষয়ক মন্ত্রক।

৪৪। সম্প্রতি প্রয়াত নীতিন মনমোহন (৬২ বছর) কোন ক্ষেত্রের সঙ্গে যুক্ত ছিলেন — চলচ্চিত্র প্রযোজক।

৪৫। কোথায় সর্বশিক্ষা উদ্যান চালু করা হয়েছে — রাজস্থানের জয়পুরে।

৪৬। ভারতের কোন রাজ্য সরকার রাজস্ব/পাটোয়ারি পুলিশ ব্যবস্থা বাতিল করার সিদ্ধান্ত নিল — উত্তরাখণ্ড।

৪৭। কোন দেশ সম্প্রতি ১ বছরের জন্য, ওয়াসেনার ব্যবস্থার সভাপতিত্বের দায়িত্ব নিল — ভারত।

৪৮। ভারতের কোন রাজ্য সরকার রাজ্যের নিঃস্ব মানুষদের জন্য, ১০১ কোটি টাকা খরচে 'মুখ্যমন্ত্রীর সুখাশ্রয় সহায়তা কোশ' স্থাপন করবে — হিমাচল প্রদেশ।

৪৯। 'বিশ্ব ব্রেইল দিবস' কবে পালিত হয় — ৪ জানুয়ারি (ফ্রান্সের শিক্ষাবিদ লুইস ব্রেইলের জন্মবার্ষিকী উপলক্ষ্যে এই দিনটি পালিত হয়)।

৫০। এবছরের প্রথম ৬ মাসের জন্য, 'কাউন্সিল অফ ইউরোপিয়ান ইউনিয়ন'এর সভাপতিত্ব গ্রহণ করল কোন দেশ — সুইডেন।

৫১। চিনের কনিষ্ঠতম বিদেশমন্ত্রী কে — কিন গ্যাং।

৫২। কাকে বিহারের স্টেট আইকন হিসাবে, নিযুক্ত করল নির্বাচন কমিশন — লোকশিল্পী মৈথিলী ঠাকুর।

৫৩। 'রিপোর্টার্স উইদাউট বর্ডারস'এর তরফ থেকে প্রকাশিত বার্ষিক প্রতিবেদন অনুসারে, গত ২ দশকে (২০০৩-২০২২) সাংবাদিকতার কাজের জন্য বিশ্বব্যাপী মোট কতজন সাংবাদিককে হত্যা করা হয়েছে — ১,৬৬৮।

৫৪। কোন সালকে সারা বিশ্বে আন্তর্জাতিক জোয়ার-বাজরার বছর হিসাবে পালন করা হচ্ছে — ২০২৩ সাল।

৫৫। কোন ২ দেশ পারমাণবিক স্থাপনার তথ্য বিনিময় করল — ভারত ও পাক-ই-স্তান।

৫৬। ভারতের কোন রাজ্যের 'জগা মিশন' এবছর 'ইউএন-হ্যাবিট্যাট বিশ্ব হ্যাবিট্যাট পুরস্কার' পেল — ওড়িশা।

৫৭। কে সর্বসম্মতিক্রমে, হিমাচল প্রদেশ বিধানসভার অধ্যক্ষ নির্বাচিত হলেন — কুলদীপ সিং পাঠানিয়া।

৫৮। মণিপুরের কোন সম্প্রদায় প্রতি বছর ফসল কাটার পর 'গাঁ-নগাই' উৎসব পালন করে — জেলিয়াংরং।

৫৯। সম্প্রতি প্রয়াত হীরাবেন (১০০



বছর) কার মা ছিলেন — প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

৬০। সেন্টার ফর মনিটরিং ইন্ডিয়ান ইকোনমি'র তরফ থেকে করা এক সমীক্ষা অনুযায়ী, ভারতের কোন রাজ্যে ২০২২ সালের ডিসেম্বরে বেকারদের হার সবথেকে বেশি ছিল — হরিয়ানা (৩৭.৪%)।

৬১। ১৭তম 'প্রবাসী ভারতীয় সম্মান'



পাচ্ছেন মহম্মদ ইরফান আলি। তিনি কোন দেশের প্রেসিডেন্ট — গায়ানা।

৬২। সম্প্রতি প্রয়াত প্রখ্যাত গায়িকা সুমিত্রা সেন (৮৯ বছর) কোন ধরনের গানের জন্য বিখ্যাত ছিলেন — রবীন্দ্রসঙ্গীত।

৬৩। চিনের আর্থিক ও কারিগরি সহায়তায়, কোন দেশ পোখারা আন্তর্জাতিক বিমানবন্দর উদ্বোধন করল — নেপাল।

৬৪। ৪ বছরের জন্য, 'এশিয়ান প্যাসিফিক পোস্টাল ইউনিয়ন'এর সেক্রেটারি জেনারেল কে হলেন — ড.বিনয় প্রকাশ সিং।

৬৫। ভারতের কোন রাজ্যে 'মিশন-৯২৯' শুরু করল 'ভারতীয় নির্বাচন কমিশন' — ত্রিপুরা।

৬৬। কোথায় গবাদি পশুর জন্য, ভারতের প্রথম ভ্রাম্যমান (মোবাইল) ইন-ভিট্রো ফার্টিলাইজেশন ভ্যানের উদ্বোধন হল — গুজরাতের আমরেলি।

৬৭। কোন দেশ ইউরোকে তাদের মুদ্রা হিসাবে গ্রহণ করল — ক্রোয়েশিয়া।

৬৮। ২০২৩ সালে ১০৮ তম 'ভারতীয় বিজ্ঞান কংগ্রেস' কোন শহরে অনুষ্ঠিত হয়েছে — নাগপুর।

৬৯। 'ভারতীয় বিমান বাহিনী'র ওয়েস্টার্ন কম্যান্ডের প্রধান কে — এয়ার মার্শাল পঙ্কজ মোহন।

৭০। বিশ্ব যুদ্ধ অনাথ শিশু দিবস' কবে পালিত হয় — ৬ জানুয়ারি।

৭১। ভারতের কোন রাজ্য সরকার 'দিদির সুরক্ষা কবচ' নামে ক্যাম্পেন চালু করল — পশ্চিমবঙ্গ।

৭২। ৪৬তম 'আন্তর্জাতিক কলকাতা বইমেলা'র থিম কান্ট্রি কী — স্পেন।

৭৩। ২০২১ সালের জন্য, ভারতের কোন রাজ্যের জালনা জেলা পুলিশ ও নাগপুর পুলিশ 'সেরা পুলিশ ইউনিট' পুরস্কার পেল — মহারাষ্ট্র।

৭৪। গোয়ার 'মোপা বিমানবন্দর'এর নাম কার নামে রাখা হবে — গোয়ার প্রয়াত প্রাক্তন মুখ্যমন্ত্রী মনোহর পারিক্কর।

৭৫। বিশ্বের বৃহত্তম হকি স্টেডিয়াম কোথায় চালু হল — ওড়িশার রৌরকেলা (এটির নাম 'বীরসা মুন্ডা হকি স্টেডিয়াম')।

৭৬। কে 'Human Anatomy' নামে মেডিক্যাল বই লিখেছেন — ড. এ. কে. দ্বিবেদী।

৭৭। প্রথম জি-২০ মিটিং কোথায় হলে — পুদুচেরি।

৭৮। বিশ্বের প্রথম পাম পাতার পাণ্ডুলিপির জাদুঘর কোথায় চালু হয়েছে — কেরালার তিরুবনন্তপুরম।

৭৯। 'অবতার' কোম্পানির সমীক্ষা অনুসারে, মহিলাদের চাকরি প্রদানে ভারতের কোন শহর শীর্ষ স্থানে রয়েছে — চেন্নাই।

৮০। ২০২২ সালে কে 'ওদাকুঝাল পুরস্কার'এর জন্য নির্বাচিত হয়েছেন — লেখক অম্বিকাসুথান মাঙ্গাদ ('প্রাণবায়ু' নামে ছোটগল্প সংকলনের জন্য)।

৮১। ভারতের ২৬তম 'জাতীয় যুব উৎসব' কোন রাজ্যে রয়েছে — কর্ণাটক।

৮২। সম্প্রতি প্রয়াত ওয়াল্টার কানিংহাম (৯০ বছর) কোন সংস্থার সঙ্গে যুক্ত ছিলেন — নাসা।

৮৩। 'Ambedkar : A Life' বইটির লেখক কে — শশী থারুর।

৮৪। ভারতের কোন রেলওয়ে স্টেশন 'ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ডস অথরিটি অফ ইন্ডিয়া'র তরফ থেকে ৫ স্টার রেটিং তথা 'ইট রাইট স্টেশন' শংসাপত্র পেল — বারাণসী ক্যান্টনমেন্ট রেলওয়ে স্টেশন।

৮৫। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'মুখ্যমন্ত্রী আবাসিক জমি অধিকার প্রকল্প' চালু করল — মধ্য প্রদেশ।

৮৬। ভারতীয় পাব্লিক এন্টারপ্রাইজ সমীক্ষা ২০২১-'২২ অনুযায়ী, ২০২১-'২২ সালে শীর্ষ মুনাফা অর্জনকারী কেন্দ্রীয় পাব্লিক সেক্টর এন্টারপ্রাইজ কারা — ওএনজিসি।

## খেলাধূলা

৮৭। সম্প্রতি প্রয়াত শ্যামল ঘোষ (৭১ বছর) কোন খেলার সঙ্গে যুক্ত ছিলেন — ফুটবল।

৮৮। জাতীয় দলে খেলার সুযোগ পেতে, ফিটনেসের যোগ্যতামান হিসাবে এবার থেকে 'ইয়ো-ইয়ো' টেস্ট ও 'ডেক্সা' টেস্ট বাধ্যতামূলক করল কারা — বিসিসিআই।

৮৯। কে ভারতের দ্রুততম বোলার হলেন — জম্মু ও কাশ্মীরের পেসার উমরান মালিক (শ্রীলঙ্কার বিরুদ্ধে



প্রথম টোয়েন্টি-২০ ম্যাচে, ১৫৫ কিলোমিটার প্রতি ঘন্টা গতিতে বল করেছেন তিনি)।

৯০। অস্ট্রেলিয়ার প্রথম মহিলা ক্রিকেটার হিসাবে 'সিডনি ক্রিকেট গ্রাউন্ড'এ কার ব্রঞ্জের মূর্তি বসানো হল — বেলিন্ডা ক্লার্ক।

৯১। প্রণেশ এম. ভারতের কত তম গ্র্যান্ডমাস্টার — ৭৯।

সংকলক : পলি দেওয়ান

# কলকাতার বাহারি খাবারে জমজমাট বি.এন.জি'র খাদ্য উৎসব



**নিজস্ব প্রতিনিধি :** রাজ্যে হোটেল ম্যানেজমেন্ট শিক্ষার এক অগ্রণী প্রতিষ্ঠান বিএনজি হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট। এখান থেকে হোটেল ম্যানেজমেন্ট কোর্স পড়ে ছেলে-মেয়েরা দেশে- বিদেশে চাকরি করছেন। হোটেল ম্যানেজমেন্ট কোর্সের এক অন্তর্ভুক্ত বিষয় ফুড প্রোডাকশন। নানা ধরনের খাদ্য তৈরি। শিক্ষার্থীদের উৎসাহ দিতে তাদের তৈরি নানা ধরনের খাবার দিয়ে প্রতি বছর প্রতিষ্ঠানের উদ্যোগে বার্ষিক খাদ্য উৎসব হয়। এ বছর খাদ্য উৎসব 'খাদ্য রসিক' এর আয়োজন করা হয় বিএনজি'র মেন ক্যাম্পাসে ১৪ জানুয়ারি। ছিলেন মৌলানা আবুল কালাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সৈকত মৈত্র, বিধাননগর পুরনিগমের ডেপুটি মেয়র অনিতা মণ্ডল, স্থানীয় বিধায়ক তাপস চট্টোপাধ্যায় ও স্থানীয় কাউন্সিলর বীনু মণ্ডল। এছাড়াও ছিলেন বিভিন্ন হোটেলের আধিকারিকরা। অতিথিদের সংবর্ধনা জানান প্রতিষ্ঠানের অধ্যক্ষ। প্রতিষ্ঠান ও শিক্ষার্থীদের উদ্যোগ দেখে অতিথিরা ভূয়সী প্রশংসা করেন। বিএনজি'র প্রিন্সিপাল বুধাদিত্য পাল জানান, শিক্ষার্থীদের উৎসাহ দেওয়ার জন্য তাদের তৈরি নানা ধরনের খাবার নিয়ে ফুড ফেস্টিভ্যাল করা হয়। হোটেল ম্যানেজমেন্টের এক গুরুত্বপূর্ণ কারিকুলামের অংশ নানাধরনের খাবার তৈরি। প্রবল উৎসাহে ছাত্রছাত্রীরা এই উৎসবে অংশ নিয়েছে। এবারের খাদ্য উৎসবের থিম ছিল কলকাতা। ১৪টি স্টলে ছিল কলকাতার স্ট্রিট ফুড ও কলকাতার মেন কোর্সের বাহারি খাবার। ২ ধরনের খাবার কলকাতার ঐতিহ্য। কলকাতা স্ট্রিট ফুড'এর স্টলে ছিল -বই পাড়ার চা-কফি, ডেকার্স লেনের ঘুগনি টোস্ট, ধর্মতলার আলু কাবলি, আমহার্ট স্ট্রিটের তেলেভাজা, ফেয়ারলি প্লেসের লুচি, আলুর দম।



প্রতিটি স্টলের ছিল বাহারি শ্লোগান, যেমন ঝালমুড়ির স্টলের শ্লোগান ছিল হাতে নিয়ে মুচমুচে ঝালমুড়ি-জানুন ভিক্টোরিয়া মেমোরিয়্যালের হিস্ট্রি আবার লুচি আলু দমের স্টলের শ্লোগান ছিল- ফেয়ারলি প্লেসের লুচি আর আলুর দম করুন টেস্ট-প্রমিস রইল আপনার টাকা হবে না ওয়েস্ট। অন্যদিকে, কলকাতার মেন কোর্সে ছিল শোভাবাজারের ফিশ কবিরাজি, পার্ক সার্কাসের বিরিয়ানি, খিদিরপুরের নিহারি সঙ্গে রুমালি রুটি, বড়বাজারের নভরতন কোর্মা, চায়না টাউনের গার্লিক চিকেন আর চাউমিন, ভবানীপুরের মিষ্টি দই, চিৎপুরের ফিরনি, বঙ্কিম চ্যাটার্জি স্ট্রিটের পান। অতিথিরা সবাই প্রাণ ভরে বাহারি খাবারের স্বাদ নেন ও তৃপ্ত হন। শুধু কী তাই। ছাত্ররা সেজে ছিলেন ফেলুদা, তোপসে, মগনলাল। ছিল মছলিবাবা। কলকাতা স্ট্রিট ফুড-এর স্টল থেকে বেরোনোর পর সবাইকে মছলি বাবা আশীর্বাদ করেন মাছের আঁশের সামগ্রী দিয়ে তৈরি বিএনজি'র মোড়ক। শিক্ষার্থী, শিক্ষক ও অতিথিদের সমাগমে জমজমাট হয়ে উঠে বিএনজি'র বার্ষিক ফুড ফেস্টিভ্যাল 'খাদ্য রসিক'। ফুড ফেস্টিভ্যালে অংশ নিতে পেরে বি.এন.জি'র ছাত্রছাত্রীরা খুব খুশি হন।

# জীবনবিমায় ৩০০ অফিসার

১ পাতার পর

হতে হবে ২-১-১৯৯৩ থেকে ১-১-২০০২'এর মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর আর দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর, জীবনবিমায় কর্মরতরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৫৩,৬০০-১,০২,০৯০ টাকা। শুরুতে মোট মাইনে মাসে প্রায় ৯২,৮৭০ টাকা। এছাড়াও অন্যান্য ভাতা পাবেন।

**শূন্যপদ :** ৩০০টি (জেনাঃ ১১২, ও.বি.সি. ৮৪, তঃজাঃ ৫০, তঃউঃজাঃ ২৭, ই.ডব্লু.এস. ২৭)। এর মধ্যে অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ৫, দৃষ্টিহীন প্রতিবন্ধী ৪, বধির ৬। মোট শূন্যপদের মধ্যে ব্যাকলগ শূন্যপদ ২৩টি। শুরুতে ১ বছরের প্রবেশন, যা ২ বছর পর্যন্ত বাড়তে পারে।

**প্রার্থী বাছাই পদ্ধতি :** প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইন প্রিলিমিনারি পরীক্ষা হবে ১৭ ও ২০ ফেব্রুয়ারি। সফল হলে মেন পরীক্ষা। পরীক্ষা হবে কলকাতা / গ্রেটার কলকাতা, আগরতলা, জিরানিয়া, গ্যাংটক, ভুবনেশ্বর, আইজল, শিলং, পটনা, জোড়হাট, শিলচর, গুয়াহাটি, ডিব্রুগড়।

প্রিলিমিনারি পরীক্ষায় ৭০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) রিজনিং এবিলিটি-৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন, (২) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউট-৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন, (৩) ইংলিশ ল্যাঙ্গোয়েজ-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন,। সময় থাকবে ১ ঘন্টা।

এরপর মেন পরীক্ষা হবে ১৮ মার্চ। এই পরীক্ষায় ৩০০ নম্বরের ১২০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে, এই ৪টি বিষয়ে : (১) রিজনিং এবিলিটি — ৯০ নম্বরের ৩০টি প্রশ্ন, (২) জেনারেল নলেজ ও কারেন্ট অ্যাফেয়ার্স — ৬০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৩) ডাটা অ্যানালাইসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন — ৯০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৪) ইনসিওরেন্স অ্যান্ড ফিনান্সিয়াল মার্কেটিং অ্যাওয়ারনেস— ৬০ নম্বরের ৩০টি প্রশ্ন। সময় থাকবে ২ ঘন্টা।

এছাড়াও ৩০ মিনিটের ২৫ নম্বরের দু'টি প্রশ্নের উত্তর লিখতে হবে ইংরিজি ল্যাঙ্গোয়েজ (চিঠি লেখা ও প্রবন্ধ লেখা বিষয়ে)।

অবজেক্টিভ টাইপের পার্টে নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য ৪ ভাগের ১ ভাগ নম্বর কাটা হবে। প্রতিটি পার্টে পাশ নম্বর পেতে হবে ও মোট কোয়ালিফাইং নম্বর পেলে ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। তপশিলীরা প্রি-এক্সামিনেশন ট্রেনিং নিতে পারবেন। এজন্য জীবনবিমা নিগমের ডিভিশনাল অফিসে নাম নথিভুক্ত করবেন।

**দরখাস্ত করার পদ্ধতি :** দরখাস্ত করবেন অনলাইনে, ৩১ জানুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : http://www.licindia.in/careers.htm এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে ফটো, সিগনেচার ও লেফট থাম্ব ইমপ্রেশন জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। এছাড়াও নিচের এই প্যারাগ্রাফটি নিজের হাতে লিখে স্ক্যান করে নেবেন : 'I.... (Name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required'.

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন পরীক্ষা ফী বাবদ ৭০০ (তপশিলী ও প্রতিবন্ধী হলে ৮৫) টাকা ডেবিট কার্ড (রুপে, ভিসা, মাস্টার, মেয়েস্ট্রো), ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং, আই.এম.পি.এস., ক্যাশ কার্ড বা, মোবাইল ওয়ালেটে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর 'ই-রিসিপ্ট' প্রিন্ট করে নেবেন। টাকা জমা দেবেন নাম রেজিস্ট্রেশন করার অন্তত ২ দিন পর। টাকা জমা নেওয়া হবে ৩১ জানুয়ারি পর্যন্ত। ইন্টারভিউয়ের সময় যাবতীয় প্রমাণপত্রের মূল সঙ্গে নিয়ে যাবেন।

# ৫,৪৫০ অ্যাপ্রেন্টিস ট্রেনি

১ পাতার পর

'নন-আই.টি.আই. ক্যাটেগরি' হিসাবে আবেদন করতে পারেন। শূন্যপদ : ১,৯৩৬টি।

মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশরা এন.সি.ভি.টি. বা, এস.সি.ভি.টি.'র স্বীকৃত আই.টি.আই. থেকে যে কোনো একটি ট্রেডে সার্টিফিকেট কোর্স পাশ হলে আর অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে 'আই.টি.আই. ক্যাটেগরি' হিসাবে আবেদনের যোগ্য। শূন্যপদ : ৩,৫১৪টি।

**বয়স :** সব ক্ষেত্রে বয়স হতে হবে দরখাস্ত করার শেষ তারিখের হিসাবে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। আই.টি.আই. থেকে সার্টিফিকেট কোর্স পাশ হলে যত বছরের কোর্স পড়েছেন তত বছর বয়সের ছাড় পাবেন। শারীরিক ও মানসিক সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। কোনোরকম দৈহিক ত্রুটি থাকলে আবেদন করবেন না। ট্রেনিংয়ের মেয়াদ ৩ বছর বা, ট্রেড অনুযায়ী ৪ বছর পর্যন্ত বাড়তে পারে। তখন স্টাইপেন্ড পাবেন প্রথম বছর সংশ্লিষ্ট রাজ্যের অদক্ষ কর্মীর ন্যূনতম বেতনের ৭০%। দ্বিতীয় বছর সংশ্লিষ্ট রাজ্যের অদক্ষ কর্মীর ন্যূনতম বেতনের ৮০%। তৃতীয় বছর সংশ্লিষ্ট রাজ্যের অদক্ষ কর্মীর ন্যূনতম বেতনের ৯০%। এই স্টাইপেন্ড নিলে অন্য কোনো স্টাইপেন্ড পাবেন না। বিজ্ঞপ্তি নং : CBC 10201/12/0016/2223, EN 42/96.

১৯৬১ সালের অ্যাপ্রেন্টিস আইন ও ১৯৯৫ সালের ডি.এ. আইনানুযায়ী এই ট্রেনিং দেওয়া হবে। তপশিলী ও প্রতিবন্ধীদের জন্য কিছু সীট সংরক্ষিত।

ট্রেনিংয়ে সফল হলে চাকরি হতে পারে। তবে চাকরি দেওয়াটা বাধ্যতামূলক নয়। হস্টেল নেই। ট্রেনিং চলার সময় ডাক্তারি খরচ পাবেন।

**প্রার্থী বাছাই পদ্ধতি :** প্রার্থী বাছাই হবে মেধার ভিত্তিতে। এক্স-আই.টি.আই. প্রার্থীদের বেলায় মাধ্যমিক ও আই.টি.আই. কোর্সে পাওয়া নম্বর দেখে ক্যাটেগরিভিত্তিক, ক্যাটেগরি ভিত্তিক তালিকা তৈরি হবে। নন-আই.টি.আই. প্রার্থীদের বেলায় মাধ্যমিকে পাওয়া নম্বর দেখে মেধা তালিকা তৈরি হবে। এরপর হবে ডাক্তারি পরীক্ষা। পরীক্ষা নেবে সংশ্লিষ্ট ক্যাটেগরি বোর্ড।

**দরখাস্ত করার পদ্ধতি :** দরখাস্ত করবেন অনলাইনে, এই ওয়েবসাইটে : http://www.yantraindia.co.in অনলাইনে দরখাস্ত করতে পারবেন জানুয়ারি মাসের চতুর্থ সপ্তাহ থেকে। কবে থেকে অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হবে, কোন অর্ডন্যান্স ফ্যাক্টরিতে ক'টি শূন্যপদ ইত্যাদি বিস্তারিত তথ্য 'কর্মসংস্থান'এর পরবর্তী সংখ্যায় দেওয়া হবে। যাঁরা অ্যাপ্রেন্টিস ট্রেনিংয়ের জন্য www.apprenticeship.gov.in এই ওয়েবসাইটে দরখাস্ত করেছেন, তাঁদের বেলায় নতুন করে দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটে : http://www.yantraindia.co.in

ALP & TECHNICIAN
new batch starts
OFFLINE & ONLINE
WBPSC-JE, KMC, KMDA, PDCL, TCL, DCL ইত্যাদি পরীক্ষার প্রশিক্ষণ
সরকারি চাকরির পরীক্ষায় বিগত 12 বছর ধরে ধারাবাহিক ভাবে সাফল্য দিয়ে আসছে iteé Institute
Visit our success in
www.iteeonlineportal.com
YouTube iteé
DUMDUM
8910393989
JELET EXAM-এর OFFLINE & ONLINE ব্যাচ চলছে

# 'সি-টেট' পাশদের

১ পাতার পর

টিচার পদের ইন্টারভিউয়ের জন্য অফলাইনে দরখাস্ত নেওয়া শুরু হয়েছে ১৩ জানুয়ারি থেকে। চলবে ২০ জানুয়ারি বেলা সাড়ে ৫টা পর্যন্ত। 'সি-টেট' পাশ প্রার্থীরা এইসব প্রমাণপত্র নিয়ে সরাসরি প্রাথমিক শিক্ষা পর্ষদের অফিসে গিয়ে নির্দিষ্ট ড্রপ বক্সে জমা দিতে পারবেন। যে যে প্রমাণপত্র নিয়ে যেতে হবে : (ক) ২০২২-এর রিক্রুটমেন্ট প্রসেসে অংশ নিতে চান, সেটি জানিয়ে একটি দরখাস্ত, (খ) সি-টেট পরীক্ষার অ্যাডমিট কার্ড, (গ) 'সি-টেট' যোগ্যতার প্রমাণপত্র, (ঘ) মাধ্যমিকের অ্যাডমিট কার্ড বা, সার্টিফিকেট, (ঙ) ডি.এল.এড., ডি.এড. (স্পেশাল এডুকেশন), বি.এড. (স্পেশাল এডুকেশন), বি.এড., বি.পি.এড. যোগ্যতার মার্কশীট ও সার্টিফিকেট, (চ) কাস্ট সার্টিফিকেট, (ছ) ভোটার আই.ডি. কার্ড বা, আধার কার্ড। ঠিকানা : পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ, আচার্য প্রফুল্ল চন্দ্র ভবন, ডি.কে. ৭/১, সল্ট লেক, সেক্টর-২, কলকাতা -৯১। আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.wbbpe.org

# ৫ম পর্যায়ের ইন্টারভিউয়ের

১ পাতার পর

প্রাথমিক শিক্ষা পর্ষদ। প্রথম শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত স্কুলে 'প্রাইমারি টিচার' পদে ১১,৭৬৫টি শূন্যপদে 'টেট' পাশ প্রার্থীদের পঞ্চম ফেজের ইন্টারভিউ চলছে। আরো ৫টি জেলার ইন্টারভিউয়ের তারিখ ঘোষণা করল পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ।

পশ্চিম বর্ধমান জেলার প্রার্থীদের ইন্টারভিউ হবে ১৬ জানুয়ারি। পশ্চিম মেদিনীপুর জেলার প্রার্থীদের ইন্টারভিউ হবে ১৭ ও ১৮ জানুয়ারি। জলপাইগুড়ি জেলার প্রার্থীদের ইন্টারভিউ হবে ২৪ জানুয়ারি। উত্তর দিনাজপুর জেলার প্রার্থীদের ইন্টারভিউ হবে ২৭ ও ২৮ জানুয়ারি। কোচবিহার জেলার প্রার্থীদের ইন্টারভিউ হবে ৩০ ও ৩১ জানুয়ারি আর ১ ফেব্রুয়ারি। বাঁকুড়া জেলার প্রার্থীদের ইন্টারভিউ হবে ৭, ৮, ৯ ও ১০ ফেব্রুয়ারি।

ইন্টারভিউয়ের কল লেটার প্রার্থীর ই-মেল আই.ডি.-তে পাঠানো হয়েছে। এছাড়া প্রার্থীরা সরাসরি ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.wbbpe.org, www.wbbprimaryeducation.org

বেরিয়েছে
সব চাকরি পরীক্ষার
Current Affairs-এ
আসবেই, এমনভাবে
প্রশ্নোত্তর আকারে সাজিয়ে,
বেরোল
সাফল্য
২১২ পাতার বিশেষ সংখ্যা
ফিরে দেখা ২০২২
আর কয়েকদিনের মধ্যে বোরাবে
২০২৩ সালের WBCS-এর বিজ্ঞপ্তি।
তাই এখন থেকেই চালু হল
স্পেশাল WBCS ম্যানুয়াল
এছাড়াও বেরোল
কেন্দ্রীয় ৮ বাহিনীর কনস্টেবল
পরীক্ষার কয়েকশো প্রশ্নোত্তরের সেট
না পেলে সরাসরি যোগাযোগ করুন : 9830624170

## সি.আই.এস.এফ.'এ ৪৫১

১ পাতার পর

পাশ ছেলেরা ভারি মোটর ভেহিক্যাল বা, ট্রান্সপোর্ট ভেহিক্যাল, হাল্কা মোটর ভেহিক্যাল ও মোটর সাইকেল (গিয়ার-সহ) চালানোর বৈধ লাইসেন্স থাকলে ওই দুই পদের জন্যই 'ডাইরেক্ট' প্রার্থী হিসাবে আবেদন করতে পারেন। হাল্কা ও ভারী গাড়ি চালানোর কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অভিজ্ঞতা হিসাব করা হবে হাল্কা গাড়ি চালানোর বৈধ লাইসেন্স পাওয়ার তারিখ থেকে।

**বয়স** : বয়স হতে হবে ২২-২-২০২৩'র হিসাবে ২১ থেকে ২৭ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, সি.আই.এস.এফ.'এ কর্মরতরা ১০ বছর আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

**শরীরের মাপজোখ** : শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৭ সেমি (অসম, ত্রিপুরা, গোর্খা ও সিকিমের ছেলেরা আর তপশিলী উপজাতি সম্প্রদায়ের ছেলেরা ৭ সেমি ছাড় পাবেন)। বুকের ছাতি না-ফুলিয়ে ৮০ সেমি ও ফুলিয়ে ৮৫ সেমি (অসম, ত্রিপুরা, গোর্খা ও সিকিমীরা ২ সেমি আর তপশিলী উপজাতিরা ৪ সেমি ছাড় পাবেন)। উচ্চতা ও বয়সের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন থাকতে হবে। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া দূরের বেলায় ৬/৬ বা চশমা পড়ে উভয় চোখে ৬/৯ পর্যন্ত সংশোধনযোগ্য। ভাঙা হাঁটু, পায়ের চ্যাটালো পাতা, ধনুকের মতো পা, শিরাস্ফীতি, বর্ণান্ধতা বা, অন্য কোনো শারীরিক ত্রুটি থাকলে আবেদন করার যোগ্য নন। মূল মাইনে ২১,৭০০-৬৯,১০০ টাকা।

**শূন্যপদ** : ৪৫১টি। এর মধ্যে ড্রাইভার / কনস্টেবল ড্রাইভার (ডাইরেক্ট) পদে : ১৮৩টি (জেনাঃ ৭৬, ও.বি.সি. ৪৯, তঃজাঃ ২৭, তঃউঃজাঃ ১৩, ই.ডব্লু.এস. ১৮)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১৮।

ড্রাইভার -কাম-পাম্প অপারেটর / কনস্টেবল (ডি.সি.পি.ও.) পদে ২৬৮টি (জেনাঃ ১১১, ও.বি.সি. ৭২, তঃজাঃ ৪০, তঃউঃজাঃ ১৯, ই.ডব্লু.এস. ২৬)। এর মধ্যে প্রাঃসঃকঃ ২৭।

**প্রার্থী বাছাই পদ্ধতি** : প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে বয়স, শিক্ষাগত যোগ্যতা, উচ্চতা, বুকের ছাতি, ড্রাইভিং লাইসেন্স, অভিজ্ঞতা ইত্যাদি দেখা হবে। এরপর শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে : (১) ৩ মিনিট ১৫ সেকেন্ডে ৮০০ মিটার দৌড়, (২) ৩ সুযোগে ১১ ফুট লং জাম্প, (৪) ৩ সুযোগে সাড়ে ৩ ফুট হাই জাম্প। ওপরের সব পরীক্ষার কোনো একটিতে সফল না হলে বাতিল করা হবে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় সফল হলে ১০০ নম্বরের ট্রেড টেস্টে থাকবে এইসব বিষয় : (ক) হাল্কা গাড়ি চালানোর টেস্ট (ড্রাইভিং)-৫০ নম্বর, (খ) ভারী গাড়ি চালানোর টেস্ট (ড্রাইভিং) -৫০ নম্বর, (গ) মোটর মেকানিকের কাজে জ্ঞান ও ছোটোখাটো গাড়ি মেরামতির কাজের পরীক্ষা - ৩০ নম্বর। কোয়ালিফাইং নম্বর হিসাবে হাল্কা গাড়ি চালানোর জন্য ২৫, ভারী গাড়ি চালানোর জন্য ২৫ আর মোটর মেকানিকের জন্য ১৫ পেতে হবে।

সফল হলে ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল অ্যাওয়ারনেস / জেনারেল নলেজ, নলেজ অফ এলিমেন্টারি ম্যাথমেটিক্স, অ্যানালিটিক্যাল অ্যাপ্টিটিউড, ইংরিজির বেসিক নলেজ। লিখিত পরীক্ষায় ৩৫% (তপশিলী, ও.বি.সি. হলে ৩৩%) নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন। ১০ নম্বর পেলে সফল হবেন। এরপর হবে ডাক্তারি পরীক্ষা।

**দরখাস্ত করার পদ্ধতি** : দরখাস্ত করবেন অনলাইনে, ২০ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.cisfrectt.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. ও ফোন নম্বর থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার, বয়স, শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে যাবতীয় তথ্য দিয়ে। তখন ইউজার আই.ডি. ও পাশওয়ার্ড পাবেন। তারপর আবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর ফটো ও সিগনেচার আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড কিংবা স্টেট ব্যাঙ্কের চালানের মাধ্যমে জমা দিতে হবে। তপশিলী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## আর্মিতে ১৮৯ টেক. অফিসার

৩ পাতার পর

কম্পিউটার সায়েন্স ও ইনফর্মেশন টেকনোলজি' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ছেলে ৪২টি ও মেয়ে ৫টি।

ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল (ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার), পাওয়ার সিস্টেম ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স (পাওয়ার সিস্টেম), ইলেক্ট্রিক্যাল অ্যান্ড মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড পাওয়ার, ইলেক্ট্রিক্যাল ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রিক্যাল ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার ইঞ্জিনিয়ারিং, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইন্সট্রুমেন্টেশন টেকনোলজি, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'ইলেক্ট্রিক্যাল/ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ও ইন্সট্রুমেন্টেশন' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ছেলে ১৭টি ও মেয়ে ১টি।

ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, পাওয়ার ইলেক্ট্রনিক্স অ্যান্ড ড্রাইভস, পাওয়ার ইলেক্ট্রনিক্স, পাওয়ার ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার ইঞ্জিনিয়ারিং, ডিজিটাল টেকনিক্স ফর ডিজাইন অ্যান্ড প্ল্যানিং, ইলেক্ট্রনিক্স সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কন্ট্রোল সিস্টেমস, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স ডিজাইন টেকনোলজি, ইলেক্ট্রনিক্স সিস্টেম ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স টেকনোলজি, রেডিও ফিজিক্স অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং, অপটিক্স অ্যান্ড অপ্টো ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিমেট্রিক ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিমেটিক্স ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (টেকনোলজিশিয়ান ইলেক্ট্রনিক রেডিও), ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (টেকনোলজি ইন ইলেক্ট্রিক রেডিও), এম.এসসি. ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন (কমিউনিকেশন সিস্টেম ইঞ্জিনিয়ারিং), ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইন্ডাস্ট্রি ইন্টিগ্রেটেড), ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (মাইক্রোওয়েভ), অ্যাডভান্সড কমিউনিকেশন অ্যান্ড ইনফর্মেশন সিস্টেম, অ্যাডভান্সড ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, এম.এসসি. কমিউনিকেশন, এম.এসসি. মাইক্রোইলেক্ট্রনিক্স অ্যান্ড অ্যাডভান্সড কমিউনিকেশন, ফাইবার অপটিক্স, টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, মাইক্রো ইলেক্ট্রনিক্স অ্যান্ড মাইক্রোওয়েভ ইঞ্জিনিয়ারিং, অপ্টো ইলেক্ট্রনিক্স, অপটিক্স অ্যান্ড অপ্টো ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, স্যাটেলাইট কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকম, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ফাইবার অপটিক্স, টেলিকমিউনিকেশন, মাইক্রো ইলেক্ট্রনিক্স অ্যান্ড মাইক্রোওয়েভ, অপ্টো ইলেক্ট্রনিক্স, স্যাটেলাইট কমিউনিকেশন' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ছেলে ২৬টি ও মেয়ে ২টি।

মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল (মেকাট্রনিক্স) ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিং, অ্যাডভান্স মেকাট্রনিক্স অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল অটোমেশন ইঞ্জিনিয়ারিং, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, প্রোডাক্ট ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, প্রোডাকশন অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং, অটোমোবাইল মেন্টেন্যান্স ইঞ্জিনিয়ারিং, অটোমোটিভ টেকনোলজি, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (অটোমোবাইল), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ইন্ডাস্ট্রি ইন্টিগ্রেটেড), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ম্যানুফ্যাকচারিং ইঞ্জিনিয়ারিং), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (প্রোডাকশন), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ওয়েল্ডিং টেকনোলজি), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অটোমোবাইল, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিজাইন, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল / ম্যানুফ্যাকচারিং ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট ইঞ্জিনিয়ারিং, ম্যানুফ্যাকচারিং ইঞ্জিনিয়ারিং, ম্যানুফ্যাকচারিং ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, ম্যানুফ্যাকচারিং প্রসেস অ্যান্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিং, ম্যানুফ্যাকচারিং সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ম্যানুফ্যাকচারিং টেকনোলজি, ওয়ার্কশপ টেকনোলজি, এরোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং, এরোস্পেস ইঞ্জিনিয়ারিং, এয়ারক্রাফট মেন্টেন্যান্স ইঞ্জিনিয়ারিং, অ্যাভোনিক্স ইঞ্জিনিয়ারিং, অ্যাভিয়েশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'মেকানিক্যাল, প্রোডাকশন, অটোমোবাইল, ইন্ডাস্ট্রিয়াল, ইন্ডাস্ট্রিয়াল / ম্যানুফ্যাকচারিং, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, ওয়ার্কশপ টেকনোলজি, অ্যারোনটিক্যাল, অ্যারোস্পেস ও অ্যাভোনিক্স' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ছেলে ৩১টি ও মেয়ে ৩টি।

প্লাস্টিক টেকনোলজি, রিমোট সেন্সিং, ব্যালিস্টিকস ইঞ্জিনিয়ারিং, বায়ো মেডিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেডিক্যাল ইলেক্ট্রনিক্স, ফুড টেকনোলজি, এগ্রিকালচার ইঞ্জিনিয়ারিং, মেটালার্জিকাল ইঞ্জিনিয়ারিং, মেটালার্জি অ্যান্ড মেটেরিয়াল টেকনোলজি, মেটালার্জি অ্যান্ড মেটেরিয়াল ইঞ্জিনিয়ারিং, মেটালার্জিকাল অ্যান্ড ইঞ্জিনিয়ারিং অ্যান্ড মেটেরিয়াল সায়েন্স, মেটালার্জি অ্যান্ড এক্সপ্লোসিভস ইঞ্জিনিয়ারিং, লেজার টেকনোলজি, বায়ো টেকনোলজি, রাবার টেকনোলজি, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, ট্রান্সপোর্টেশন ইঞ্জিনিয়ারিং, মাইনিং, নিউক্লিয়ার টেকনোলজি, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'প্লাস্টিক টেকনোলজি, রিমোট সেন্সিং, ব্যালিস্টিক্স, বায়ো মেডিক্যাল ইঞ্জিনিয়ারিং, ফুড টেক, অ্যাগ্রিকালচার, মেটালার্জিক্যাল, মেটালার্জি অ্যান্ড এক্সপ্লোসিভ, লেজার টেক, বায়ো টেক, রাবার টেক, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, ট্রান্সপোর্টেশন, মাইনিং, নিউক্লিয়ার টেকনোলজি ও টেক্সটাইল' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ছেলে ৯টি।

ওপরের ওইসব শাখার এবছরের ফাইনাল পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। তবে তাঁদের বেলায় আগামী বছর ১ এপ্রিলের মধ্যে পাশ করে থাকতে হবে।

**বয়স** : বয়স হতে হবে ১-১০-২০২৩'র হিসাবে ২০ থেকে ২৭ বছরের মধ্যে। ছেলেদের চাকরি হবে 61তম SSC (Tech) কোর্সে ও মেয়েদের চাকরি হবে 32তম SSCW(Tech) কোর্সে।

**শরীরের মাপজোখ** : শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় ১৫৭.৫ সেমি আর ওজন হতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। দৃষ্টিশক্তি দরকার ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/১৮। শুরুতে ৪৯ সপ্তাহের ট্রেনিং শুরু অক্টোবরে। তখন স্টাইপেন্ড মাসে ৫৬,১০০ টাকা। সফল হলে লেফটেন্যান্ট পদে চাকরি। তখন মাইনে : ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা।

**প্রার্থী বাছাই পদ্ধতি** : প্রার্থী বাছাই করবে সার্ভিস সিলেকশন বোর্ড। শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বরের ভিত্তিতে প্রাথমিক বাছাই প্রার্থীদের ইন্টারভিউয়ের 'কল লেটার' পাঠানো হবে। ইন্টারভিউ হবে এলাহাবাদ, বেঙ্গালুরু ও ভোপালে। মোট ৫ দিনের এই পরীক্ষায় সাইকোলজি ওরিয়েন্টেড ইন্টেলিজেন্স টেস্ট, গ্রুপ টেস্ট ও ইন্টারভিউ হবে। এরপর ৩-৫ দিনের ডাক্তারি পরীক্ষা। ইন্টারভিউয়ে যাতায়াতের ভাড়া ফেরৎ পাবেন। পরীক্ষা সংক্রান্ত তথ্য ই-মেলে বা, এস.এম.এস.'এ জানানো হবে।

**দরখাস্ত করার পদ্ধতি** : দরখাস্ত করবেন অনলাইনে, ৯ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.joinindianarmy.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। অনলাইনে দরখাস্ত করার পর ২ কপি অ্যাপ্লিকেশন প্রিন্ট করে নেবেন। প্রার্থী বাছাই পরীক্ষার সময় তখন যাবতীয় প্রমাণপত্রের মূল ও প্রিন্ট করা অ্যাপ্লিকেশন ফর্ম নিয়ে যাবেন। কোনো দরখাস্ত ডাকে পাঠাতে হবে না। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ১০ হাজার ছেলেমেয়েকে নার্সিং ট্রেনিং

৩ পাতার পর

থাকবে (ক্যাটেগরি-১'এ থাকবে ৩০টি প্রশ্ন, প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা হবে) (ক্যাটেগরি -২'এ থাকবে ১০টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর। নেগেটিভ মার্কিং নেই)।

(২) ফিজিক্যাল সায়েন্স (নবম ও দশম লেভেল পর্যন্ত) - ২৫ নম্বরের ২০টি প্রশ্ন থাকবে (ক্যাটেগরি-১'এ থাকবে ১৫টি প্রশ্ন, প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা হবে) (ক্যাটেগরি -২'এ থাকবে ৫টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর। নেগেটিভ মার্কিং নেই)।

(৩) ইংরিজি -১৫ নম্বরের ১৫টি প্রশ্ন, (৪) অঙ্ক (নবম ও দশম লেভেল পর্যন্ত)-১০ নম্বরের ১০টি প্রশ্ন, (৫) জেনারেল নলেজ-১০ নম্বরের ১০টি প্রশ্ন। (৬) লজিক্যাল রিজনিং-৫ নম্বরের ৫টি প্রশ্ন।

সময় থাকবে দেড় ঘন্টা। প্রশ্ন হবে ইংরিজি ও বাংলা ভাষায় (ইংরিজি ও লজিক্যাল রিজনিং ছাড়া)। উত্তর দিতে হবে ও.এম.আর. শীটে।

এন্ট্রান্স টেস্টে পাওয়া নম্বর দেখেই চূড়ান্ত মেধা তালিকা তৈরি হবে। এ.এন.এম. ও জি.এন.এম. কোর্সের জন্য দুটি আলাদা 'জেনারেল মেরিট র‍্যাঙ্ক (জি.এম.আর.)' তালিকা তৈরি হবে। এরপর হবে কাউন্সেলিং / সীট অ্যালোকেশন হবে। তখন কোন প্রতিষ্ঠানে ক'টি সীটে কোন কোন প্রার্থীরা কাউন্সেলিংয়ে হাজির হতে পারবেন তা বিজ্ঞপ্তি দিয়ে জানানো হবে।

প্রত্যেক প্রার্থীই র‍্যাঙ্ক কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারেন। তবে সব প্রার্থীই কাউন্সেলিংয়ে ডাক পাবেন না। নির্দিষ্ট কাট অফ র‍্যাঙ্ক বা, কাট অফ স্কোর পর্ষদ ঠিক করবে। অ্যাডমিট কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন।

**দরখাস্ত করার পদ্ধতি** : দরখাস্ত করবেন অনলাইনে, ১৭ জানুয়ারি থেকে ১৩ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.wbjeeb.in, www.wbjeeb.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। দরখাস্ত করার আগে নিচের এইসব প্রমাণপত্র স্ক্যান করে নেবেন : (ক) পাশপোর্ট মাপের রঙিন ফটো (২০-২০০ কেবির মধ্যে) ও সিগনেচার (২০-২০০ কেবির মধ্যে), (খ) বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট, বাসিন্দা সার্টিফিকেট (৫০-৩০০ কেবির মধ্যে)। যাবতীয় সার্টিফিকেট স্ক্যান করবেন পি.ডি.এফ. ফর্ম্যাটে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে। তারপর অ্যাপ্লিকেশন নম্বর, আই.ডি. ও পাসওয়ার্ড পাবেন। যেটি লিখে রাখবেন। এরপর স্ক্যান করা যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৪০০ (তপশিলী, ও.বি.সি., অনাথ শিশুদের জন্য ৩০০) টাকা নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড বা, ক্রেডিট কার্ডে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর 'কনফার্মেশন পেজ' ডাউনলোড করে নেবেন। তারপর সেটি প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। এছাড়াও পাবেন এই ঠিকানায় : Controller of Examinations, West Bengal Joint Entrance Examination Board, DB-118, Sector - I, Salt Lake City, Kolkata - 700 064. Ph: 18001023 781, 1800 123 4782. Email: info@wbjeeb.in

# বিবেকানন্দ আশ্রমিক কোচিং সেন্টার

An ISO 9001 : 2015 Certified,
Govt.. Regn. No [MAS-1/471, L-76204],
Maslandapur, North 24 Parganas

**Coast Guard, LIC, IB, CISF Driver Constable** এ ভর্তি চলছে

**শংকর দার কোচিং**

জীবন যুদ্ধে থাকবো পাশে

**২৪ বছর**

An lustitute with 6500+ Students

**ANM/GNM**
সম্ভাব্য পরীক্ষার তারিখ 2রা জুলাই 2023, ভর্তি চলছে

**ম্যারাথন প্রতিযোগিতা**
পুরুষ ও মহিলা বিভাগে অংশগ্রহণ করার জন্য যোগাযোগ করুন — রাজু সেন : 8617699304

26 শে জানুয়ারী, বৃহস্পতিবার সকাল ১১টা থেকে
**'সমাবর্তন অনুষ্ঠান'**
সকল ছাত্রছাত্রীদের রইল আমন্ত্রণ।
26শে জানুয়ারী সকাল 8টায়
**ম্যারাথন প্রতিযোগিতা**
সকলেই অংশগ্রহণ করতে পারেন।

**RPF**
শূন্যপদ আসন্ন
ভর্তি চলছে

এক ঝাঁক অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকা মণ্ডলীর তত্ত্বাবধানে চলছে আমাদের এই বৃহৎ পরিবার। জীবন যুদ্ধে সফল হতে আপনিও আমাদের পরিবারের সাথে সামিল হন। ভবিষ্যৎ আপনার, তাই সিদ্ধান্ত নেওয়ার দায়িত্বও আপনার। কোথায় ভর্তি হলে সঠিক গাইডেন্স পাবেন, সেটা ভাবুন তারপর ভর্তি হন।

**Railway Group C/D, ALP, Technician**
ইত্যাদি পদে প্রচুর শূন্যপদ আসন্ন। এখন থেকেই ভর্তি হয়ে ক্লাস করুন।

**WBCS 2023**
এর বিজ্ঞপ্তি আসন্ন, ক্লাস হচ্ছে, বারাসাত শাখায়। প্রয়োজনে আগে Demo ক্লাস করুন। যোগাযোগ- 9091003392

**BSF Head Constable** হেড অফিসে ভর্তি চলছে

আমাদের নতুন ব্রাঞ্চ
**উত্তর দিনাজপুর**
মহেন্দ্র গঞ্জ, নাট মন্দিরের পাশে
যোগাযোগ- 9382498725 / 8535963458 / 9733894444
Mail us: care.abctutorials@gmail.com

এখানে 6 মাসের বেসিক কম্পিউটার সার্টিফিকেট কোর্স করানো হয়। এই সার্টিফিকেট যেকোনো সরকারি ও বেসরকারি সেক্টরে গ্রহণযোগ্য।

**Upper Primary, SLST**
ক্লাস হবে হেড অফিস, সিমলাপাল, বারাসাত, সোনারপুর ও তমলুকে। Contact- 9091003392

**WBP Constable**
8600 শূন্যপদ আসন্ন, ভর্তি চলছে

**MTS**
এ ভর্তি চলছে, ক্লাস হবে বারাসাত শাখায়

**সেনাবাহিনীর Nursing Assistant**
ক্লাস শুরু 25 শে জানুয়ারী

হেড অফিসে Physical ও ক্যারাটে শিক্ষনের ব্যবস্থা আছে।

যেকোনো পরীক্ষায় বিজ্ঞাপন বেরোনোর পর প্রস্তুতির সময় খুব কম থাকে। তখন প্রস্তুতি নেওয়া খুব কঠিন হয়ে যায়। কারণ এখন Competition খুব ছাত্রছাত্রীদের মধ্যে, তাই সব কোর্সগুলির জন্য এখন থেকেই ভর্তি হয়ে ক্লাস শুরু করুন।

দূরবর্তী ছাত্র ও ছাত্রীদের থাকা ও খাওয়ার জন্য হেড অফিসে রয়েছে নিজস্ব 4টি হোস্টেল।
- পুলিশ ও সেনাবাহিনীতে সবচেয়ে বেশি চাকরী পায় এই প্রতিষ্ঠান থেকে।
- প্রতি পরীক্ষার আগে প্রচুর মকটেস্ট নেওয়া হয়।
- প্রতিটি শাখায় প্রয়োজন হলে আগে Demo Class করুন তারপর ভর্তি হন।

NAVY | স্কুল সার্ভিস SLST | SSC MTS | AIRFORCE X & Y | WBP SI | R.P.F | সেনাবাহিনী | SSC আর্মিবাহিনী | Railway Gr-D
BSF Tradesman | WBP (MAIN) | Primary TET | Railway Gr-D | স্কুল সার্ভিস গ্রুপ C ও D | কলকাতা পুলিশ | Coast Guard | Upcoming WBP

**হেড অফিস** (সপ্তাহে ৭ দিনই খোলা)
মছলন্দপুর, উত্তর ২৪ পরগনা (শিয়ালদহ থেকে বনগাঁ লোকালে মছলন্দপুর স্টেশন সংলগ্ন জাগরণী সঙ্ঘের সন্নিকটে)
Admission Helpline 9733894444, 9547004388

**বারাসাত শাখা** (শুক্রবার বন্ধ)
বারাসাত ১২ নং রেলগেট এর পাশে নন্দন প্লাজা এর ৩য় তল
(Lords রেস্টুরেন্টের বিপরীতে ডঃ লাল প্যাথ ল্যাব এর উপরে)
Admission Helpline 9635428886

**বাঁকুড়া শাখা**
কাটজুড়িডাঙ্গা, বাঁকুড়া (বাসস্ট্যান্ডের সন্নিকটে সরস্বতী ক্লাবের দোতলায়)
Admission Helpline 8001693133

**সিমলাপাল শাখা**
ঠিকানা : সিমলাপাল স্কুল মোড়, MLA অফিসের ৩য় তল।
Admission Helpline 7001867319

**তমলুক শাখা**
ঠিকানা : নিমতৌড়ি (কালীমন্দির), তমলুক, পূর্ব মেদিনীপুর। নিমতৌড়ি বাসস্ট্যান্ড থেকে ময়নার দিকে ২ মিনিটের পথ।
Admission Helpline 8328770363

**বসিরহাট শাখা**
বসিরহাট স্টেশন রোড (ময়লাখোলা), বসিরহাট ১ নং প্ল্যাটফর্মের পাশে
Admission Helpline 9647303005

**সোনারপুর শাখা**
ঠিকানা : সোনারপুর, বন্ধন ব্যাঙ্কের উপরে, চতুর্থ তল
Admission Helpline 7431823378

**কোতুলপুর শাখা**
Helpline
9107616753
9733894444

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

**১ জানুয়ারি** : চিনের কনিষ্ঠতম বিদেশমন্ত্রী হলেন কিন গ্যাং।

□ রাশিয়ার সোচিতে, আর্থিক নিরাপত্তার আন্তর্জাতিক অলিম্পিয়াডে সম্প্রতি 'ইএজি লরিয়েট পুরস্কার' পেল রাষ্ট্রীয় মালিকানাধীন 'ব্যাঙ্ক অফ বরোদা'।

□ 'রিপোর্টার্স উইদাউট বর্ডারস'এর তরফ থেকে প্রকাশিত বার্ষিক প্রতিবেদন অনুসারে, গত ২ দশকে (২০০৩-২০২২) সাংবাদিকতার কাজের জন্য বিশ্বব্যাপী মোট ১,৬৬৮ জন সাংবাদিককে হত্যা করা হয়েছে। এই প্রতিবেদনে বলা হয়েছে, প্রতি বছর গড়ে ৮০ জন সাংবাদিক মারা যান। সিরিয়ার যুদ্ধের কারণে ২০১২ সালে ১৪৪ জনের বেশি সাংবাদিক ও ২০১৩ সালে ১৪২ জন সাংবাদিক মারা গিয়েছেন। গত ২ দশকে ১৫টি দেশে ৮০% সাংবাদিকের মৃত্যুর ঘটনা ঘটেছে। সিরিয়া ও ইরাকে এই মৃত্যুর হার সবথেকে বেশি। গত ২০ বছরে এই ২ দেশে মোট ৫৭৮ জন সাংবাদিক মারা গিয়েছেন। এছাড়াও, সাংবাদিকদের জন্য সবথেকে অ-নিরাপদ দেশগুলি হল আফগান-ই-স্তান, ইয়েমেন ও প্যালেস্তাইন।



লোকশিল্পী মৈথিলী ঠাকুরকে, বিহারের স্টেট আইকন হিসাবে, নিযুক্ত করল নির্বাচন কমিশন। নির্বাচনী প্রক্রিয়ায় অংশ নেওয়ার জন্য ভোটারদের মধ্যে সচেতনতা তৈরি করবেন তিনি। প্রসঙ্গত উল্লেখ্য, বিহারের লোক সঙ্গীতে অসামান্য অবদান রাখার জন্য, ২০২১ সালে সঙ্গীত নাটক আকাদেমির 'উস্তাদ বিসমিল্লাহ খান যুব পুরস্কার'এ ভূষিত হন মৈথিলী ঠাকুর।

□ রাজ্যের নিঃস্ব মানুষদের জন্য, ১০১ কোটি টাকা খরচে 'মুখ্যমন্ত্রীর সুখাশ্রয় সহায়তা কোশ' স্থাপনের ঘোষণা করলেন হিমাচল প্রদেশের মুখ্যমন্ত্রী সুখবিন্দর সিং সুখু। এই প্রকল্প অনুযায়ী, রাজ্যের সব মন্ত্রী ও কংগ্রেস বিধায়ক তাঁদের প্রথম মাইনে এই তহবিলে দেবেন। ৬৮ সদস্য বিশিষ্ট হিমাচল বিধানসভায় কংগ্রেস দলের মোট ৪০ জন বিধায়ক রয়েছেন। এই প্রকল্পের লক্ষ্য হবে, রাজ্যের গরিব শিশু ও অসহায় মহিলাদের উচ্চশিক্ষার সুবিধা প্রদান করা। তাঁদের দক্ষতা উন্নয়ন শিক্ষা, উচ্চশিক্ষা ও বৃত্তিমূলক প্রশিক্ষণের খরচ বহন করবে রাজ্য সরকার। তাঁরা যাতে সম্মানজনক জীবনযাপন করতে পারে, সেজন্য তাঁদের প্রয়োজন অনুযায়ী আর্থিক সহায়তাও দেওয়া হবে। এইসব সুবিধা পাওয়ার জন্য কোনো আয়ের শংসাপত্রের দরকার হবে না।

□ দেশের পর্যটনকেন্দ্র পোখারায়, একটি আন্তর্জাতিক বিমানবন্দরের উদ্বোধন করলেন নেপালের প্রধানমন্ত্রী পুষ্প কমল দাহাল। চিনের আর্থিক ও কারিগরি সহায়তায় এই বিমানবন্দরটি তৈরি হয়েছে। নেপাল-চিন বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভ'এর একটি ফ্ল্যাগশিপ প্রকল্প এটি। দেশের তৃতীয় ('গৌতম বুদ্ধ আন্তর্জাতিক বিমানবন্দর' ও 'ত্রিভুবন আন্তর্জাতিক বিমানবন্দর'এর পর) আন্তর্জাতিক বিমানবন্দর এটি। প্রায় ২২০ মিলিয়ন ডলার খরচে, পোখারার অভ্যন্তরীণ বিমানবন্দরকে সংস্কার ও আধুনিকীকরণ করে তৈরি হয়েছে এই বিমানবন্দর। এই বিমানবন্দরটি চালুর মধ্যে দিয়ে পোখারার সঙ্গে আন্তর্জাতিক সংযোগ স্থাপিত হল।

### বিশেষ বিজ্ঞপ্তি

কর্মসংস্থান পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

□ পারমাণবিক স্থাপনার তথ্য বিনিময় করল ভারত ও পাক-ই-স্তান। ১৯৮৮ সালের একটি চুক্তি অনুযায়ী, এই তথ্য বিনিময় করা হল। এই চুক্তি অনুযায়ী, এই ২ দেশ একে অন্যের পারমাণবিক স্থাপনায় হামলা করবে না। সেই সঙ্গে, ২০০৮ সালের কনস্যুলার অ্যাক্সেস চুক্তি অনুসারে একে অন্যের হেফাজতে থাকা বন্দিদের তালিকাও বিনিময় করেছে ২ দেশ। বছরে ২ বার বন্দি তালিকা বিনিময় করে ভারত ও পাক-ই-স্তান। প্রসঙ্গত উল্লেখ্য, ২ দেশের পারমাণবিক স্থাপনা ও পরিকাঠামোগুলিতে হামলা পরিচালনা না করার জন্য ১৯৮৮ সালে চুক্তি করে তারা। পরে, ১৯৯১ সালে এই চুক্তি কার্যকর হয়। চুক্তি অনুযায়ী, ২ দেশ পরস্পরকে তাদের পারমাণবিক স্থাপনার তথ্য দেবে। ১৯৯২ সালের ১ জানুয়ারি থেকে ২ দেশের মধ্যে তথ্য বিনিময়ের প্রথা শুরু হয়।

□ ১ বছরের জন্য, ওয়াসেনার ব্যবস্থার সভাপতিত্বের দায়িত্ব নিল ভারত। ৩০ নভেম্বর থেকে ১ ডিসেম্বর, অস্ট্রিয়ার ভিয়েনায় 'ওয়াসেনার ব্যবস্থা'র বার্ষিক সভায়, আয়ারল্যান্ডের রাষ্ট্রদূত ইয়ন ও'লেরি, ভারতীয় রাষ্ট্রদূত জয়দীপ মজুমদারের (ভিয়েনায়, রাষ্ট্রসঙ্ঘ ও আন্তর্জাতিক সংস্থাগুলির স্থায়ী প্রতিনিধি তিনি) কাছে এই সভাপতিত্ব হস্তান্তর করেন। ৪২ তম দেশ হিসাবে, ২০১৭ সালের ৮ ডিসেম্বর, ওয়াসেনার ব্যবস্থায় যোগ দিয়েছে ভারত। প্রসঙ্গত উল্লেখ্য, ১৯৯৬ সালের জুলাইয়ে, নেদারল্যান্ডসের ওয়াসেনারে এই ব্যবস্থা চালু হয়। এটি হল একটি স্বেচ্ছাসেবী রফতানি নিয়ন্ত্রণ ব্যবস্থা, যা প্রচলিত অস্ত্র ও দ্বৈত ব্যবহারের পণ্য ও প্রযুক্তি হস্তান্তরের তথ্য বিনিময় করে। ওয়াসেনার চুক্তির মূল লক্ষ্য হল, এর সদস্য দেশগুলিকে প্রচলিত অস্ত্র ও দ্বৈত ব্যবহারের পণ্য ও প্রযুক্তি রফতানি থেকে নিরুৎসাহিত করা, যা বিশ্ব শান্তির জন্য ক্ষতিকর।

**২ জানুয়ারি** : 'ভারতীয় বিমান বাহিনী'র ওয়েস্টার্ন কম্যান্ডের প্রধান হলেন এয়ার মার্শাল পঙ্কজ মোহন।

□ ২০২৩ সালটিকে, সারা বিশ্বে আন্তর্জাতিক জোয়ার-বাজরার বছর হিসাবে পালন করা হচ্ছে। আগামী দিনে জোয়ার-বাজরা-রাগি দিয়ে তৈরি খাদ্যের চল আবার ফিরিয়ে আনতে এই উদ্যোগ নিয়েছে 'রাষ্ট্রসঙ্ঘ'। প্রসঙ্গত উল্লেখ্য, ২০১৮ সালের এপ্রিলে মিলেটকে পুষ্টিকর শস্য হিসাবে ঘোষণা করেছিল কেন্দ্রীয় সরকার। বিশ্বের বৃহত্তম জোয়ার-বাজরা উৎপাদনকারী দেশ ভারত।

□ 'ভারতীয় কফি বোর্ড'এর তরফ থেকে প্রকাশিত তথ্য অনুসারে, ২০২২ সালে ভারতের মোট কফি রফতানি ১.৬৬% বেড়ে ৪ লাখ টনে পৌঁছেছে। প্রধানত, তাৎক্ষণিক কফি রফতানি ও আবার রফতানি বেড়ে যাওয়াই এর কারণ। ২০২১ সালে মোট কফি রফতানির পরিমাণ ছিল ৩.৯৩ লাখ টন। মূল্যের পরিপ্রেক্ষিতে, ২০২২ সালে কফি রফতানির পরিমাণ ছিল ৮,৭৬২.৪৭ কোটি টাকা, যা ২০২১ সালে ছিল ৬,৯৮৪.৬৭ কোটি টাকা। ইতালি, জার্মানি ও রাশিয়ায় সবথেকে বেশি ভারতীয় কফি রফতানি হয়েছে।

□ গবাদি পশুর জন্য, ভারতের প্রথম ভ্রাম্যমান (মোবাইল) ইন-ভিট্রো ফার্টিলাইজেশন ভ্যানের উদ্বোধন হল গুজরাতের আমরেলিতে। কেন্দ্রীয় মৎস্য, পশুপালন দফতরের মন্ত্রী পুরুষোত্তম রূপালা এই ভ্যানটির উদ্বোধন করেন। গবাদি পশুদের জন্মের প্রক্রিয়া আরও উন্নত ও আধুনিক করে তোলার লক্ষ্যে এই উদ্যোগ নেওয়া হয়েছে। কেন্দ্রীয় সরকার ও অমর ডেয়ারি'র যৌথ উদ্যোগে এই আইভিএফ ভ্যানটি তৈরি করা হয়েছে। এই প্রক্রিয়ায়, গর্ভধারণে অক্ষম এমন পশুদের শুক্রাণু ও ডিম্বাণু সংগ্রহ করে কৃত্রিম প্রক্রিয়ায় নিষেক ঘটানো হবে। এরপর নির্দিষ্ট গর্ভে ভ্রূণটিকে প্রতিপালন করা হবে।

□ ইউরো'তে বদলে গেল ক্রোয়েশিয়ার মুদ্রা। সেইসঙ্গে বিশ্বের বৃহত্তম পাসপোর্ট মুক্ত অঞ্চলে মিশে গেল তারা। উঠে গেল সীমানার চেক পয়েন্টের বাধা। ইউরো গ্রহণ করার ফলে ইউরোপীয় কেন্দ্রীয় ব্যাঙ্কের সঙ্গে আর্থিকভাবে যুক্ত হয়ে যাবে ক্রোয়েশিয়া। এর ফলে, তাদের অর্থের ভাণ্ডার, ব্যবসায়িক লেনদেনের প্রক্রিয়া আরও সহজ হবে। ক্রোয়েশিয়া থেকে বহু মানুষ কর্মসূত্রে বিভিন্ন দেশে যান। সেক্ষেত্রে তাঁদের আর আগের মতো মুদ্রা বিনিময় ও পাসপোর্টের ঝক্কি থাকবে না। প্রসঙ্গত উল্লেখ্য, ২০১৩ সালে 'ইউরোপীয় ইউনিয়ন'এ যোগ দিয়েছিল ক্রোয়েশিয়া। ইউরো গ্রহণ করার আগে তাদের নিজেদের দেশের মুদ্রায় স্থিতিশীল বিনিময় হার আনতে হয়েছে। সেই সঙ্গে মুদ্রাস্ফীতির নিয়ন্ত্রিত, সঠিক ও কঠোর অর্থনৈতিক শর্ত পূরণ করতে হয়েছে। তবে, দেশটির জনসংখ্যা কম হওয়ায়, ৯ বছরের ব্যবধানে তা পূরণ করতে পেরেছে ক্রোয়েশিয়া।

□ এবছরের প্রথম ৬ মাসের জন্য, 'কাউন্সিল অফ ইউরোপিয়ান ইউনিয়ন'এর সভাপতিত্ব গ্রহণ করল সুইডেন। ৩০ জুন পর্যন্ত এই দায়িত্বে থাকবে তারা। এই সভাপতিত্বের সময় মূলত, নিরাপত্তা, স্থিতিস্থাপকতা, সমৃদ্ধি, গণতান্ত্রিক মূল্যবোধ ও আইনের শাসন - এই বিষয়গুলিকে অগ্রাধিকার দেওয়া হবে। প্রসঙ্গত উল্লেখ্য, ১৯৯৫ সালে 'ইউরোপিয়ান ইউনিয়ন'এ যোগ দেওয়ার পর থেকে ২০০১ ও ২০০৯ সালে সভাপতিত্বের দায়িত্ব পালন করেছিল সুইডেন।

□ জাতীয় দলে খেলার সুযোগ পেতে, ফিটনেসের যোগ্যতামান হিসাবে এবার থেকে 'ইয়ো-ইয়ো' টেস্ট ও 'ডেক্সা' টেস্ট বাধ্যতামূলক করল 'বিসিসিআই'। ডেক্সা টেস্ট হল একধরনের এক্স-রে প্রযুক্তি, যার সাহায্যে বডি ফ্যাটের সঠিক পরিমাণ নির্ধারণ করা, দুর্বল ও চর্বিহীন মাংসপেশী চিহ্নিত করা, শরীরে জলীয় উপাদানের পরিমাণ বোঝা ও সঠিকভাবে হাড়ের ঘনত্ব যাচাই করা সম্ভব। এটি একটি যন্ত্রণাহীন বৈজ্ঞানিক পদ্ধতি। এই টেস্টের মাধ্যমে শরীরের গঠনগত দিকগুলি নির্ভুল ও অভিন্নভাবে চিহ্নিত করা যাবে। এই টেস্টের রিপোর্ট অনুযায়ী, প্রয়োজনীয় পদক্ষেপ নিলে ক্রিকেটারদের ফিটনেস লেভেল বাড়িয়ে তোলা ও চোট আঘাত থেকে দূরে রাখা সম্ভব হবে। অন্যদিকে, ইয়ো-ইয়ো টেস্ট হল, খেলোয়াড়দের গতি ও সহনশীলতা পরীক্ষা করার জন্য ২ কিলোমিটার সময়ের সার্কিট ট্রায়াল।

**৩ জানুয়ারি** : 'ভারতপে'র চিফ এক্সিকিউটিভ অফিসার পদ থেকে পদত্যাগ করলেন সুহেল সমীর।

□ ২০২২ সালের ডিসেম্বরে, ভারতে মোট ৭৮২ কোটি টাকার লেনদেন করে রেকর্ড গড়ল 'ইউনিফায়েড পেমেন্টস ইন্টারফেস'। মোট লেনদেনের অঙ্ক দাঁড়িয়েছে ১২.৮২ লাখ কোটি টাকায়। নভেম্বরের তুলনায় প্রায় ৭.১২% বেশি ইউপিআই লেনদেন করা হয়েছে ডিসেম্বরে। 'ন্যাশনাল পেমেন্টস কর্পোরেশন অফ ইন্ডিয়া'র তথ্যানুযায়ী, মোট লেনদেনের পরিমাণ ২০২১ সালের ডিসেম্বরের তুলনায় বিপুল হারে বেড়েছে। ২০২১ সালের ডিসেম্বরের তুলনায় মোট লেনদেনের সংখ্যা প্রায় ৭১% বেড়েছে।



বিশিষ্ট রবীন্দ্রসঙ্গীত শিল্পী সুমিত্রা সেন (৮৯ বছর) মারা গেলেন। সারা জীবনে প্রায় দেড়শো'র ওপর রবীন্দ্রনাথের গান রেকর্ড করা, ১৬টি চলচ্চিত্রে প্লে-ব্যাক করা এই শিল্পীকে ২০১২ সালে 'সঙ্গীত মহাসম্মান' প্রদান করেছে পশ্চিমবঙ্গ সরকার।

□ রাজস্ব/পাটোয়ারি পুলিশ ব্যবস্থা বাতিল করার সিদ্ধান্ত নিল উত্তরাখণ্ড সরকার। এদিন, রাজ্যের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি একথা জানান। সব রাজস্ব গ্রামকে এবার থেকে নিয়মিত পুলিশিং ব্যবস্থার আওতায় আনা হবে। মুখ্যমন্ত্রীর কার্যালয়ের বিবৃতি অনুসারে, উত্তরাখণ্ডের ১,৮০০টি রাজস্ব গ্রামের আইন-শৃঙ্খলা এখন থেকে রাজ্য পলিশের মাধ্যমে পরিচালিত হবে। প্রসঙ্গত উল্লেখ্য, ১৫০ বছর আগে পার্বত্য রাজ্যে ব্রিটিশরা এই ব্যবস্থা চালু করেছিল। এই ব্যবস্থায়, রাজস্ব বিভাগের বেসামরিক কর্মকর্তা/পাটোয়ারিদের, পুলিশের মতো অপরাধীদের তদন্ত ও গ্রেফতার করার ক্ষমতা ছিল।

□ রাজস্থানের জয়পুরে, সংবিধান উদ্যানের উদ্বোধন করলেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। রাজভবনের ক্যাম্পাসের ভিতরে এই উদ্যান তৈরি হয়েছে। দেশে প্রথম এই ধরনের উদ্যান চালু হল। 'জয়পুর ডেভেলপমেন্ট অথরিটি'র মাধ্যমে আনুমানিক ৯ কোটি টাকা খরচে উদ্যানটি তৈরি করা হয়েছে। স্থাপত্যশিল্পী অনুপ বারতারিয়া এই উদ্যানটি তৈরি করেছেন। ভারতীয় সংবিধানের প্রণয়ন থেকে বাস্তবায়ন পর্যন্ত সম্পূর্ণ তথ্য ভাস্কর্য ও ছবির মাধ্যমে দেখানো হয়েছে এই উদ্যানে।

□ বিশ্বের সবথেকে উঁচু যুদ্ধক্ষেত্র 'সিয়াচেন' হিমবাহে মোতায়েন হলেন 'ফায়ার অ্যান্ড ফিউরি স্যাপারস'এর ক্যাপ্টেন শিবা চৌহান। ভারতীয় সেনার সিয়াচেনে মোতায়েন হওয়া তিনিই প্রথম মহিলা অফিসার। এদিন, সিয়াচেনে আনুষ্ঠানিকভাবে যোগ দেন শিবা। তার আগে, ১ মাস ধরে টানা কঠিন প্রশিক্ষণের মধ্যে ছিলেন তিনি। ভারতীয় সেনার 'সিয়াচেন ব্যাটেল স্কুল'এ প্রশিক্ষণ চলেছে তাঁর। তারপরই তাঁকে বিশ্বের সর্বোচ্চ যুদ্ধক্ষেত্রে মোতায়েন করা হয়।

□ অরুণাচল প্রদেশে, 'সিয়ম' সেতুর উদ্বোধন করলেন কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং। ৭২৪ কোটি টাকা খরচে এই সেতুটি তৈরি হয়েছে। এর ফলে, চিন সীমান্ত বরাবর যোগাযোগ ব্যবস্থার ব্যাপক উন্নতি হবে বলে মনে করা হচ্ছে। আলং-ইংকিয়ং রাস্তার ওপর অবস্থিত, ১০০ মিটার দীর্ঘ এই সেতুটি তৈরিতে ক্লাস-৭০ ইস্পাত ব্যবহার করা হয়েছে। এর ফলে, আপার সিয়াং, তুতিং ও ইংকিয়ং এলাকায় প্রকৃত নিয়ন্ত্রণরেখা বরাবর অঞ্চলে 'হাউইৎজার'এর মতো ভারী সামরিক যান পাঠানো অনেক সহজ হবে। ফলে, প্রকৃত নিয়ন্ত্রণরেখা অঞ্চলে প্রতিরক্ষা ক্ষেত্রে অনেকটাই শক্তিশালী হবে ভারতীয় সেনা।

**৪ জানুয়ারি** : সর্বসম্মতিক্রমে, হিমাচল প্রদেশ বিধানসভার অধ্যক্ষ নির্বাচিত হলেন কুলদীপ সিং পাঠানিয়া।

□ 'সেন্টার ফর মনিটরিং ইন্ডিয়ান ইকোনমি'র তরফ থেকে করা এক সমীক্ষা অনুযায়ী, ভারতে বেকারত্বের হার ২০২২ সালের ডিসেম্বরে গত ১৬ মাসের মধ্যে সর্বোচ্চ ৮.৩ শতাংশে পৌঁছেছে। সব রাজ্যের মধ্যে সর্বাধিক বেকারত্বের হার ছিল হরিয়ানায় (৩৭.৪%)। তারপর রয়েছে রাজস্থান (২৮.৫%) ও দিল্লি (২০.৮%)।

□ এবছর 'ইউএন-হ্যাবিট্যাট বিশ্ব হ্যাবিট্যাট পুরস্কার' পেল ওড়িশা। রাজ্যের 5T (ট্র্যান্সপারেন্সি, টেকনোলজি, টিমওয়ার্ক, টাইম, ট্র্যান্সফর্মেশন) উদ্যোগ 'জগা মিশন'এর জন্য এই পুরস্কার পেল তারা। এটি ওড়িশা সরকারের বস্তি উন্নয়ন সংক্রান্ত একটি মিশন, যার লক্ষ্য হল ২০২৩ সালের শেষের দিকে ওড়িশাকে, ভারতের প্রথম বস্তিমুক্ত রাজ্য হিসাবে গড়ে তোলা।

□ ২০২২-'২৩ সালের জন্য, রাজ্যের সর্বোচ্চ বেসামরিক পুরস্কার 'অসম বৈভব' পাচ্ছেন প্রখ্যাত চিকিৎসক ড.তপন সাইকিয়া। স্বাস্থ্যসেবা (ক্যান্সার কেয়ার) ও জন উদ্যোগমূলক কাজের ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য এই সম্মান পাচ্ছেন তিনি। এখন, মুম্বইয়ের 'জাসলোক হসপিটাল অ্যান্ড রিসার্চ সেন্টার'এর অঙ্কোলজি সায়েন্সেসের ডিরেক্টর পদে কর্মরত তিনি।

□ শ্রীলঙ্কার বিরুদ্ধে প্রথম টোয়েন্টি-২০ ম্যাচে, ভারতের দ্রুততম বোলার হলেন জম্মু ও কাশ্মীরের পেসার উমরান মালিক। এদিন, ১৫৫ কিলোমিটার প্রতি ঘন্টা গতিতে বল করেছেন তিনি। সেইসঙ্গে শ্রীলঙ্কান অধিনায়ক দাসুন শানাকাকে ওই বলেই আউট করেন উমরান। এতদিন, আন্তর্জাতিক স্তরে ভারতীয়দের মধ্যে দ্রুততম বোলিংয়ের রেকর্ড ছিল জসপ্রীত বুমরার দখলে। ১৫৩.৩৬ কিলোমিটার প্রতি ঘন্টায় বল করার রেকর্ড গড়েছিলেন বুমরা। বুমরার পরে রয়েছেন মহম্মদ শামি (১৫৩.৩ কিলোমিটার প্রতি ঘন্টা) ও নভদীপ সাইনি (১৫২.৮৫ কিলোমিটার প্রতি ঘন্টা)।

☛ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

# চাকরির পরীক্ষার গণিত

# অ্যারিথমেটিক

1. সরল করুন : $\frac{140\times20-8\times75}{11\times50}$

(A) 152 (B) 2 (C) 75 (D) 4

2. নিচের রাশিগুলিকে ছোট থেকে বড় করে সাজান।

(A) $\frac{9}{11},\frac{7}{9},\frac{5}{7}$ (B) $\frac{9}{11},\frac{5}{7},\frac{7}{9}$ (C) $\frac{5}{7},\frac{7}{9},\frac{9}{11}$ (D) $\frac{5}{7},\frac{9}{11},\frac{7}{9}$

3. 24 জন ব্যক্তি একটি কাজ করে 16 দিনে, তাহলে 12 জন ব্যক্তি ওই কাজের অর্ধেক অংশ কত দিনে করবে?

(A) 12 (B) 14 (C) 16 (D) 18

4. $\frac{124}{x}=\frac{x}{31}$ হলে, x'এর মান কত?

(A) 64 (B) 62 (C) 58 (D) 56

5. 180 মিটার লম্বা একটি ট্রেন একটি পোস্টকে 9 সেকেন্ডে অতিক্রম করলে ট্রেনের গতিবেগ ঘণ্টায় কত কিলোমিটার?

(A) 60 (B) 80 (C) 90 (D) 72

6. কোনো ক্লাসে 24 জন ছাত্রের গড় বয়স 12 বছর। যদি শ্রেণি শিক্ষকের বয়স যোগ করা হয়, তাহলে গড় বয়স 1 বছর বাড়ে। তাহলে শ্রেণি শিক্ষকের বয়স কত বছর?

(A) 36 (B) 39 (C) 37 (D) 40

7. অতুল 1,860 টাকা দিয়ে একটি সুটকেস কিনে তা 35% লাভে বিক্রি করল। তাহলে সুটকেসটির বিক্রির দাম কত টাকা?

(A) 2,511 (B) 2,325 (C) 2,418 (D) 2,232

8. দু'টি সংখ্যার বিয়োগফল, তাদের যোগফলের এক সপ্তমাংশ। তাহলে সংখ্যা দু'টির অনুপাত কত?

(A) 2:3 (B) 3:4 (C) 4:3 (D) 3:2

9. কোনো সংখ্যার সঙ্গে 42 যোগ করলে, সংখ্যাটি 30% বাড়ে। তাহলে সংখ্যাটির 40% কত?

(A) 64 (B) 56 (C) 42 (D) 48

10. একটি টেবিলের কেনাদাম 1,460 টাকা ও একটি চেয়ারের কেনাদাম 850 টাকা। তাহলে 4টি টেবিল ও 6টি চেয়ারের কেনাদাম কত টাকা?

(A) 12,160 (B) 9,240 (C) 14,940 (D) 10,940

11. সরল করুন :

$14\frac{1}{3}$'এর 1566 + 554 – 16458

(A) 6020 (B) 8596 (C) 7064 (D) 6542

12. $5\frac{1}{4}\times5\frac{3}{7}+12\frac{4}{7}-6\frac{1}{3}$'এর সরলতম মান কত?

(A) $34\frac{31}{42}$ (B) $34\frac{16}{21}$ (C) $67\frac{3}{4}$ (D) $88\frac{1}{6}$

13. $1\frac{1}{2}$ ডজন আমের দাম 153 টাকা হলে, 80টি আমের দাম কত টাকা?

(A) 600 (B) 680 (C) 2,040 (D) 612

14. পরপর তিনটি যুগ্ম সংখ্যার যোগফল 126. বড় সংখ্যাটির অর্ধাংশের সঙ্গে ছোটটির দ্বিগুণের বিয়োগফল কত?

(A) 58 (B) 68 (C) 64 (D) 59

15. $\frac{100}{\sqrt{100}}\times\frac{1}{1000}$'এর সরলতম মান কত?

(A) 10 (B) 0.1 (C) 1 (D) 0.01

16. 3,400 টাকা A, B ও C'র মধ্যে এমনভাবে ভাগ করতে হবে যাতে A:B, B:C ও C:D'এর মান যথাক্রমে 2:3, 4:3 ও 2:3 হয়। তাহলে B ও D মোট কত টাকা পাবে?

(A) 2040 (B) 1680 (C) 2000 (D) 1720

17. $\sqrt{5+\sqrt{11+\sqrt{19+\sqrt{29+\sqrt{49}}}}}$ -এর মান কত?

(A) 3 (B) 9 (C) 7 (D) 5

18. কোনো এক পরীক্ষায় এক পরীক্ষার্থী সর্বোচ্চ নম্বরের 30% পেয়ে 30 নম্বরের জন্য ফেল করলেন। অন্য এক পরীক্ষার্থী সর্বোচ্চ নম্বরের 45% পেয়ে, পাশ নম্বরের চেয়ে 15 নম্বর বেশি পেল। পাশ নম্বরের শতকরা হার কত?

(A) 30% (B) 40% (C) 45% (D) 48%

19. একজন পাইকারি বিক্রেতা 10,800 টাকা মূল্যের 2টি টি.ভি. সেট বিক্রি করে একটিতে 20% লাভ করল ও অপরটিতে 10% লোকসান করল। নিচের কোন মন্তব্যটি দু'টি লেনদেনের ক্ষেত্রে যৌথভাবে সত্য?

(A) সে লাভ বা, লোকসান কিছু করবেন না (B) সে 8% লাভ করবে (C) সে 10% লাভ করবে (D) কোনোটিই নয়

20. একটি নির্দিষ্ট পরিমাণ টাকা সুদে-মূলে 3 বছরে 1,550 টাকা ও 8 বছরে 2,050 টাকা হয়। তবে 6 বছরে ওই টাকা সুদে-মূলে কত টাকায় রূপান্তরিত হবে?

(A) পরিসংখ্যান অসমাপ্ত (B) 1,650 টাকা (C) 1,750 টাকা (D) কোনোটিই নয়

21. একটি ট্রাক্টরের সামনের চাকার ব্যাসার্ধ 1 মিটার ও পিছনের চাকার ব্যাসার্ধ 2.5 মিটার। পিছনের চাকাকে প্রতি মিনিটে কতবার আবর্তিত করলে সামনের চাকাকে মিনিটে 250 বার আবর্তিত করা যাবে?

(A) 100 (B) 125 (C) 800 (D) 625

22. কত গ্রাম জলে 9 গ্রাম সেভিং লোশন মেশালে ওই লোশনে দ্রবীভূত 50% মদের জায়গায় তা 30% মদে পরিবর্তিত হবে?

(A) 3 (B) 4 (C) 5 (D) 6

23. একটি মুদি দোকানদার যথাক্রমে 30 টাকা কেজি ও 40 টাকা কেজি দরের চা মিশ্রণ করে 3 : 7 অনুপাতে। ওই চায়ের মিশ্রণ কত টাকা কেজি দরে বিক্রি করলে 10% লাভ হবে?

(A) 40.70 (B) 35 (C) 38.50 (D) 44.05

24. A, B ও C'র মধ্যে। 479 টাকা এমনভাবে ভাগ করা হল, যাতে A'র অংশের অর্ধেক, B'র অংশের দুই-তৃতীয়াংশ ও C'র অংশের তিন-চতুর্থাংশ সমান। B তাহলে কত টাকা পেয়েছেন?

(A) 459 (B) 408 (C) 612 (D) 867

25. এক ক্রিকেট খেলোয়াড় 17তম ইনিংসে 85 রান করে, আগের 16 ইনিংসের গড় রান 3 বাড়ালেন। 17তম ইনিংসের পর গড় রান কত হল?

(A) 37 (B) 34 (C) 32 (D) 29

26. A ও B কোনো একটি ব্যাঙ্ক থেকে 10% সরল সুদে ঋণ নিলেন। A সুদ-সহ ঋণটি শোধ করলেন 2 বছরে ও B তা করলেন 3 বছরে। প্রত্যেকেই ব্যাঙ্কে সম-পরিমাণ টাকা শোধ করলে তাদের ঋণের অনুপাত কত হবে?

(A) 12 : 13 (B) 8 : 13 (C) 13 : 12 (D) 12 : 25

27. দু'টি ধনাত্মক সংখ্যার অনুপাত 3 : 5 হলে ও গুণফল 2160 হলে ক্ষুদ্রতর সংখ্যাটি কত?

(A) 30 (B) 36 (C) 45 (D) 48

28. 228 টাকায় একটি দ্রব্য বিক্রয় করে এক ব্যক্তির 5% ক্ষতি হয়। 10% লাভ করতে হলে ওই দ্রব্যটির বিক্রয়মূল্য কত টাকা হবে?

(A) 248 (B) 252 (C) 260 (D) 264

29. দুধ ও জল মিশ্রিত একটি পাত্রে দুধ ও জলের অনুপাত 7 : 3, ওই পাত্রে আরো 6 লিটার দুধ মেশালে ওই অনুপাত 3 : 1 হয়। পাত্রে জলের পরিমাণ কত লিটার?

(A) 15 (B) 12 (C) 6 (D) 9

30. কিছু টাকা সরলসুদে বিনিয়োগ করলে 20 বছরে সুদে-আসলে দ্বিগুণ হয়। বার্ষিক সুদের হার কত শতাংশ?

(A) 10% (B) 8% (C) 6% (D) 5%

31. 12 বছর আগে পিতার বয়স কন্যার বয়সের 3 গুণ ছিল। তাদের বর্তমান বয়স 72 বছর। পিতার বর্তমান বয়স কত বছর?

(A) 46 (B) 48 (C) 40 (D) 45

32. এক নাবিক স্রোতের অনুকূলে 12 কিলোমিটার যায় 48 মিনিটে ও ফিরে আসে 1 ঘণ্টা 20 মিনিটে। স্থির জলে ওই নাবিকের বেগ কত কিলোমিটার/ঘণ্টা?

(A) 12 (B) 12.5 (C) 13 (D) 15

33. সমবেগে চলমান একটি ট্রেন 300 মিটার ও 240 মিটার দীর্ঘ দু'টি ব্রীজ যথাক্রমে 21 সেকেন্ডে ও 18 সেকেন্ডে অতিক্রম করে। ট্রেনটির গতিবেগ কত কিলোমিটার/ঘণ্টা?

(A) 72 (B) 68 (C) 65 (D) 60

34. A ও B-র বয়সের গড় হল 30 বছর ও B ও C-র বয়সের গড় হল 26 বছর। A ও C-র বয়সের পার্থক্য কত বছর?

(A) 2 (B) 4 (C) 6 (D) 8

35. একটি গ্রামের বর্তমান জনসংখ্যা 67,600. প্রতি বছর 4% হারে বাড়লে 2 বছর আগে ওই গ্রামের জনসংখ্যা কতজন ছিল?

(A) 62,500 (B) 63,000 (C) 64,756 (D) 65,200

36. পাইপ A, 6 ঘণ্টায় একটি জলাধার ভর্তি করে ও পাইপ B 8 ঘণ্টায় পূর্ণ করে। দু'টি পাইপ একসঙ্গে চালু করা হল ও 2 ঘণ্টা পর A পাইপটি বন্ধ করে দিলে B পাইপটি কত ঘণ্টায় জলাধারটি পূর্ণ করবে?

(A) 2 (B) $3\frac{1}{3}$ (C) $3\frac{2}{3}$ (D) 4

## সেকেন্ডে উত্তরের কৌশল

**1(D).** $\frac{2800-600}{550}=\frac{2200}{550}=4$. **2 (C).** $\frac{9}{11}=0.818$, $\frac{7}{9}=0.777$, $\frac{5}{7}=0.719$. **3(C).** $\frac{24\times16}{12}\times\frac{1}{2}=16$ দিন। **4(B).** $x^2=124\times31$ বা, $x=\sqrt{4\times31\times31}=2\times31=62$. **5(D).** ঘণ্টায় $\frac{180}{9}\times\frac{18}{5}=72$ কিলোমিটার। **6(C).** 25×13 – 24 ×12 = 325 – 288 = 37 বছর। **7(A).** 1860+1860'এর 35% = 1860+651 = 2511. **8(C).** $x-y=\frac{1}{7}(x+y)$ বা, 7x – 7y = x+y বা, 6x = 8y $\frac{x}{y}=\frac{8}{6}=4:3$. **9(B).** x+42= x+ x এর 30%. তাহলে $\frac{30x}{100}=42$, $x=\frac{42\times10}{3}=140$ তাহলে 140এর 40% = $140\times\frac{40}{100}=28\times2=56$. **10(D).** 4×1460 + 6 ×850 = 5840 + 5100 = 10,940 টাকা। **11(D).** $\frac{43}{3}\times1566+554-16458=22446+554-16458=6542$. **12(A).** $\frac{21}{4}\times\frac{38}{7}+\frac{88}{7}-\frac{19}{3}=\frac{57}{2}+\frac{88}{7}-\frac{19}{3}=\frac{1197+528-266}{42}=\frac{1459}{42}=34\frac{31}{42}$

**13(B).** $\frac{153}{18}\times80=680$ টাকা। **14(A).** সংখ্যা তিনটি 2x, 2x+2, 2x+4 তাহলে 6x+6 = 126, x = 20 ছোট সংখ্যা = 40, বড় সংখ্যা 2x + 4 = 44 তাহলে $2\times40-\frac{1}{2}\times44=80-22=58$. **15(D).** $\frac{100}{10}\times\frac{1}{1000}=\frac{1}{100}=0.01$. **16(A).** A:B = 2:3, B:C = 4:3, C:D = 2:3. A:B:C:D = 2×4×2 : 3×4×2 : 3×3×2 : 3×3×3 = 16:24:18:27. (B+D) পাবে = 3400 $\left[\frac{24}{85}+\frac{27}{85}\right]=3400\times\frac{51}{85}=2,040$ টাকা। **17(A).** $\sqrt{5+\sqrt{11+\sqrt{19+\sqrt{29+7}}}}$ $=\sqrt{5+\sqrt{11+\sqrt{19+6}}}$ $=\sqrt{5+\sqrt{11+5}}=\sqrt{5+4}=\sqrt{9}=3$.

**18(B).** 30+15 = 45% – 30% বা, 45 = 15%. 30 = $15\times\frac{30}{45}$ = 10%(30% পেয়ে 30 নম্বর বা, 10% এর জন্য ফেল করেছিল)। তাহলে পাশ % = 30% + 10% = 40%. **19(B).** লাভ-লোকসানের শতকরা হার $\left[20+(-10)+\frac{20\times(-10)}{100}\right]$ বা, 20–10–2 বা, 8%. অতএব, 8% লাভ করেছে। **20(D).** এক বছরের সুদ $\frac{2050-1550}{8-3}=100$ টাকা। অতএব, 3 বছরের সুদ 300 টাকা। অতএব, 6 বছর পর সুদে-মূলে (1,550+300) বা, 1,850 টাকা। **21(A).** সামনের চাকার পরিধি 2π(1) মিটার, পিছনের চাকার পরিধি 2π(2.5) মিটার। তাহলে সামনের চাকার 1 মিনিটে অতিক্রান্ত দূরত্ব 2π(1)x250 মিটার। তাহলে পিছনের চাকা 1 মিনিটে মোট আবর্তিত হয় $\frac{2\pi(1)\times250}{2\pi(2.5)}$ বার বা, 100 বার। **22(D).** মদের পরিমাণ 9 গ্রামের 50% বা, 4.5 গ্রাম। মনেকরি, x গ্রাম জল মেশানো হবে। তাহলে $\frac{4.5}{9+x}=\frac{30}{100}=\frac{3}{10}$ বা, 27+3x = 45 বা, x = $\frac{45-27}{3}=\frac{18}{3}=6$ গ্রাম। **23(A).** প্রতি কেজি চা'য়ের মিশ্রণের দাম $\frac{30\times3+40\times7}{3+7}=37$. তাহলে 10% লাভে বিক্রয়মূল্য (37+37এর 10%) টাকা বা, (37+3.70) বা, 40.70 টাকা। **24(A).** $\frac{1}{2}$ এর A = $\frac{2}{3}$ এর B বা, 3A = 4B বা, A : B = 4 : 3. আবার $\frac{2}{3}$ এর B = $\frac{3}{4}$ এর C বা, 8B = 9C বা, B : C = 9 : 8. এখানে মনেরাখবেন, A : B : C = $AB_1 : B_1B_2 : B_2C$. অতএব A : B : C = (14×9) : (3×8) = 12 : 9 : 8 অনুপাত সমষ্টি = 29. তাই, B-র অংশ (1479× $\frac{9}{29}$) টাকা = 459 টাকা। **25(A).** বর্তমান গড় = শেষ ইনিংসের রান (১৭তম)—বর্ধিত গড় × পূর্বের ইনিংস সংখ্যা। তাহলে 17টি ইনিংসের গড় রান = 17 তম ইনিংসের রান—বর্ধিত গড় ×16 = 85–3×16 = 85–48 = 37 রান। **26(C).** A-র টাকা 2 বছরে সুদ-আসলে হয় (100+2×10)% = 120%. B-র টাকা 3 বছরে সুদ-আসলে হয় (100+3×10)% =130%. 120% এর A =130% এর B [A ও B-র টাকা সুদ আসলে সমান হয়েছিল]। তাহলে A : B = 130 : 120 = 13 : 12. **27(B).** সংখ্যা দুটি 3x ও 5x হলে, 3x × 5x = 2160 বা, $15x^2$ = 2160 বা, $x^2$ = 144 বা, x = 12. তাহলে, ক্ষুদ্রতর সংখ্যাটি হল 12 × 3 = 36. **28(D).** 95% = 228 টাকা। তাহলে, 110% = $\frac{228\times110}{95}$ = 264 টাকা। **29(D).** দুধ ও জলের পরিমাণ 7x ও 3x লিটার হলে $\frac{7x+6}{3x}=\frac{3}{1}$ বা, 9x = 7x + 6 বা, 2x = 6 বা, x = 3. তাহলে, জলের পরিমাণ 3 × 3 = 9 লিটার। **30(D).** 100 টাকা বিনিয়োগ করলে $\frac{100\times r\times20}{100}$ = 100 বা, r = $\frac{100}{20}$ = 5%. **31(B).** 12 বছর আগে কন্যার বয়স x বছর হলে পিতার বয়স ছিল 3x বছর। তাহলে, x + 12 + 3x + 12 = 72 বা, 4x + 24 = 72 বা, 4x = 48 বা, x = 12. তাহলে, পিতার বর্তমান বয়স (12×3) + 12 = 36 + 12 = 48 বছর। **32(A).** অনুকূলে বেগ $\frac{12\times60}{48}$ = 15 কিলোমিটার/ঘণ্টা। প্রতিকূল বেগ $\frac{12\times3}{4}$ = 9 কিলোমিটার/ঘণ্টা। তাহলে, স্থির জলে ওই ব্যক্তির বেগ $\frac{15+9}{2}=\frac{24}{2}=12$ কিলোমিটার/ঘণ্টা। **33(A).** ট্রেনটি (21–18) = 3 সেকেন্ডে যায় (300–240) = 60 মিটার। তাইলে, গতিবেগ $\frac{60}{3}\times\frac{18}{5}$ বা, 72 কিলোমিটার/ঘণ্টা। **34(D).** A + B = 30× 2 = 60 ও B + C = 26 × 2 = 52. তাহলে, A – C = 60 – 52 = 8 বছর। **35(A).** 2 বছর আগে জনসংখ্যা ছিল 67600× $\frac{100}{104}\times\frac{100}{104}$ = 62500 জন। **36(B).** A ও B পাইপ 2 ঘণ্টায় পূর্ণ করে $2\left(\frac{1}{6}+\frac{1}{8}\right)=2\times\frac{7}{24}=\frac{7}{12}$ অংশ। তাহলে, বাকি $1-\frac{7}{12}=\frac{5}{12}$ অংশ B পাইপ পূর্ণ করবে $8\times\frac{5}{12}=\frac{10}{3}=3\frac{1}{3}$ ঘণ্টায়।

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

**চা**করির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এইবিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এইনম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## স্টাফ সিলেকশনের

■ *কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেলের পরীক্ষার সিলেবাস জানাবেন। — পার্থ চৌধুরী, দেবপুকুর, ব্যারাকপুর, উত্তর ২৪ পরগনা।*

■■ এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের ২০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এই ৪টি পার্টে : (ক) জেনারেল ইন্টেলিজেন্স - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (খ) ইংলিশ ল্যাঙ্গোয়েজ (বেসিক নলেজ) - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (গ) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (বেসিক অ্যারিথমেটিক স্কিল) - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (ঘ) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় থাকবে ৬০ মিনিট। দৃষ্টিহীন প্রতিবন্ধীরা অতিরিক্ত সময় পাবেন। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। লিখিত পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। প্রতি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.৫০ নম্বর কাটা হবে। সফল হলে দ্বিতীয় পর্যায়ের পরীক্ষা। দ্বিতীয় ধাপের (দ্বিতীয় টায়ার) পরীক্ষায় থাকবে ২টি সেশন। প্রথম সেশনে থাকবে ৩টি সেকশন : (১) সেকশন-১'এ থাকবে ১৮০ নম্বরের ৬০টি প্রশ্ন। এইসব বিষয়ে : (ক) ম্যাথমেটিক্যাল এবিলিটি-৩০টি প্রশ্ন, (খ) রিজনিং অ্যান্ড জেনারেল ইন্টেলিজেন্স-৩০টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ৩ নম্বর। সময় থাকবে ৬০ মিনিট।

(২) সেকশন-২'এ থাকবে ১৮০ নম্বরের ৬০টি প্রশ্ন। এইসব বিষয়ে : (ক) ইংলিশ ল্যাঙ্গোয়েজ ও কমপ্রিহেনশন-৪০টি প্রশ্ন, (খ) জেনারেল অ্যাওয়ারনেস - ২০টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ৩ নম্বর। সময় থাকবে ৬০ মিনিট।

(৩) সেকশন-৩'এ থাকবে ৪৫ নম্বরের ১৫টি প্রশ্ন। কম্পিউটার নলেজ মডিউল। প্রতিটি প্রশ্নে থাকবে ৩ নম্বর। সময় থাকবে ১৫ মিনিট। ওপরের ৩টি সেকশনের প্রশ্ন হবে এম.সি.কিউ. টাইপের। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। সেকশন-।।।-তে থাকবে স্কিল টেস্ট বা, টাইপিং টেস্ট। ডাটা এন্ট্রি অপারেটর পদের বেলায় ১৫ মিনিটের স্কিল টেস্ট হবে আর লোয়ার ডিভিশন ক্লার্ক বা, জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট পদের বেলায় ১৫ মিনিটের টাইপিং টেস্ট হবে। পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.ssc.nic.in

■ *মাল্টি টাস্কিং স্টাফ পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? কেমন শিক্ষাগত যোগ্যতা ও বয়স থাকা দরকার? পরীক্ষা কবে হবে? — তপন ঘোষ, বনগাঁও, উত্তর ২৪ পরগনা।*

■■ কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ বা, অফিসে কাজের জন্য 'মাল্টি টাস্কিং (নন-টেকনিক্যাল) স্টাফ' পদে কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়ার জন্য দরখাস্ত নেওয়া শুরু হচ্ছে ১৭ জানুয়ারি থেকে। মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-১-২০২৩'র হিসাবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে, অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৯৮ থেকে ১-১-২০০৫'এর মধ্যে। ও.বি.সি.-রা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর, বয়সে ছাড় পাবেন। মূল মাইনে পে ম্যাট্রিক্স সপ্তম পে কমিশন অনুযায়ী।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Multi Tasking (Non -Technical) Staff and Havaldar (CBIC & CBN) Examination, 2022' পরীক্ষার মাধ্যমে। প্রথমে সর্বভারতীয় পর্যায়ের অনলাইন পরীক্ষা হবে এপ্রিল মাস নাগাদ। এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এই ৪টি পার্টে : (ক) প্রথম পার্ট-জেনারেল ইংলিশ-২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (খ) দ্বিতীয় পার্ট-জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং -২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (গ) তৃতীয় পার্ট-নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড - ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (ঘ) চতুর্থ পার্ট-জেনারেল অ্যাওয়ারনেস -২৫ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। প্রতি প্রশ্নের ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা হবে। প্রথম পেপারের পরীক্ষায় সাধারণ প্রার্থীরা ৩০%, ও.বি.সি. /ই.ডব্লু.এস. প্রার্থীরা ২৫%, অন্যান্য ক্যাটেগরির প্রার্থীরা ২০% নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন। সফল হলে ডেসক্রিপ্টিভ টাইপের পরীক্ষা (পেন ও পেপার মোডে)। দ্বিতীয় পেপার অর্থাৎ, ডেসক্রিপ্টিভ টাইপের পেপারে ৫০ নম্বরের প্রশ্ন হবে ইংরিজি (২৫ নম্বর) ও বাংলায় (ভার্নাকুলার ল্যাঙ্গোয়েজ) (২৫ নম্বর) বিষয়ে। এই পেপারে থাকবে সংক্ষিপ্ত প্রবন্ধ লেখা বা, চিঠি লেখা। সময় থাকবে ৪৫ মিনিট। এই পেপারে কোয়ালিফাইং নম্বর পেতে হবে। এই পেপারে পাওয়া নম্বর মেধা তালিকা তৈরির সময় ধরা হবে না। লিখিত পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তিতে মেধা তালিকা তৈরি হবে। এই পরীক্ষায় কোনো ইন্টারভিউ নেই। পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.ssc.nic.in, sscer.org

দরখাস্ত করবেন অনলাইনে, ১৭ ফেব্রুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ssc.nic.in প্রার্থীদের প্রথমে One Time Registration করতে হবে। তখন বৈধ মোবাইল নম্বর, ই-মেল আই.ডি., আধার কার্ড / প্যান কার্ড / ভোটার কার্ড / পাশপোর্ট / ড্রাইভিং লাইসেন্স /স্কুল বা, কলেজের আই.ডি. কার্ড ইত্যাদি সঙ্গে রাখতে হবে। নাম রেজিস্ট্রেশন করার পর রেজিস্ট্রেশন আইডি. ও পাশওয়ার্ড পাবেন। এবার পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার আপলোড করতে হবে। এজন্য দরখাস্ত করার আগে ফটো ও সিগনেচার স্ক্যান করে নিয়ে যাবেন। এরপর পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা দিতে হবে।

## প্রাইমারির

■ *প্রাইমারি 'টেট'এর যে পরীক্ষা ১১ ডিসেম্বর হল, তার অ্যানসার কী প্রকাশিত করেছে কি? — নুপুর শাসমল, বিড়া, দত্তপুকুর, উত্তর ২৪ পরগনা। প্রিয়তমা গুপ্ত, কোন্নগর, হুগলি।*

■■ হ্যাঁ, প্রাথমিক শিক্ষা পর্ষদ সম্প্রতি অ্যানসার কী প্রকাশ করেছে। উত্তরপত্র পাবেন এই ওয়েবসাইটে : www.wbbpe.org.in

## রেলে চাকরির

■ *রেলের গ্রুপ-ডি পদের জন্য কি আই.টি.আই. পাশ হওয়া বাধ্যতামূলক? — তাপস মাঝি, বঙ্গছত্র, বীরভূম।*

■■ না, আই.টি.আই. পাশ বাধ্যতামূলক নয়।

## বি.এস.এফ.'এর

■ *বর্ডার সিকিউরিটি ফোর্সের হেড কনস্টেবল মিনিস্ট্রিয়াল পদের পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে কি? — রকি মন্ডল, বেলুটি, কোটাসুর, বীরভূম।*

■■ হ্যাঁ, নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। ও.এম.আর. বেসড লিখিত পরীক্ষায় জেনারেল, ও.বি.সি., ই.ডব্লু.এস. প্রার্থীরা ৩৮%, তপশিলী জাতি ও তপশিলী উপজাতি হলে ৩৩% নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন। মোট শূন্যপদের ২০ গুণ প্রার্থীকে ও.এম.আর. বেসড লিখিত পরীক্ষায় সফল করানো হবে।

## পুলিশে চাকরির

■ *বি.টেক. কোর্সের ফাইনাল বর্ষের পরীক্ষা দেব। পশ্চিমবঙ্গ পুলিশের সাব-ইন্সপেক্টর পদের জন্য যোগ্য কি? — সন্দীপ বৈরাগ্য, চাকদহ, নদিয়া।*

■■ হ্যাঁ, যোগ্য।

■ *পশ্চিমবঙ্গ পুলিশের মাধ্যমে হোমগার্ড পদের বিজ্ঞপ্তি বেরিয়েছে কি? — গোপাল দাস, রাইগ্রাম, পূর্ব বর্ধমান।*

■■ না, বেরোয়নি।

■ *কলকাতা পুলিশের কনস্টেবল পদের জন্য গত বছর দরখাস্ত করেছিলাম। এখনো পরীক্ষা হয়নি। কবে পরীক্ষা হবে? — কৌশি দে।*

■■ এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি। এই পরীক্ষার ওপর মামলা চলছে।

## পুরনিগমের

■ *কলকাতা মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের মাধ্যমে সাব-ওভারসীয়র পদে ৭৫ জন লোক নেওয়া হচ্ছে তা কর্মসংস্থানে জানতে পারলাম। এই পদের দায়িত্ব কী কী? কী কী কাজ করতে হয়? — অভিতাভ হালদার, কৃষ্ণনগর, নদিয়া।*

■■ মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের মাধ্যমে দু'-এক বছর পরপর সাব-ওভারসীয়র পদে কিছু লোক নেওয়া হয়। করোনাকালে এই পদে নিয়োগ হয়নি। মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-১-২০২২'র হিসাবে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : পে ম্যাট্রিক' লেভেল-IV অনুযায়ী। শুরুতে মাইনে মাসে প্রায় ২৪ হাজার টাকার মতো। শূন্যপদ : ৭৫টি (জেনাঃ ৩৫, জেনাঃ প্রতিবন্ধী ২, জেনাঃ প্রাঃসঃকঃ ৩, জেনাঃ মেধাবী খেলোয়াড় ২, তঃজাঃ ১৭, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. - এ ক্যাটেগরি ৭, ও.বি.সি. - বি ক্যাটেগরি ৫)। এটি গ্রুপ-ডি পদের কাজ। কলকাতা পুর নিগমের অধীন বিভিন্ন এলাকায় রাস্তাঘাট পরিষ্কার করার জন্য যাঁরা কাজ করেন, তাঁদের সুপারভাইজ করে সাব-ওভারসীয়র পদের কর্মীরা। অর্থাৎ, রাস্তাঘাট, জলাশয়, ভ্যাট বা, অন্যান্য জায়গায় নোংরা বা, আবর্জনা সংক্রান্ত যেসব মজদুর কাজ করে তাঁদের দেখাশুনা করার জন্য সাব-ওভারসীয়র পদে লোক নেওয়া হয়। কোন কাজের জন্য কত জন মজদুর পাঠানো হবে, তারা ঠিকমতো কাজ করছে কিনা, পরের দিন আরো মজদুর লাগবে কিনা ইত্যাদি তদারকি করা কিংবা রাস্তার লাইট জ্বালানোর কাজে যাঁরা কাজ করে তাঁদের দেখাশুনা করা, রাস্তা, অফিস বা, দোকানের সামনে যত্রতত্র নোংরা ফেললে তাঁদের জরিমানা করার জন্য সাব-সুপারভাইজররা কাজ করেন।

## কোর্স ও ট্রেনিং

■ *সরকারি কলেজ থেকে বি.এসসি. নার্সিং কোর্স করে থাকলে সরকারি চাকরি পাওয়া যায় কি? — মনামী সাঁধুখা, বাগিপুর, হাবড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ সরকারি বা, বেসরকারি যে কোনো সংস্থা থেকে বি.এসসি. নার্সিংয়ের স্বীকৃত কোর্স পাশ হলেই সরকারি বা, বেসরকারি চাকরি পেতে পারেন। গভঃ কলেজ থেকে পাশ করলে সরকারি চাকরি আর বেসরকারি কলেজ থেকে পাশ করলে বেসরকারি চাকরি পাব এমন কোনো নিয়ম নেই।

## অন্যান্য চাকরির

■ *রবীন্দ্রভারতীবিশ্ববিদ্যালয়ের জুনিয়র অ্যাসিস্ট্যান্ট পদের যে পরীক্ষা হয়েছিল, তার ফল কি বেরিয়েছে? — তারিফুল ইসলাম, আসনপুর, মুর্শিদাবাদ।*

■■ না, ফল বেরোয়নি।

■ *উচ্চমাধ্যমিক পাশে রেলের কোন কোন পদে দরখাস্ত করা যাবে? এ.এন.এম. ও জি.এন.এম. কোর্সের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে কি? কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেলের জন্য ১-১-২০০৪'এর পর জন্ম হলে যোগ্য কি? — শিবানী ঘোষ, ডানকুনি, হুগলি।*

■■ ভারতীয় রেলের বিভিন্ন ডিভিশন ও জোনে কাজের জন্য নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরিতে উচ্চমাধ্যমিক যোগ্যতায় জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট, অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট, জুনিয়র টাইমকীপার, ট্রেন্স ক্লার্ক, কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক পদে দরখাস্ত করতে পারবেন। রেলের গ্রুপ-ডি পদেও দরখাস্ত করতে পারবেন। এ.এন.এম. ও জি.এন.এম. কোর্সে ভরতির বিজ্ঞপ্তি এখনো বেরোয়নি। শিগগিরই বেরোবে। ১-১-২০০৪-এর পর জন্ম হলে এবারের কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেলের পরীক্ষা দিতে পারবেন না। আগামী বছর যে বিজ্ঞপ্তি বেরোবে তাতে জন্ম-তারিখ হতে হবে ০১-০১-২০২৩'র হিসাবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে, অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-১-১৯৯৬ থেকে ১-১-২০০৫'এর মধ্যে।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| কোলফিল্ডে সার্ভেয়র | ডিপ্লোমা | ২৯৫ | ২৩-১-২৩ | www.mahanadicoal.in |
| বীরভূম জেলায় আশাকর্মী | মাধ্যমিক | ২৩২ | ২০-১-২৩ | www.birbhum.nic.in |
| রাজ্যে ভেটেরিনারি অফিসার | গ্র্যাজুয়েট | ১৫৮ | ২০-২-২৩ | www.pscwbapplication.in |
| এয়ারপোর্টস অথরিটিতে জুনিয়র এক্সিকিউটিভ | ডিগ্রি | ৩৫৬ | ২১-১-২৩ | www.aai.aero |
| ন্যাশনাল টেকনিক্যাল রিসার্চ অর্গানাইজেশনে অ্যাসিস্ট্যান্ট | ডিগ্রি | ১৮২ | ২১-১-২৩ | https://recruit-ndl.neilit.gov.in |
| বর্ডার রোডস অর্গানাইজেশনে ভেহিক্যাল মেকানিক, ড্রাইভার, মাল্টি স্কিল্ড কর্মী | মাধ্যমিক ও আই.টি.আই. | ১৮২ | ২০-২-২৩ | www.bro.nic.in |
| পি.এস.সি.-এর জুডিশিয়াল পরীক্ষার মাধ্যমে জজ | আইনের গ্র্যাজুয়েট | ২৯ | ৩১-১-২৩ | www.pscwbonline.gov.in |
| দক্ষিণ-পূর্ব রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও আই.টি.আই. | ১,৭৮৫ | ২-২-২৩ | https://iroams.com/RRCSER |
| সি.আর.পি.এফ.-এ টাইপিস্ট ও স্টেনোগ্রাফার | উচ্চমাধ্যমিক | ১,৪৫৮ | ২৫-১-২৩ | www.crpf.gov.in |
| কলকাতা পুর নিগমে সাব-ওভারসিয়ার | মাধ্যমিক | ৭৫ | ২৮-১-২৩ | www.mscwb.org |
| হাওড়া জেলা স্বাস্থ্য দফতরে নার্স, হেলথ অ্যাসিস্ট্যান্ট | নার্সিং যোগ্যতা | ১৩৯ | ২৫-১-২৩ | www.healthyhowrah.org |
| রাজ্য বিদ্যুৎ সংস্থায় অ্যাপ্রেন্টিস | গ্র্যাজুয়েট | ৮১ | ৩১-১-২৩ | www.mhrdnats.gov.in |
| সঞ্জয় গান্ধী ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সে নার্সিং অফিসার | নার্সিং গ্র্যাজুয়েট | ৯০৫ | ২৫-১-২৩ | www.sgpgims.org.in |
| উত্তর-পশ্চিম রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও আই.টি.আই. | ২,০২৯ | ১০-২-২৩ | www.rrcjaipur.in |
| ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমিতে ক্লার্ক, মাল্টি টাস্কিং স্টাফ | মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক | ২৫১ | ২০-২-২৩ | https://ndacivrect.gov.in |
| এন.এইচ.পি.সি. লিমিটেডে ট্রেনি ইঞ্জিনিয়ার, অফিসার | গ্র্যাজুয়েট | ৪০১ | ২৫-১-২৩ | www.nhpcindia.com |

## GENERAL KNOWLEDGE

**1.** Which of the following is the longest river in the world ?
(a) Amazon (b) Nile (c) Mississippi (d) Danube

**2.** Who among the following is associated with the Sarnath Inscription ?
(a) Ashoka (b) Harshavardhana (c) Chandra Gupta Maurya (d) Samudragupta

**3.** Who among the following was the first and last woman ruler of Delhi ?
(a) Razia Beghum (b) Chand Bibi (c) Mumtaz (d) Kamavati

**4.** Who among the following was the first Indian woman to scale the Mount Everest ?
(a) Bachendri Pal (b) Santosh Yadav (c) Dicky Dolma (d) None of these

**5.** Which of the following peaks is the highest peak of India ?
(a) K2 (b) Nanda Devi (c) Mount Everest (d) Kamet

**6.** The planets on either side of the earth are :
(a) Mars and Jupiter (b) Mercury and Venus (c) Venus and Saturn (d) Mars and Venus

**7.** Which one of the following is the largest lake in the world ?
(a) Lake superior (b) Caspian Sea (c) Lake Baikal (d) Lake Victoria

**8.** Detroit (USA) is famous for which of the following industries ?
(a) Iron and steel (b) Automobile (c) Petro chemical (d) Cotton textile

**9.** The largest postal network in the world is in :
(a) USA (b) China (c) India (d) Brazil

**10.** Which one of the following salts contributes maximum to the salinity of sea water ?
(a) Calcium sulphate (b) Magnesium sulphate (c) Magnesium carbonate (d) Sodium chloride

**11.** Which one of the following longitudes along with the Prime Meridian forms a great circle on the globe ?
(a) 0° (b) 90° E (c) 90° W (d) 180°

**12.** The substances present at the centre of the sun are in :
(a) Solid, liquid and gaseous states (b) Liquid state only (c) Gaseous state only (d) Both liquid and gaseous states

**13.** The 'Bermuda Triangle' lies in :
(a) Western North Atlantic ocean (b) Eastern South Atlantic ocean (c) North Pacific ocean (d) South Indian ocean

**14.** Which animal is the symbol of the World Wildlife Fund ?
(a) Tiger (b) Giant Panda (c) Hornbill (d) White Bear

**15.** Which article of the Constitution of India provides for subordinate courts or district courts ?
(a) Article 102 (b) Article 103 (c) Article 124 (d) Article 233

**16.** The resolution for removing the Vice-President of India can be moved in the :
(a) Lok Sabha alone (b) Either House of Parliament (c) Joint Sitting of Parliament (d) Rajya Sabha alone

**17.** Who was the founder of the city of Agra ?
(a) Mohammad Tughlaq (b) Alauddin Khalji (c) Sikandar Lodhi (d) Ibrahim Lodhi

**18.** Who is called the 'Nightingale of India' ?
(a) Vijay Lakshmi Pandit (b) Sarojini Naidu (c) Aruna Asaf Ali (d) Sucheta Kriplani

**19.** Chinese pilgrim who visited India during Harsha Vardhan's period was :
(a) Fa-hien (b) I'tsing (c) Nishka (d) Hiuen-T-Sang

**20.** Who is the last ruler of Lodi Dynasty ?
(a) Bahlol Lodi (b) Ibrahim Lodi (c) Daulat Khan Lodi (d) Sikandar Lodi

## ENGLISH

**Direction (Qs. 21 -27) :** *Part of the given sentences are highlighted. Improve the given parts, if necessary.*

**21.** Don't touch that door as it has just been painted.

# ৮ কেন্দ্রীয় বাহিনীর কনস্টেবল



কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র মন্ত্রকের অধীন বর্ডার সিকিউরিটি ফোর্স, সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স, ইন্দো তিব্বত সীমান্ত পুলিশ, সশস্ত্র সীমা বল ও সেক্রেটারিয়েট সিকিউরিটি ফোর্স (এস.এস.এফ.)'এ 'কনস্টেবল (জেনারেল ডিউটি)' পদে আর অসম রাইফেলসে 'রাইফেলম্যান (জেনারেল ডিউটি)' আর 'নারকোটিক্স কন্ট্রোল ব্যুরোতে (সেপাই)' পদে ৪৫২৮৪ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে 'কম্পিউটার বেসড পরীক্ষা (সি.বি.ই.)' ১০ জানুয়ারি থেকে শুরু হয়েছে। চলবে ১৪ ফেব্রুয়ারি পর্যন্ত। এই পরীক্ষায় ১৬০ নম্বরের ৮০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) পার্ট-এ : জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৪০ নম্বরের ২০টি প্রশ্ন, (২) পার্ট-বি : জেনারেল নলেজ অ্যান্ড জেনারেল অ্যাওয়ারনেস - ৪০ নম্বরের ২০টি প্রশ্ন, (৩) পার্ট-সি : এলিমেন্টারি ম্যাথমেটিক্স - ৪০ নম্বরের ২০টি প্রশ্ন, (৪) পার্ট-ডি : ইংরিজি / হিন্দি - ৪০ নম্বরের ২০টি প্রশ্ন। সময় থাকবে ১ ঘণ্টা। পরীক্ষায় প্রশ্ন হবে ইংরিজি, হিন্দিতে। প্রশ্ন হবে মাধ্যমিক মানের। এই পরীক্ষায় যেমন ধরনের প্রশ্ন এবার আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নোত্তর নিয়ে আলোচনা করছেন চাকরির পরীক্ষায় বিশেষজ্ঞ শুচিস্মিতা দে।

(a) had just been painted (b) is just painted (c) have been just painted (d) no improvement

**22.** One day you will repent over what you have done.
(a) of (b) for (c) about (d) no improvement

**23.** He confidently asked the crowd if they thought he was right and the crowd shouted that they did.
(a) that he did (b) that they had (c) that he is (d) no improvement

**24.** He hesitated to listen to what his brother was saying.
(a) hesitates to listen to (b) listened to hesitate (c) hesitates to listening (d) no improvement

**25.** This is one of the most important inventions of this century.
(a) invention of this century (b) invention of these centuries (c) inventions of centuries (d) no improvement

**26.** The moment they saw me, they were delight.
(a) was delight (b) were delighted (c) are delighted (d) no improvement

**27.** The orator had been left the auditorium before the audience stood up.
(a) has been left (b) was left (c) had left (d) no improvement

**Direction (Qs. 28 - 32) :** *Fill in the blanks.*

**28.** Though fond of many acquaintances, I desire ... ... only with a few.
(a) introduction (b) cordiality (c) intimacy (d) encounter e) exchange

**29.** The accused ... ... to the judge for mercy.
(a) appealed (b) requested (c) applied (d) demanded e) asked

**30.** You must do this work ... ... you like it or not.
(a) even if (b) if (c) whether (d) either e) ignoring

**31.** The terms given by you are not acceptable ... ... me.
(a) by (b) to (c) from (d) for e) with

**32.** You always reach on time. ... ... you ?
(a) Isn't (b) Aren't (c) Doesn't (d) Don't e) Didn't

৮ বাহিনীর কনস্টেবল পদের
বিগত ৫ বছরের
কয়েক হাজার প্রশ্নোত্তরের
বিশ্লেষণ সহ বেরলো
স্পেশাল সংখ্যা
সাফল্য
সাধারণ জ্ঞান
সাফল্য
Appointment & Career News
হেল্পলাইন : 9830624170

**Direction :** *Find the synonyms*

**33.** Abound :
(a) Lack (b) Scarce (c) Abstruse (d) Swarm e) Unlimited

**34.** Bankrupt :
(a) Prosperous (b) Insolvent (c) Well off (d) Blameless e) Injurious

**35.** Behaviour :
(a) Conduct (b) Department (c) Convey (d) Practice e) Misconduct

**Direction :** *Find the One word substitution*

**36.** One who collects postage stamps :
(a) Sinecure (b) Gourmet (c) Philanderer (d) Philatelist e) Maniac

**37.** Scientist who studies the composition of the earth :
(a) Geologist (b) Dermatologist (c) Zoologist (d) Philologist e) Entomologist

**38.** Something that must happen and cannot be avoided :
(a) Inexorable (b) Inscrutable (c) Inevitable (d) Inimitable e) Invariable

**39.** One who is citizen of the world is :
(a) Cannibal (b) Teetotaller (c) Cosmopolitan (d) Obsolete e) Auspicious

**40.** One who studies the origin and growth of languages :
(a) Philologist (b) Linguist (c) Bibliophile (d) Gourmet e) Archaeologist

## GENERAL INTELLIGENCE

**41.** While the group photo of a family was taken, the father was found to be sitting on the left of the son and right of the grandfather. Mother was sitting on the right of her daughter but left of the grandfather. Who is occupying the central place ?
(a) Son (b) Grandfather (c) Father (d) Mother

**42.** F is the brother of A. C is the daughter of A. K is the sister of F. G is the brother of C. Who is the uncle of G ?
(a) A (b) C (c) K (d) F

**43.** Which one of the given responses would be a meaningful order of the following ?
1) Adult 2) Child 3) Infant 4) Boy 5) Adolescent
(a) 1,3, 4, 5, 2 (b) 3, 2, 4, 5, 1 (c) 2, 3, 5, 4, 1 (d) 2, 3, 4, 1, 5

**44.** Which one of the given responses would be a meaningful order of the following words ?
1) Wall 2) Clay 3) House 4) Room 5) Bricks
(a) 5, 2, 1, 4, 3 (b) 2, 5, 4, 1, 3 (c) 2, 5, 1, 4, 3 (d) 1, 2, 3, 4, 5

**45.** Which one set of letters when sequentially placed at the gaps in the given letter series shall complete it?
a b _ a _ b a b _ a b _
(a) b a a b (b) a a b a (c) b b b b (d) a a a a

**46.** Which letter will be tenth to the left of the fifteenth letter from the left end of the following sequence ?
A B C D E F G H I J K L M N O P Q R S T U V W X Y Z
(a) E (b) F (c) G (d) H

**47.** How many sets of two letters have as many letters between them as they have in the alphabetical order in the word "PRUDENT" ?
(a) None (b) 1 (c) 2 (d) 3

**48.** Ship : Sea : : Camel : ?
(a) Land (b) Desert (c) Mountain (d) Forest

**49.** Arc : Circle : : Line : ?
(a) Point (b) Rectangle (c) Ellipse (d) Sphere

**50.** If 13479 is written as AQFJL and 5268 as DMPN - How is 396824 written ?
(a) QLPNKJ (b) QLPNMF (c) QLPMNF (d) QLPNDF

**51.** 15789 is coded as AXBTC, 2346 is MPDU - How is 23549 coded?
(a) MPXDT (b) MPADC (c) MPXCD (d) MPXDC

**52.** If 'nitco sco tingo' means 'softer than flower', 'tingo

rho msl' means 'sweet flower fragrance' and 'msl sco tmp' means 'sweet than smile'. What would 'fragrance' stand for ?
(a) rho (b) msl (c) tmp (d) sco

53. Ranju is at a fixed point, from where she goes 20 metres towards West. From there she goes 10 metres towards North. Then she goes 35 metres towards East and after this she goes 5 metres towards South and in the end she goes 15 metres towards West. How far is she from the fixed point ?
(a) 5 km (b) 0 km (c) 10 km (d) Cannot be determined e) None of these

54. A man walks 15 m towards South from a fixed point. From there he goes 12 m towards North and then 4 m towards West. How far and in what direction is he from the fixed point ?
(a) 3 m, South (b) 7 m, South-West (c) 5 m, South -West (d) 5m, South-East e) None of these

55. Salay walked 10 m towards West From his house. Then he walked 5 m turning to his left. After this he walked 10 m turning to his left and in the end he walked 10 m turning to his left. In what direction is he now from his starting point ?
(a) South (b) North (c) East (d) West e) None of these

56. Nikhilesh is taller than Arvind who is taller than Mahendra. Naresh is smaller than Suresh but taller than Nikhilesh. Who is the smallest ?
(a) Nikhilesh (b) Arvind (c) Mahendra (d) Data inadequate e) None of these

57. Ram is taller than Shyam. Rahim is taller than Ram. Karim is taller than Shokat but smaller than Shyam. Who is the tallest ?
(a) Rahim (b) Ram (c) Karim (d) Shyam e) Shokat

58. Five boys Mahendra, Anjani, Anil, Anand and Alok are sitting in a row. Neither Anil is neighbour of Anand nor of Anjani. Mahendra is not the neighbour of Anjani. Anil is the neighbour of Alok. If Alok is just in the middle, who is the neighbour of Mahendra ?
(a) Anand (b) Alok (c) Anil (d) Anjani e) Data inadequate

59. MN, NM, MNO, ONM, MNOP, ... ?
(a) NPOM (b) POMN (c) MOPN (d) PONM e) None of these

60. CVD, CTE, DQE, DMF, EHF, ... ?
(a) ECG (b) FCG (c) EBG (d) FBG e) None of these

স্টাফ সিলেকশন কমিশনের
কম্বাইন্ড
H.S. পরীক্ষার
মাধ্যমে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে ৪৫০০ ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। পরীক্ষা হবে ফেব্রুয়ারী / মার্চ মাস নাগাদ।
সিলেবাস ভিত্তিক গত কয়েক বছরে এই পরীক্ষায় আসা প্রশ্নোত্তরের বিশ্লেষণ সহ নতুন কয়েকশো প্রশ্নোত্তর নিয়ে বেরোলো
স্পেশাল সংখ্যা
Appointment & Career News
সাফল্য সাধারণ জ্ঞান
সাফল্য
হেল্পলাইন : 9830624170

# ৮ কেন্দ্রীয় বাহিনীর কনস্টেবল

## MATHEMATICS

61. If A : B = 3 : 4, B : C = 5 : 6 and C : D = 2 : 3, then A : D equals :
(a) 2 : 3 (b) 5 : 9 (c) 5 : 12 (d) 7 : 12

62. Gold is 19 times as heavy as water and copper is 9 times as heavy as water. In what ratio these be mixed to get an alloy 15 times as heavy as water ?
(a) 1 : 1 (b) 2 : 3 (c) 1 : 2 (d) 3 : 2

63. 15 men can reap a field in 28 days, in how many days will 10 men reap it?
(a) 30 days (b) 38 days (c) 40 days (d) 42 days

64. Two taps can fill a tank in 12 hours and 18 hours respectively and a third one can empty it in 36 hours. If they are all opened together, when will the tank be full ?
(a) Nine hours (b) Eight hours and 30 minutes (c) Eight hours (d) Seven hours and 30 minutes

65. Two trains are moving in opposite directions at the speeds of 50 and 70 km per hour. Their length are 150 m and 100 m. The time required for their crossing each other is :
(a) 3 seconds (b) 41/2 seconds (c) 5 seconds (d) 71/2 seconds

66. Which of the following fractions is the largest ?
(a) $\frac{3}{7}$ (b) $\frac{4}{7}$ (c) $\frac{3}{5}$ (d) $\frac{5}{11}$

67. Simplify : 4 – [5+1–(4-3) ].
(a) 1 (b) –1 (c) ±1 (d) +1

68. Find the value of :
$$\frac{0.0347 \times 0.0347 \times 0.0347 + (0.9653)^3}{(0.0347)^2 - (0.0347 \times 0.9653) + (0.9653)^2}$$
(a) 0 (b) 10 (c) 1 (d) 80

69. The sum of ages of Sudha and her mother is 63 years. Four years back her mother's age was 4 times that of Sudha's age at that time. What is the present age in years of Sudha's mother ?
(a) 44 (b) 58 (c) 48 (d) 52

70. Add the number from 1 to 15 :
(a) 120 (b) 161 (c) 112 (d) 130

71. Krishna is five time older to his son. After 4 years, the sum of their ages would be 44 years. Then the son's age at present is :
(a) 4 years (b) 6 years (c) 8 years (d) 5 years

72. A mixture is composed of 4 parts of brandy and 1 part of water; 1 kg of water is added and the resulting mixture contains 3 times as much brandy as water. Find the quantity of brandy in the original mixture.
(a) 10 kg (b) 9 kg (c) 12 kg (d) 8 kg

73. The volume of a cone is equal to that of a cylinder whose height is 9 cm and diameter 60 cm. Find the radius of the base of cone if its height is 108 cm ?
(a) 12 cm (b) 18 cm
(c) 10 cm (d) 15 cm

74. Sanjay, Vijay and Ajay invested Rs. 400, Rs, 700 and Rs. 300 respectively in a business. If Sanjay got Rs. 80 as his share of profit. What did Vijay get ?
(a) Rs. 70 (b) Rs. 60 (c) Rs. 150 (d) Rs. 140

75. If Rs. 12,540 is divided among three persons A, B and C so that A gets $\frac{7}{8}$ of what B and C together receive: and B gets $\frac{2}{9}$ of what A and C together receive; Find the share of A.
(a) Rs. 2280 (b) Rs. 5852
(c) Rs. 6042 (d) Rs. 6498

76. Mahavir can do a work in 5 days and Ramdas can do the same work in 3 days. How long will they take to complete the work if they both work together ?
(a) $1\frac{7}{8}$ days (b) 8 days (c) 4 days (d) 2 days

77. A, B and C are three taps in a tank. Taps A and B can fill the tank 20 and 40 minutes respectively independently. Tap C can empty the tank in 1 hour. If all the three taps are opened together, how long will they take to fill the tank ?
(a) 12 minutes (b) 25 minutes (c) $17\frac{1}{7}$ minutes (d) $23\frac{2}{7}$ minutes

78. The average of 5 students is taken today, it is 14 years. How much it will be if taken after 5 years ?
(a) 17 years (b) 19 years (c) 20 years (d) 25 years

79. The ratio of milk and water in 55 kgs of adulterated milk is 7 : 4. How much water should be added to the mixture to make the ratio 7 : 6 ?
(a) 8 kg (b) 11 kg (c) 9 kg (d) 10 kg

80. At what time between 4 O' clock and 5 O' clock will the hands of a clock be together ?
(a) 4.22 (b) 4.36 (c) 4. 10 (d) 4.40

## উত্তর

### GENERAL KNOWLEDGE

1(B). 2(A). 3(A). 4(A). 5(A). 6(D). 7(B). 8(B). 9(C). 10(D). 11(D). 12(C). 13(A). 14(B). 15(D). 16(D). 17(C). 18(B). 19(D). 20(B).

### ENGLISH

21(D). 22(D). 23(D). 24(D). 25(D). 26(B). 27(C). 28(C). 29(A). 30(C). 31(B). 32(D). 33(D). 34(B). 35(A). 36(D). 37(A). 38(C). 39(C). 40(B).

### GENERAL INTELLIGENCE

41(B). তাদের বসার arrangement টি নিচে দেখানো হল :

| Daughter | Mother | Grand Father | Father | Son |

42(D). 43(B). 44(C). 45(C). 46(A). 47(C). 48(B). 49(B). 50(B). 51(D). 52(A).

53(A).




54(C).




$x^2 = 4^2 + 3^2$ তাহলে $x = \sqrt{16+9} = \sqrt{25} = 5$ m.

55(B).




56(C). 57(A). 58(C). 59(D). 60(C).

### MATHEMATICS

61(C). 62(D). শর্টকাট ফর্মুলা :




তাহলে 6 : 4 = 3 : 2

63(D). 64(A). 65(D). 66(C). 67(B). 68(C). 69(D). 70(A).

71(B). 72(C). Rule of Allogation ব্যবহার করে পাই,




= 60 : 4 = 15 : 1

তাহলে প্রথম মিশ্রণের পরিমাণ = 15 kg.

তাহলে প্রথম মিশ্রণে Brandy-এর পরিমাণে $15 \times \frac{4}{5} = 12$ Kg.

73(D). $\frac{1}{3}\pi r^2 \times 108 = \pi \times (30)^2 \times 9$ তাহলে r = 15cm.

74(D). Sanjay : Vijay : Ajay = 4 : 7 : 3

Vijay = $\frac{80}{4} \times 7 = 140$ টাকা।

75(B). A = $12540 \times \frac{7}{(7+8)} = 5852$ টাকা।

76(A). দিন সংখ্যা = $\frac{5 \times 3}{5+3} = 1\frac{7}{8}$ দিন।

77(C). 1 মিনিটে পূর্ণ হয় = $\frac{1}{20} + \frac{1}{40} - \frac{1}{60} = \frac{7}{120}$ অংশ

তাহলে সম্পূর্ণ অংশ ভরতি হবে $\frac{120}{7} = 17\frac{1}{7}$ মিনিটে।

78(B). 5 বছর পরের average = 14+5 = 19 বছর।

79(D). বর্তমানে milk = $55 \times \frac{7}{(7+4)} = 35$ kg.

Water = 55 – 35 = 20 kg.

মনে করি, x kg জল মেশানো হল,

তাহলে $\frac{35}{(20+x)} = \frac{7}{6}$ বা, x = 10 kg.

80(A). ঘড়ির দু'টি কাঁটা সমাপতিত হবে 4টা বেজে $\left(5 \times 4 \times \frac{12}{11}\right)$ মিনিটে = 21.88 মিনিটে। অর্থাৎ 4.22 মিনিটে।

চাকরির পরীক্ষার গাইড

# জেনারেল ইন্টেলিজেন্স

1. W C Y B A Z B X E G F D?
(A) DGFE (B) EFGD (C) CHFE (D) GFDF
2. If 6+5=3, 8+5=4, 12+5=6 then 16+5=?
(A) 7 (B) 9 (C) 8 (D) 10
3. Insert the missing letter which would complete the series : D K G N ? Q M T
(A) O (B) J (C) P (D) I
4. Which of the following is not an animal?
(A) LATHPEEN (B) TICRECK (C) HLAWE (D) FEFEOC
5. A magicina called the following to stage —Benna, Dilip, Farookh and Harish. Who will be next?
(A) Pradeep (B) Maneesh (C) Jameel (D) Meena

**Direction :** *Find out what should come in place of the question mark in the following questions.*

6. Alight : Board :: Arrive : ?
(A) Come (B) Depart (C) Begin (D) Flight
7. Anterior : Front : : ? : Rear
(A) Exterior (B) Interior (C) Apsidal (D) Posterior
8. Cadaver : Carcass : : Puppy : ?
(A) Kitten (B) Pride (C) Crowd (D) Garder
9. If in a certain code language 'ROSE' is coded as '6821' and 'CHAIR' is coded as '73456', then what is the coded language of 'RICH'?
(A) 3756 (B) 6753 (C) 6573 (D) 5628
10. If in a certain code language 'A' is the code of 'Move', 'B' is the code of 'Run', 'C' is the code of 'Stop' and 'D' is the code of 'Sit', then how many times a man will stop in this series?
C A B B C A C C D A A B D A C C D D
(A) 6 (B) 3 (C) 5 (D) 4
11. In a certain code language 'Rill Ba' means 'Yellow Pen' 'Pic Ba Sa' means 'Flower and Pen', 'Ui Tam Rill' means 'Lovely flower', which of the following word stands for Mango?
(A) Ui (B) Rill (C) Tam (D) Ba

**Direction (Qs. 12-15) :** *Study the data below and answer the questions.*

There is a group of five presons — A, B, C, D and E. In the group there is a professor of Philosophy, a professor of Psychology and a professor of Economics. A and D are ladies who have no specialisation in any subject and are unmarried. No lady is a philosopher or Economist. There is a married couple in the group of which E is the husband. B is the brother of C and is neither a Psychologist nor an Economist.

12. Who is the professor of Philosophy?
(A) E (B) D (C) A (D) B
13. Who is the wife of E ?
(A) B (B) D (C) A (D) C
14. Which of the following groups includes all men?
(A) ABC (B) BCD (C) BC (D) BE
15. Who is the professor of Economics?
(A) E (B) D (C) B (D) A
16. If DANCE is coded as 52861, what would '73285 stand for ?
(A) SHIFT (B) STAND (C) REFER (D) REALM
17. Complete the series —
A3, C6, F10, J15 ?
(A) N18 (B) O21 (C) P24 (D) Q30
18. What direction will the minute hand of a which at 4 o'clock indicate?
(A) East (B) West (C) South (D) North
19. If 27th of a month is three days before Saturday, then what will be the day on the 4th of the same month?
(A) Sunday (B) Monday (C) Tuesday (D) Wednesday
20. A race must have —
(A) Referee (B) Spectators (C) Rivals (D) prize
21. If one couple has seven daughters and each daughter has a brother, how many members are there in the family?
(A) 15 (B) 16 (C) 10 (D) 9
22. Which pair is different from the others?
(A) Accept and Reject (B) Short and Long (C) Correct and wrong (D) Happy and please.
23. Find the odd one out.
(A) LITTLE + SEA = SATELLITE (B) TREK + CO = ROCKET (C) TAMPER + HOUSE = ATMOSPHERE (D) COLOUR + FUL = COLOURFUL.
24. In a certain year, Mahatma Gandhi's birthday fell on wednesday. On which day his anniversary would fall on the next year?
(A) Sunday (B) Saturday (C) Monday (D) Thursday
25. A firm placed an order for some tables and tripods (three-legged small tables). The carpenter made 32 tops and 111 legs. How many table were ordered?
(A) 17 (B) 14 (C) 15 (D) 10
26. In a certain national code language COURT is written as '★●F@$'. How TOUR can be written in that national code language ?
(A) $★●F (B) $@●F (C) $●F@ (D) $F●@
27. Which one of the following alternatives shows same relationship as shown by leg : Walking ?
(A) Picking : Finger (B) Ice : Water (C) Flying : Wings (D) Knife : Cutting
28. Four of the following five are alike in a certain way and so form a group. Which is the one that does not belong to that group?
(A) BY (B) JP (C) DW (D) HS
29. In The word CONDITION, two letters have as many letters them as they have in the English Alphabet. In those two letters, which letter comes first in the alphabetical order ?
(A) D (B) I (C) N (D) C
30. In a certain code SUGAR is coded as USGRA and PROJECTOR as RPJOETCRO, then in the same code how DICTATORS can be coded as ?
(A) ICDATORTS (B) IDACTORTS (C) IDTCAOTSR (D) CDTIOATSR

**Directions (Q.31&32) :** *Following questions are based on given codes.* In a certain code language '359' means 'I drank milk', '567' means 'Milk is good' and '126' means 'Good last tall'.

31. Which number stands for the word 'last' ?
(A) 5 (B) 3 (C) 6 (D) can not be determined
32. Which number stands for the word 'is' ?
(A) 5 (B) 6 (C) 7 (D) data inadequate
33. Which letter will appear at the question mark space ?
B C E H L ?
(A) P (B) O (C) R (D) Q
34. Which letter is eighth to the left of the fifth letter to the right of P ?
A B C D E F G H I J K L M
N O P Q R S T U V W X Y Z
(A) S (B) N (C) M (D) L
35. In a certain code 'P+K' means, P is brother of K, 'P–K' mean, P is mother of K, 'P × K' means P is father of K. Which of the following means A is nephew of C in that code ?
(A) C×B+A (B) A+B×C (C) A×C+B (D) C+B×A
36. Which one of the following will come in place of the question mark in the following series ?
JE LH OL SQ ?
(A) VW (B) VX (C) WX (D) None of these
37. How many Ms are there in a following letter sequence which are immediately followed by N, but immediately preceded by P ?
NMNPPMPNMNMMPPMNP
(A) 2 (B) 4 (C) 5 (D) 3
38. Six animals are placed in a circle facing the centre of the circle. Horse is between Cow and Camel. Dog, who is to the immediate right of Cat is not adjacent to Cow. Who is to the immediate right of Cow ?
(A) Jackle (B) Horse (C) Cat (D) Data inadequate
39. P told Q, 'lit is true that I am your real brother, but you are not my brother'. How would Q be possibly related to P ?
(A) Cousin (B) Nephew (C) Sister (D) Step-brother
40. 'Receptionist' is related to 'office' in the same way as 'Hostess' is related to :
(A) Crew (B) House (C) Air port (D) Air craft

## সেকেন্ডে উত্তরের কৌশল

**1(C).** অক্ষরগুলির কোড শেষ থেকে শুরু করা হয়েছে। **2(C).** 6÷2 = 3; 8÷2 = 4; 12÷2 = 6. তাহলে উত্তর হবে 16÷2 = 8. +5গুলি অর্থহীন। **3(B).** এটি একটি mixed letter series. একটি series D, G, ?, M ও অন্য seriesটি K, N, Q, T, D-র দুটি অক্ষর পরে G, G-র দুটি অক্ষর পরে J,-J-র দুটি অক্ষর পরে T. **4(D).** অক্ষরগুলি সাজানো হবে ELEPHANT, CRICKET, WHALE ও coffee. **5(C).** Beena-র B, একটি অক্ষর পরে Dilip-এর d, D-র একটি অক্ষর পরে Farookh-এর F, F-এর একটি অক্ষর পরে Harish-এর H. তাই পরের জন হবে H-এর একটি অক্ষর পরে J দিয়ে নাম শুরু। **6(B).** বিপরীত অর্থবোধক শব্দ। **7(D).** সমার্থক শব্দের সম্পর্ক। **8(A).** Cadaver — মৃতদেহ, Carcass — পশুর মৃতদেহ, সমার্থক শব্দ। **9(C). 10(D).** এখানে stop-এর 'code' 'C'. কিন্তু পরপর দু'বার 'C' থাকার অর্থ দু'বার থামা নয়। একবারই থামা। তাই মূলত 4 বার থামছে। **11(C).** এখানে বাক্যগুলি দেখে প্রথমে কোন কোন শব্দ common ও কোন কোন code, common তা বের করতে পারলেই কোন শব্দের কোন code তা বুঝতে পারবেন। তাই code হবে Rill = Yellow, Ba = Pen, Sa = Flower, UI = Lovely, Tam = Mango.

**12 – 15** নং প্রশ্নের উত্তর করতে নিচের ছকটি দেখুন:

| Name | sex | Marital Status | Subjects |
|---|---|---|---|
| A | F | Not married | × |
| B | M | Not mentioned | Philosophy |
| C | F | Married to E | Psycology |
| D | F | Not Married | × |
| E | M | Married to C | Economics |

**12(D).** B, **13(D).** C, **14(D).** BE, **15(A).** E, **16(B).** Dance শব্দটির কোড 52861. D=5, A=2, N=8, C=6, E=1. 73285 কোডটিতে Dance -এর কোডের সঠিক দুটি সংখ্যা আছে 2 ও 8. 2 = A ও 8 = N. তাই সঠিক উত্তরে AN থাকবে। সেটি কেবল মাত্র B -তে আছে। **17(B).** O21, **18(D).** North, **19(B).** 27 তারিখ শনিবারের 3 দিন আগের দিন। ওই মাসের 4 তারিখ 27 তারিখের 23 দিন আগে ছিল। 23 -কে 7 দিয়ে ভাগ করলে অবশিষ্ট থাকে 2। তাই দিনটি শনিবারের 3+2 = 5 দিন আগের দিনটি সোমবার ছিল। **20(C).** Rivals, **21(B).** 16, **22(D).** Happy and please. **23(D).** COLOUR ও FUL এর সংযুক্তি অক্ষর দিয়ে COLOURFUL হয়েছে। **24(D).** মহাত্মা গান্ধীর জন্মদিন 2 অক্টোবর ও মৃত্যুদিন 30 জানুয়ারি। তাহলে 2 অক্টোবর থেকে 30 জানুয়ারি পর্যন্ত মোট দিন সংখ্যা হয় : (31–2) = 29+30+31+30 বা, 120 দিন। এই 120 কে 7 দিয়ে ভাগ করলে ভাগফল হয় 17 ও ভাগশেষ থাকে 1। তাহলে 30 জানুয়ারি হবে বুধবার + 1 দিন বা, বৃহস্পতিবার। **25(C).** এখানে উত্তরগুলি থেকে সঠিক উত্তর বের করতে হবে। টেবিলের সংখ্যা 17টি হলে তেপায়া টেবিলের সংখ্যা হবে (32–17) 15টি ও দুই টেবিলের পায়ার সংখ্যা হবে 17 × 4 + 15 × 3 = 68 + 45 = 113টি। কিন্তু প্রশ্নে আছে পায়ার সংখ্যা 111টি। তাই এটি ভুল। ঠিক একইভাবে দ্বিতীয় উত্তর সঠিক হলে পায়ার সংখ্যা হবে : 14 × 4 + 18 × 3 = 56 + 54 = 110টি। প্রশ্নে আছে 111টি। তাই ভুল। তৃতীয় উত্তর অনুযায়ী পায়ার সংখ্যা হবে 15 × 4 + 17 × 3 = 60 + 51 = 111টি। এটি সঠিক উত্তর।

**26(C).** C = ★ O = ●, U = F, R = @, T = $ এবার এই code ধরে TOUR হবে '$●F@. **27(D).** leg (পা)–এর সঙ্গে যেমন Walking (হাঁটা)–র সম্পর্ক অর্থাৎ, পা লাগে হাঁটতে, তেমন 'কাটা' টি পরে ও বস্তুটি আগে আছে কোন উত্তরে দেখুন।

**28(B).** A B C D E F G H I J K L M
Z Y X W V U T S R Q P O N

ওপরের ওই বিন্যাস থেকে বুঝতে পারছেন B-র নিচের Y নিয়ে প্রথমে উত্তর BY, D-র নিচের W নিয়ে তৃতীয় উত্তর DW, H -এর নিচের S নিয়ে চতুর্থ উত্তর হয়েছে। কিন্তু JP উত্তরে ওই নিয়ম মানা হয়নি। তাই এটি আলাদা। **29(D).** বর্ণমালার C D E F G H I-র C -এ 5 ঘর পরে আছে। CONDITION–এ দ্বিতীয় 'I' আছে C থেকে 5 ঘর পরে। তাই CI বর্ণদ্বয়ের মধ্যে প্রথম অক্ষর হল C. **30(C).** এখানে SUGAR শব্দে প্রথম দুটি ও শেষ দুটি অক্ষর নিজেদের মধ্যে স্থান বদলে ও মাঝের 'G' অক্ষর অবিচল থেকে code হয়েছে USGRA. আবার PROJECTOR-এর প্রথম দুই জোড় অক্ষর ও শেষ দুটি জোড় অক্ষর নিজেদের জোড়ের মধ্যেই স্থান বদলে ও মাঝের E অক্ষর অবিচল থেকে code হয়েছে RPJOETCRO. ঠিক এইভাবেই DICTATORS–এর A অবিচল থেকে Code হবে IDTCAOTSR. **31(D).** 'last' শব্দটি আছে একমাত্র শেষ বাক্যে Good last tall ও তার Code 126. প্রথম ও দ্বিতীয় বাক্যের মধ্যে মিল আছে একমাত্র Good শব্দটি ও '6' code. কিন্তু code 1, 2 ও last, tall শব্দ দুটির মধ্যে last শব্দের code 1 বা 2 হতেপারে। নির্দিষ্টভাবে বের করা সম্ভব নয়। **32(C).** 567 code থেকে Milk-এর code প্রথম বাক্য থেকে বোঝা যাচ্ছে '5' কারণ প্রথম দুই বাক্যেই Milk শব্দ ও code 5 আছে। আর good-এর code দ্বিতীয় ও তৃতীয় বাক্যে থাকায় বোঝা যাচ্ছে '6' হবে। তাহলে '7' code হল 'is' শব্দের। **33(D).** B-র পরের letter 'C', তার 1 ঘর (D) পরের letter 'E' তার 2 ঘর (F,G) পরের letter 'H', তার 3 ঘর (I, J, K) পরের letter 'L', তাহলে এর 4 ঘর (M, N, O, P) পরের letter 'Q' বসবে। **34(C).** P-র ডান দিকের পঞ্চম অক্ষর হল T, আবার 'T' থেকে বাম দিকে অষ্টম অক্ষর হল 'M'. **35(D).** C×B+A = C, B-র বাবা ও B হল A-র ভাই অর্থাৎ, C হল A-র বাবা বা কাকা। A+B×C = A হল B-র ভাই ও B হল C-র বাবা অর্থাৎ, A হল C-র কাকা। C+B×A=C হল B-র ভাই ও B হল A-র বাবা অর্থাৎ, A হল C-র ভাইপো। **36(D).** প্রথম letter, J, L, O, S বসেছে 1 ঘর, 2 ঘর ও 3 ঘর পরের letter বসে। তাহলে এবার S থেকে 4 ঘর পরের letter বসে হবে 'X'. আবার দ্বিতীয় letter E, H, L, Q বসেছে 2 ঘর, 3 ঘর ও 4 ঘর পরের letter বসে। তাহলে এবার Q থেকে 5 ঘর পরের letter বসে হবে W, তাহলে প্রশ্নবোধক চিহ্ন স্থলে বসবে XW. **37(D).** এখানে প্রথম NMN তার 4 ঘর পরে NMN, NMM–এ 'M'এর আগে 'N' আছে, কিন্তু পরে 'P' নেই। **38(D).** এখানে Horse, cow, camel, dog ও cat এই 5টি প্রাণীর অবস্থান আছে। কিন্তু ষষ্ঠ প্রাণীটি কে বা কোথায় আছে তা নেই। **39(C).** P, Q-এর আপন ভাই। কিন্তু Q, P-র ভাই নয়। তাহলে Q হল বোন। **40(D).** 'রিসেপশনিস্ট' থাকেন মূলত অফিসে। ঠিক তেমনই 'হোস্টেস' থাকেন একমাত্র বিমানে।




বেলঘরিয়া (হেড অফিস) 84799 02085 / 84799 18051 । শিয়ালদহ (সিটি অফিস) 84799 17959 / 84799 18013 । বেহালা 84799 17961 । সোনারপুর 84799 17962
হাওড়া ময়দান 84799 17956 । বারাসাত 84799 00574 । শিলিগুড়ি 84799 17965 । কোচবিহার 84799 00576 । দুর্গাপুর 84799 00578 । আসানসোল 84799 00577
বর্ধমান 84799 00575 । বহরমপুর 84799 17952 । মালদহ 84799 17953 । মেদিনীপুর 84799 17954 । খড়গপুর 84799 17955 । তমলুক 84799 17957




Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. Phone No. : (033) 2460 6211/12, Fax No. : (033) 2460-8233. E-Mail : karmsang@gmail.com